The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 881 | 01 August 2025 | শুক্রবার ১৭ শ্রাবণ ১৪৩২



Tarique warns govt against missteps democratic backslide

→ Page 19

Jeffries will meet with Texas Democrats amid congressional map battle

→ Page 18





Shakib Khan's upcoming film not inspired by famous mobster

→ Page 19

Bangladeshi Late Police Officer Dider is Hero

→ Page 18



# সামরিক বিমানে ৩৯ বাংলাদেশি ডিপোর্ট

হাসান মাহমুদ

যুক্তরাষ্ট্র থেকে ৩৯ প্রবাসি বাংলাদেশিকে (কাগজপত্রহীন/অবৈধ) ডিপোর্ট করা হলো। নিউইয়র্ক, নিউজার্সি, বোস্টন সহ বাংলাদেশিরা বসবাস করেন এমন কয়েকটি স্টেট থেকে তাদেরকে গ্রেফতার করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কর্তৃপক্ষ। ইউএস এয়ারফোর্সের 'গ্রোব মাস্টার' হিসেবে পরিচিত সামরিক বিমান সি-১৭ যোগে প্রথমে ৬১ জন বাংলাদেশিকে ডিপোর্ট করার একটি তালিকা ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসকে জানানো হয়। তবে চূড়ান্তভাবে ডিপোর্টের সময় ৩৯ জন নিয়ে ফ্লাইটটি বৃহস্পতিবার ৩১ জুলাই সকালে যুক্তরাষ্ট্রের একটি সামরিক বেইস

এরপর ৩৯ পৃষ্ঠায়

## দিদারুল ইসলামকে অশ্রুসিক্ত বিদায়





আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশি পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলাম (৩৬) দায়িত্ব পালনকালে বেপরোয়া এক সন্ত্রাসি শ্যান তামুরার (২৭) গুলিতে গত সোমবার নির্মমভাবে নিহত হন। এই নির্মমতার পর নিউইয়র্ক পুলিশ এনওয়াইপিডিতে শোকে মুহ্যমান হয়ে যান হাজার হাজার পুলিশ কর্মকর্তা। সহকর্মীকে হারিয়ে তাদের কান্নায় চারপাশে শোকার্ত মানুষও চোখের পানি ধরে রাখতে পারেনি। এমন নির্মমতায় সোমবার থেকে শোকে কাতর ছিল হাজার হাজার মানুষ। পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলাম এই শহরের মানুষের নিরাপত্তা সুরক্ষা দিতে বীরের বেশে জীবন উৎসর্গ করেছেন। গতকাল বৃহস্পতিবার হাজার হাজার মানুষের শ্রদ্ধা, ভালবাসা আর অশ্রুসিক্ত শেষ বিদায়ের মধ্য দিয়ে দিদারুল ইসলামের নামাজে জানাজা বোঙ্কসে অনুষ্ঠিত হয়েছে।

এরপর ১৬ পৃষ্ঠায়



## সোসাইটির দোয়া মাহফিল



আজকাল রিপোর্ট

বাংলাদেশে মাইলস্টোন ট্র্যাজেডি ও নিউইয়র্কে পুলিশ অফিসার দিদরুল ইসলামের মৃত্যুতে বাংলাদেশ সোসাইটির উদ্যোগে মিলাদ ও দোয়া মাহফিল গত বুধবার জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়েছে।

এরপর ৩৬ পৃষ্ঠায়



## বৃষ্টিতে কুইন্স হাইওয়ে পানির নিচে

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বৃহস্পতিবার ৩১ জুলাই মুষলধারায় বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। শত শত

এরপর ৩৯ পৃষ্ঠায়

## লায়ন্স ক্লাবের কর্মকর্তাদের শপথ অনুষ্ঠিত

### অভিষেক ১৯ আগষ্ট



আজকাল রিপোর্ট

নিউইয়র্ক বাংলাদেশ আমেরিকান লায়ন্স ক্লাবের নতুন কার্যনির্বাহী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে ২৯ জুলাই মঙ্গলবার সন্ধ্যা সাতটায় উড সাইডের গুলশান টেরেসেতে। সভার শুরুতে- সম্প্রতি বাংলাদেশে মাইলস্টোন দুর্ঘটনায় হতাহত এবং এনওয়াইপিডি পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের মৃত্যুতে শোক প্রকাশ করে মোনাজাত করা হয়। নির্বাচনের মাধ্যমে নতুন কার্যনির্বাহী পরিষদেও শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার এটর্নী মঈন চৌধুরী । এ সময় নির্বাচন কমিশনার আব্দুর রহিম হাওলাদার, রানো নেওয়াজ ও রেজা রশীদও উপস্থিত ছিলেন। শপথের পর নতুন সভাপতি জে.এফ. এম.

এরপর ১৬ পৃষ্ঠায়

ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN
আমরা বাংলায় কথা বলি
CALL NOW (929) 810-2009
(470) 800-9213
MONIR MEHRAN, JD.
ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
$8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1212066

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER · ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 01 August 2025, Issue 881, www.ajkalnewyork.com



# ঘাতকের তথ্য জানতে লাস ভেগাসে নিউইয়র্ক পুলিশ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ম্যানহাটনে বাংলাদেশি মেধাবী তরুণ পুলিশ কর্মকর্তাসহ ৪ জনকে হত্যাকারী ঘাতক তার হামলায় ব্যবহার করা রাইফেলটি কিনেছিল লাস ভেগাস ক্যাসিনোতে কর্মরত তারই সুপারভাইজারের কাছ থেকে। গাড়ীতে করে অস্ত্রসহ সারাদেশ সে ঘুরে বেড়িয়েছে। কোথাও তাকে থামতে হয়নি। এমনকি নিউইয়র্কের ম্যানহাটনে বিশাল অস্ত্রটি নিয়ে হেঁটে ২ ব্লক পার হলে পুলিশ, কোন ডিটেকটিভ বা সাধারণ মানুষ কেউ তাকে কোন কিছু জিজ্ঞাসা করেনি বা পুলিশকে কেউ ফোনও করেনি। বীরদর্পে সে বহুতল ভবনে ঢুকে গুলি চালিয়ে হত্যা করেছে নিরপরাধ মানুষদের। বাংলাদেশি আমেরিকান পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলাম (৩৬) নিহত হবার পর নিউইয়র্ক থেকে একটি ডিটেকটিভ টিম এখন লাস ভেগাসে তদন্ত করছে বলে জানা গেছে।


অস্ত্র হাতে ঘাতকের ছবি

ঘাতক ২৭ বছর বয়সী শেন তামুরা গত সোমবার জাতীয় ফুটবল লিগের সদর দফতরের বিল্ডিংয়ের লবিতে ৪ জনকে মারাত্মকভাবে গুলি করে ৩৩ তম তলায় একটি লিফট নিয়ে চলে যাওয়ার আগে এবং নিজের জীবন শেষ করার আগে আবার গুলি চালায় বলে পুলিশ জানিয়েছে। তাঁর কাছে পাওয়া একটি নোটে সে দাবি করে, তার শরীরে ক্রনিক ট্রমাটিক এনসেফালোপ্যাথি রয়েছে এবং এনএফএলকে হচ্ছে খেলাধুলার সাথে মারাত্মক ব্রেন ইনজুরি লিংক।

নিউইয়র্ক পুলিশ বিভাগ বুধবার জানিয়েছে, হর্সও লাস ভেগাসের তামুরার সুপারভাইজারের কাছ থেকে ১৪০০ ডলারে এআর-১৫-স্টাইল রাইফেলটি সে কিনে নেয়। মঙ্গলবার, পুলিশ ভুল করে বলেছিল যে সুপারভাইজার হামলায় ব্যবহৃত রাইফেলের কেবলমাত্র কিছু অংশ সরবরাহ এরপর ৪০ পৃষ্ঠায়



## বায়ু দূষণের কারণে স্বাস্থ্য ঝুঁকি বাড়ার আশঙ্কা

# নিউইয়র্কে দাবানলের ধোঁয়ায় সতর্কতা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বিশাল এলাকাজুড়ে বাতাসের কোয়ালিটি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সতর্কতা জারি করেছেন। কানাডার দাবানলের ধোঁয়ার কারণে এই সপ্তাহান্তে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ বায়ুর গুণগত মান নিয়ে সতর্কতা জারি করে। বাতাসের গুণগত মানের স্বাস্থ্য পরামর্শে নিউ ইয়র্কের বিশাল এলাকাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। তার মধ্যে লং আইল্যান্ডসহ লোয়ার হাডসন ভ্যালি, আপার এরপর ৪৪ পৃষ্ঠায়

## রংপুরে সংখ্যালঘুর বাড়িতে হামলায় বিক্ষোভ নিউইয়র্কে

আজকাল রিপোর্ট

রংপুরের গঙ্গাচড়ায় সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘরে সম্প্রতি হামলা ও লুটপাটের ঘটনায় নিউইয়র্কে বিক্ষোভ সমাবেশ করেছে দুটি সংগঠন। নিউ-ইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজার সামনে গত ২৯ জুলাই এই সমাবেশে অংশ নেয় একাত্তরের প্রহরী ও সনাতনী গীতা সোসাইটি ইউএসএ।

একাত্তরের প্রহরীর সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়ার সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি মিনহাজ আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক গোপাল সান্যাল, সাংগঠনিক সম্পাদক গোপন সাহা, কোষাধ্যক্ষ সুতপা মণ্ডল, সাংস্কৃতিক সম্পাদক শারমিন নাহার নিরু, প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যম বিষয়ক সম্পাদক জয়তুন্য চৌধুরী, নবেন্দু দত্ত, মোহাম্মদ আলী সিদ্দিকী, হুসনে আরা বেগম, মুজাহিদ আনসারী, উদীচী যুক্তরাষ্ট্র এরপর ৪৪ পৃষ্ঠায়

## নড়াইলে সম্রাটের ওপর হামলায় নিউইয়র্কে বিক্ষোভ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সভাপতি আব্দুল লতিফ সম্রাটের বাংলাদেশে সফরকালে তার ওপর বর্বরোচিত হামলার প্রতিবাদে নিউইয়র্কে বিক্ষোভ ও প্রতিবাদী সমাবেশ করেছে যুক্তরাষ্ট্র বিএনপি ও এর সহযোগী সংগঠনগুলো। যুক্তরাষ্ট্র প্রবাসী নড়াইলবাসীরাও এতে অংশ নেন।

গত ২৮ জুলাই জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় আয়োজিত বিক্ষোভ সমাবেশে অংশ নিয়ে বিএনপি'র কেন্দ্রীয় কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট অভিযোগ করেন, সম্প্রতি বাংলাদেশে সফরকালে তিনি ও তার কর্মীদের উপর নির্লজ্জ ও বর্বরোচিত হামলা চালায় নড়াইলের সন্ত্রাসী বিএনপির নেতা জাহাঙ্গীর বিশ্বাসের পেটোয়া বাহিনী। প্রতিবাদ সভায় এরপর ৩৯ পৃষ্ঠায়



# নিউইয়র্কে 'বাংলাদেশিস ফর জোহরান' কমিটি গঠন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের মেয়র প্রার্থী জোহরান মামদানির সমর্থনে বাংলাদেশিদের একটি কমিটি গঠন করা হয়েছে। আলোচকগণ বলেন, কমিটির স্লোগান হচ্ছে 'ভোট ফর জোহরান, ভোট ফর আওয়ার ফিউচার'। প্রাথমিকভাবে এই কমিটিতে ৪০ জন মানুষের সমন্বয় করা হয়। জ্যাকসন হাইট-এর সানাই রেস্টুরেন্টে গত ২৬ জুলাই এ কমিটি নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে জানানো হয়, বিভিন্ন বোরো লিডারদের নিয়ে পরবর্তীতে বর্তমান কমিটি আরো সম্প্রসারণ করা হবে এবং প্রতিটি বোরোতে কাজ করার জন্য একটি করে উপকমিটি এরপর ৪৪ পৃষ্ঠায়

## মিশিগানে বাংলাদেশি আমেরিকান ফ্যাস্টিভ্যাল আগামী ২ ও ৩ আগস্ট

আজকাল রিপোর্ট

আগামী ২ ও ৩ আগস্ট মিশিগানের ওয়ারেন সিটি স্কয়ারে ১৬তম বাংলাদেশি আমেরিকান ফ্যাস্টিভ্যাল আয়োজন করতে যাচ্ছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব মিশিগান (বাম)। আমেরিকার মূলধারার রাজনীতিবিদ ও সিটি অফিসিয়ালরা মেলায় অংশগ্রহণ করবেন। গত ২৭ জুলাই ওয়ারেনের একটি রেস্টুরেন্টে সংবাদ সম্মেলনে আয়োজকরা এ তথ্য জানায়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি জাবেদ চৌধুরী, লুৎফুল বারী নিয়ন, আহাদ আহমেদ, সুমন কবীর, লুৎফর রহমানসহ মিশিগানের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা।

দুই দিনব্যাপী এই উৎসবে অংশ নেবেন বাংলাদেশ এবং উত্তর আমেরিকার এরপর ৩৯ পৃষ্ঠায়



# সাউথ জ্যামাইকা এসোসিয়েশনের বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

সাউথ জ্যামাইকা এসোসিয়েশন অব বাংলাদেশের বনভোজন গত ২৭ জুলাই কুইন্সের আর্চি স্পীংনার পার্কে অনুষ্ঠিত হয়। এই বনভোজন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি সপরিবারে অংশ নেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস। শুরুতে রং বে রংয়ের বেলুন উড়িয়ে বনভোজন অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ড সদস্য, কমিউনিটি বোর্ড মেম্বার এবং জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি মোহাম্মদ বিস্তারিত ৬৩ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ▪ ব্যাংক্র্যাপসি ▪ ক্রেডিট কার্ড মেটার ▪ ডিভোর্স ▪ চাইল্ড কাস্টডি ▪ চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন ▪ সিটিজেনশিপ ▪ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

● Do you want apply for a green card? ● Are you being deported? ● Are you having credit card problems?
● Are you unable to pay your debts? ● Has your bank account been sealed?
● Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

● তুলনামূলকভাবে কম ফি ● সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

# আসিফ নজরুলের ক্ষমা চাওয়া এবং অতপর...

আনিস আলমগীর

আইন উপদেষ্টা আসিফ নজরুল ২০২৪ সালের গণঅভ্যুত্থান প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে ১৯৭১-এর মুক্তিযুদ্ধকে হালকা করে দেখানোর যে চেষ্টায় লিপ্ত হয়েছেন, তা ক্ষমার অযোগ্য। তিনি বলেছিলেন-"শেখ হাসিনা ও তার দোসররা যে অপরাধ বাংলাদেশে করেছে, ১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনীও মনে হয় এত জঘন্য অপরাধ করে নাই।" এই মন্তব্য শুধু অযৌক্তিকই নয়, মুক্তিযুদ্ধের শহিদদের রক্তের প্রতি নির্মম অবমাননা।

ভেবেছিলাম তার এ বক্তব্যের কড়া সমালোচনা করব। কিন্তু পরে দেখি, তিনি নিজেই দুঃখ প্রকাশ করেছেন- যদিও তা কতটা আন্তরিক, সে প্রশ্ন থেকে যায়। তবু, কেউ ভুল বুঝতে পেরে সংশোধনের চেষ্টা করলে তা সাধুবাদযোগ্য। কিন্তু তার বক্তব্যে আরও কিছু উদ্বেগজনক দিক রয়েছে, যা শুধু ব্যক্তিগত মত নয়-বরং বিচারব্যবস্থা ও অন্তর্বর্তীকালীন সরকারের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তোলে।

যেমন তিনি বলেছেন: "এই বিচার নিয়ে আপনাদের হতাশ হওয়ার কিছু নাই। আমাদের সরকারের আমলেই কাঙ্ক্ষিত রায় পাবেন।" সঙ্গে আরও বলেছে -"এমনভাবে বিচারের সাক্ষ্যপ্রমাণ রেখে যাওয়া হবে, ভবিষ্যতে কোনো সরকার চাইলেও বিচার থেকে সরতে পারবে না।"

এই কথাগুলো একটি হুমকির মতো শোনায়, যা বিচার ব্যবস্থাকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহারের নগ্ন ইঙ্গিত বহন করে। "আমাদের সরকারের আমলেই কাঙ্ক্ষিত রায়"-এটা কোনো আইনি ভাষ্য নয়, বরং প্রতিশোধপরায়ণ মনোভাবের প্রকাশ। বিচার নয়, যেন এক রাজনৈতিক প্রতিশোধের ঘোষণা।

> আজ তারা নতুন মুখোশ পরে আওয়ামী বিরোধী প্রগতিশীল প্ল্যাটফর্মে ঢুকে পড়েছে এবং এর উপর ভর করে ৭১ এর ইতিহাস মুছে দিতে চাচ্ছে। তাদের কৌশল খুব স্পষ্ট: একাত্তরের সাথে ২৪ কে তুলনা করার মানে হল, একাত্তরের জেনোসাইডকে হালকা করা, শহিদদের রক্তকে অবমূল্যায়ন করা, এবং সেই ভয়ঙ্কর যুদ্ধাপরাধীদের 'নতুন প্রজন্মের কাছে গ্রহণযোগ্য' করে তোলা। এটি রাজনৈতিকভাবে বিপজ্জনক, নৈতিকভাবে কলুষিত এবং ইতিহাসের সঙ্গে বিশ্বাসঘাতকতা। আমরা এই প্রচেষ্টাকে কঠোরভাবে প্রত্যাখ্যান করি। জাতির অস্তিত্বের লড়াই, স্বাধীনতার সংগ্রাম আর ক্ষমতার পালাবদলের লড়াই এক জিনিস নয়

এইসব কারণেই শেখ হাসিনাসহ যাদের এখন বিচার করা হচ্ছে সেই বিচার আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য তো হবেই না, অভ্যন্তরীণ অঙ্গনেও প্রশ্ন দেখা দেবে। ক্ষমতার খেলায় মসনদ উল্টে গেলে এই রায়গুলো উল্টে যাবে। কিংবা বস্তা বন্দি হয়ে থাকবে। ৫ আগস্ট এর পর থেকে আসিফ নজরুলরা বারবার চেষ্টা করছেন ২০২৪ সালের রাজনৈতিক অস্থিরতা, সরকারের পতন বা পরিবর্তনের ঘটনাকে ১৯৭১ সালের মহাকাব্যিক মুক্তিযুদ্ধের সমতুল্য করে তোলার। স্বাধীনতা যুদ্ধের নতুন ন্যারেটিভ তৈরি করছেন কথিত বুদ্ধিজীবীদের দিয়ে। এটি ইতিহাস বিকৃতি, এটি মহান মুক্তিযুদ্ধের অপমান।

আরও ভয়ংকর হলো, এই প্রচেষ্টার সঙ্গে যুক্ত হয়েছে সেই সব চিহ্নিত অপশক্তি-যারা একাত্তরে দেশের বিরুদ্ধে ছিল, রাজাকার ছিল, পাকিস্তানের এজেন্ট ছিল। আজ তারা নতুন মুখোশ পরে আওয়ামী বিরোধী প্রগতিশীল প্ল্যাটফর্মে ঢুকে পড়েছে এবং এর উপর ভর করে ৭১ এর ইতিহাস মুছে দিতে চাচ্ছে। তাদের কৌশল খুব স্পষ্ট: একাত্তরের সাথে ২৪ কে তুলনা করার মানে হল, একাত্তরের জেনোসাইডকে হালকা করা, শহিদদের রক্তকে অবমূল্যায়ন করা, এবং সেই ভয়ঙ্কর যুদ্ধাপরাধীদের 'নতুন প্রজন্মের কাছে গ্রহণযোগ্য' করে তোলা। এটি রাজনৈতিকভাবে বিপজ্জনক, নৈতিকভাবে কলুষিত এবং ইতিহাসের সঙ্গে বিশ্বাসঘাতকতা। আমরা এই প্রচেষ্টাকে কঠোরভাবে প্রত্যাখ্যান করি। জাতির অস্তিত্বের লড়াই, স্বাধীনতার সংগ্রাম আর ক্ষমতার পালাবদলের লড়াই এক জিনিস নয়।

# বিপৎকালীন ঐক্যই হোক শক্তি

অজয় দাশগুপ্ত



হাওয়াই দ্বীপপুঞ্জের একটি দ্বীপের নাম বিগ আইল্যান্ড। সুপ্ত আগ্নেয়গিরি ও সোনালি কচ্ছপ দেখার জন্য গিয়েছিলাম। রাজধানী হনলুলু থেকে এক ঘণ্টার বিমান যাত্রা। যাওয়ার সময় নিচে প্রশান্ত মহাসাগরের নীল জলরাশি দেখে চমৎকার লাগছিল। কিন্তু আসার সময় বদলে গিয়েছিল সবকিছু। এক ঘণ্টার ফ্লাইটে জুশ আর বাদাম ছাড়া আর কিছু দেওয়া হয় না। সেটা দিতে এসেছিলেন বিমানসেবিকা। হঠাৎ বিমান এমন দুলুনিতে পড়ল যে, মনে হচ্ছিল ছিটকে পড়ে যাবে নিচে। জুশ-বাদাম চারদিকে সব ছড়িয়ে পড়ল। বিমানসেবিকা ভদ্রমহিলা নিজের ভারসাম্য সামলাতে না পেরে পড়ে গেলেন দুই সিটের মাঝখানে। আমাদের তো তখন হয়ে গেছে! ভাবছিলাম আমি আর দীপা দুজনই চলে গেলে আমাদের ছেলেটি তো পৃথিবীতে একেবারে একা হয়ে যাবে। ঈশ্বরকে, মাকে স্মরণ করতে করতে আমাদের সময় যেন ফুরাতে চাইছিল না। নিচে তাকিয়ে দেখলাম সেই নীল জলরাশি।

হনলুলু থেকে বিগ আইল্যান্ডে যাওয়ার পথে যে জলরাশি ছিল স্নিগ্ধ-প্রশান্ত, ফেরার এই দুর্যোগকালে তাকে মনে হচ্ছিল ফণা তোলা রুদ্র সাপের মতো। পাইলট যদি বাগে রাখতে না পারতেন, তাহলে সেদিনই হতো আমাদের শেষ যাত্রা। বিমান দুর্ঘটনা বলে-কয়ে হয় না। আর হলে বাঁচার চান্স ক্ষীণ। রকমভেদে বিমান ভূপাতিত হওয়ার নানা কারণ থাকে। আমি বলছি ঢাকার মাইলস্টোন ট্র্যাজেডির কথা। সামলাতে না পারা বিকল যুদ্ধবিমানটি এসে আছড়ে পড়েছিল স্কুল/কলেজ ভবনে। সে ঘটনা আপনারা সবাই জানেন। ঘটনার তিন দিন পর স্কুলের এক ছাত্রের কথা তুলে ধরছি-রামিম তাসকিন আহমেদ স্কুলের ইংরেজি ভার্সনের সপ্তম শ্রেণির ছাত্র। ঘটনার দিন বিমান বিধ্বস্তের পর বিস্ফোরণের ফলে লাগা আগুনের আঁচে তার এক কান পুড়ে যায়। শরীরের সেই পোড়া ক্ষত ছাপিয়ে বন্ধু হারানোর বেদনায় কাতর এ শিক্ষার্থী। তার সঙ্গে দেখা হয় স্কুলের চার নম্বর ভবনের সামনে। রামিম এসেছিল ঘটনার দিন রেখে যাওয়া বইয়ের ব্যাগ নিতে। ব্যাগ নিয়ে বেরিয়ে যাওয়ার সময় সে বলছিল, 'আমাদের ছুটি হয়ে গিয়েছিল। ক্লাস ক্যাপ্টেন হওয়ার সুবাদে সবাইকে বের করে দেওয়ার পরই আমি বের হই। তখনো তাই করছিলাম। খুব বেশিজন তখন সেখানে ছিল না। ছুটির পর যারা কোচিং করে এরকম চার-পাঁচজন ছিল। এমন সময় টিনের ওপর আমরা একটা শব্দ শুনতে পাই। এরপর আরও একটা বিকট শব্দ। তৃতীয় ধাপে হয় এর চেয়েও বিকট শব্দ। দ্বিতীয় শব্দের পর মিনিটখানেক কালো ধোঁয়ায় সব অন্ধকার হয়ে গেল। তৃতীয় শব্দের সঙ্গেই আগুন লেগে যায়। আমি দূরে ছিলাম, সেই আগুনের আঁচেই আমার কান পুড়ে গেছে। চোখের সামনেই আমার তিন বন্ধু পুড়ে মারা গেল। সেই দৃশ্য আর মনে করতে চাই না!'

রামিমের পাশে থাকা তার বাবা রুবেল আহমেদ সন্তানকে থামিয়ে দিয়ে বললেন, 'ও ভীষণ ট্রমার (আতঙ্কে) মধ্য দিয়ে যাচ্ছে। রাতে ঘুম থেকে লাফ দিয়ে ওঠে। আমরা ওকে ঘটনার দিন থেকে একা থাকতে দিচ্ছি না।'

> সব নেগেটিভেও কোনো না কোনো পজিটিভ কিছু থাকে। এ দুর্ঘটনার পর জাতি-ধর্ম-লিঙ্গ-বর্ণ নির্বিশেষে বাংলাদেশের মানুষ এক হয়ে গিয়েছিল। রক্তদান থেকে চোখের পানিতে ঐক্য গড়ে উঠেছিল বাঙালির। এই আমাদের শক্তি। অন্তত বিপদের সময় এই যে ঐক্যবোধ, তার ওপর ভরসা রেখে এগিয়ে যাক বাংলাদেশ

রামিমের সঙ্গে আরেক শিক্ষার্থী এসেছিল ক্যাম্পাসে। তার নাম জাহিদ মোল্লা। জাহিদ মাইলস্টোনের বাংলা ভার্সনের অষ্টম শ্রেণির শিক্ষার্থী। সেও বাবার সঙ্গে রেখে যাওয়া বই-খাতা ও সাইকেল নিতে এসেছিল। জাহিদ জানায় তার বেঁচে ফেরার গল্প। তার মতে, সেটা অলৌকিক। কারণ প্রতিদিন ছুটির সময় ঠিক সেই জায়গাটায় গিয়ে বন্ধুর জন্য অপেক্ষা করে, যেখানে গত সোমবার (২১ জুলাই) বিমানটি বিধ্বস্ত হয়েছে। আতঙ্কভরা অভিব্যক্তি নিয়ে জাহিদ বলে, 'প্রতিদিনের মতো আমি ঠিক ওই জায়গাতেই অপেক্ষা করছিলাম। এক বন্ধু এসে আমাকে বলল, চল ক্যান্টিনে যাই। আমিও কিছু না ভেবে ওর সঙ্গে ক্যান্টিনের দিকে রওনা দিলাম। রওনা দেওয়ার বিশ-পঁচিশ সেকেন্ডের মাথায় বিমানটি এসে ওখানে পড়ে। আমি যে বেঁচে ফিরেছি, এটা এখনো বিশ্বাস হয় না।'

এই অবিশ্বাস্য বেঁচে ফেরার গল্পগুলো আমাদের দুটি শিক্ষা দেয়-

এক. বিপদে মিথ্যা ও গুজব না ছড়ানোর।

দুই. লাশ বা আহতদের নিয়ে রাজনীতি না করা।

কিন্তু আমরা তা মানি না। আপনি দেশ-বিদেশে এমন দুর্ঘটনার অনেক খবর দেখবেন। উন্নত দেশ হলে তো এতদিনে মন্ত্রীর পদত্যাগ: এমনকি সরকারেরও বারোটা বাজার কথা। কে জেলে যেত আর কে এরপর ২৭ পৃষ্ঠায়

# রাজনৈতিক অনিশ্চয়তা : এই মুহূর্তে করণীয়

প্রফেসর ড. মো. সদরুল আমিন

বর্তমানে বাংলাদেশের রাজনৈতিক ও প্রশাসনিক অবস্থার অবক্ষয় চরমে পৌঁছাচ্ছে।সাম্প্রতিক মিটফোর্ড, গোপালগঞ্জ ও অন্যান্য ক্রমবর্ধমান জনবহুল স্থানের সরকার অনিয়ন্ত্রিত সংঘর্ষ-হত্যার ঘটনা এর উদাহরণ। দুর্বল অর্থনীতি ও কম শিক্ষার দেশে এ যেন এক কঠিন সমস্যা। তবে এর সঠিক সমাধানও আছে, যার জন্য সমস্যা সৃষ্টির গোড়ার কারণটির উপর জোর দিতে হবে। এখানে তাই বর্ণনা করছি। বৈষম্য ও কোটা আন্দোলনের দাবি মানার প্রশ্নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রচণ্ড জেদ দেখিয়ে অপ্রাসঙ্গিকভাবে রাজাকার গালির কথা বলার জেরে আন্দোলনকারী ছাত্রদের সঙ্গে অভিভাবক-জনতা যুক্ত হয়ে গেল। তখন দাবির কয়েক দফা হয়ে গেল- 'একদফা, এক দাবি শেখ হাসিনা কবে যাবি'। বলাই বাহুল্য তখন দাবি মেনে নিলে পরবর্তী কোনো পরিস্থিতিই সৃষ্টি হতো না। যা হোক একদফা দাবির সঙ্গে তখন শেখ হাসিনার কাছে এমন কোনো দাবি ছিল না যে, আমরা সংবিধান ও প্রশাসনিক (পুলিশ ও কৃষি ব্যতীত) সংস্কার ও ঐক্য চাই। আমরা একটি নতুন রাজনৈতিক দল ও জাতীয় মানের প্রতীক চাই। শেখ হাসিনা সরে গেলে তৎস্থলে গঠিতব্য অস্থায়ী উপদেষ্টা সরকারে সংশ্লিষ্ট আন্দোলনে অক্রিয়, এনজিও, এলাকাভিত্তিক ও প্রবাসী/বিদেশি বিশেষজ্ঞ সংযুক্ত করতে চাই। বাস্তবে প্রধান উপদেষ্টার উদ্যোগে তাই করা হলো। উপদেষ্টা সরকারের একমাত্র কাজ ছিল ন্যূনতম সময়ের মধ্যে যথানিয়মে একটি নির্বাচন দিয়ে সংসদীয় ক্ষমতা হস্তান্তর করা। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে উপদেষ্টা পদের কার্যাবলী উপদেষ্টা ও বিশেষ সহকারীদের পছন্দ হয়ে যায়। বলে তারা মরিয়া হয়ে আটঘাট বেঁধে ছল-জল অস্ত্রীকে সকল পথে নির্বাচন বিলম্বিত করার জন্য দেশের পরিবেশ বিনষ্ট করার উন্মত্ত কার্যক্রম সৃষ্টি ও উৎসাহিত করতে লেগে যায়। বর্তমানে দেশে এই পরিস্থিতি বিরাজ করছে।

এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য কিছু তথ্য বিশ্লেষণ ও পরামর্শ তুলে ধরা হলো। বর্তমান সরকার যখন শুরুতেই দেশের ৬৪% মানুষের প্রাথমিক উৎপাদন পেশাগত বিভাগ তথা কৃষি বিভাগে কোনো উপদেষ্টা নিয়োগের প্রয়োজনীয়তা অনুভব করে নাই, তখনই বোঝা গিয়েছিল যে, দেশের ও প্রবাসী কিছু তাত্ত্বিক মানুষ সংবলিত এই উপদেষ্টা সরকারের দেশ সম্পর্কে কোনো ধারণা নাই। কারণ দেশে বর্তমানে সরকার, রাজনীতি ও নির্বাচন ও রাজনৈতিক দল নিয়ে যে কূট-প্যাঁচাল শুরু হয়েছে তা দেশের সর্বনাশ ডেকে আনবে। বিষয়টি গুছিয়ে বলা দরকার। সরকার ও ২-৩টি রাজনৈতিক দল জোরালোভাবে চাচ্ছে নির্বাচন পিছিয়ে যাক, একটি দল চাচ্ছে নির্বাচন হোক। জনগণের রিঅ্যাকশনও নির্বাচনের পক্ষে। দেশের জনগণের অধিকাংশের ধারণা যে, দুর্বলতম সরকার ও রাজনৈতিক অস্থিরতা সৃষ্টির প্রেক্ষিতে নির্বাচন পেছানোর পাঁয়তারা না করে অবিলম্বে দেশে নির্বাচনের অনুকূল পরিবেশ সৃষ্টি করে শিডিউল ঘোষণা করতে হবে। এর যেকোনো বিকল্প প্রচেষ্টা বর্তমান সরকার চক্রের সুনাম তলানিতে যাবে, তারা যে যার দেশে-প্রবাসে চলে যাবেন। দেশে শুরু হবে আরেকটি মারাত্মক আন্দোলন। আমি আমার "গভর্নযাণ ইন বাংলাদেশ" (সূত্রঃ নেত্রকোনার হাসি চাই না পৃ: ভূমিকা ১০) পুস্তকে ৬ বছর আগে দেশের ৭টি সংসদীয় নির্বাচনের সংকট বিষয়াবলী বিশ্লেষণ করে বলেছিলাম" যত কঠিন বাস্তব হোক না কেন এ দেশের স্বাধীন সত্তা ও ভাবমূর্তি সুরক্ষার জন্য আগামী সাংবিধানিক নির্বাচন কমিশনার এমনভাবে নির্বাচন (পরিবেশ সৃষ্টি) অনুষ্ঠান করবেন যে, যাতে নির্বাচনের ফলাফল হতে পারে নিম্নরূপ: সকল দল জোটবিহীনভাবে- (গণতন্ত্র সদস্য কম্পোজিশন) প্রধান দল ১৫১-১৬০ জন সদস্য, দ্বিতীয় প্রধান দল ১০০-১১০ জন সদস্য, তৃতীয় দল ১৫-২৫ জন সদস্য, বাকি অন্যান্য। এর মধ্যে থাকবে ২৪০-২৫০ রাজনীতি সম্পৃক্ত ব্যক্তি, স্বাধীন পেশা ও কৃষক ঘরানা ২৫-৩৫, বাকি অন্যান্য। স্নাতকঃ স্নাতকোত্তর অনুপাত ৫০ : ৫০ (প্রায়)। এতে জনগণ গণতন্ত্রের পূর্ণ সুবিধা ভোগ করার সুযোগ পেতে পারে।



উল্লেখ করা যায় তখনকার '২৪-এর নির্বাচনে এই পরিবেশ সৃষ্টি না হওয়ায় নির্বাচিত সরকার অল্প দিনেই পতন ঘটে ও সরকার দেশ ছেড়ে পালিয়ে যায়।

দেশে স্থায়িত্বশীল সরকারের একটি নির্বাচন অনুষ্ঠানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো নির্বাচনের পূর্বে দেশে নির্বাচনের পরিবেশ সৃষ্টি করা। দেশে নির্বাচন ও গভর্ন্যান্স সুরক্ষার জন্য বর্তমান সরকার সংস্কার কার্যক্রম রিহার্সাল দিচ্ছে, যা কোনো অবস্থাতেই জনআস্থা পাচ্ছে না। নির্বাচন পরিবেশ সৃষ্টির বা বহাল করার জন্য ঘটা করে পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজন নাই। বর্তমান বিধিবিধান প্রয়োজনীয় সমন্বয় করেই তা করা সম্ভব। এখানে আমি সংক্ষেপে উল্লেখ করছি।

১. ব্যবসায়িক প্রার্থী কোয়ালিফাই করা: সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তার অনুরূপ কোনো ব্যবসায়ী নির্বাচন করতে হলে তাকে ব্যবসায়ী পদ থেকে পদত্যাগ করে আসতে হবে। এতে স্বার্থান্বেষী অথচ অনুপযুক্ত প্রার্থীর সংখ্যা ও নির্বাচনে অস্থিরতা অনেক কমে যাবে।

২. নির্বাচনের প্রার্থী আইন: বর্তমানে নির্বাচনের বর্তমান প্রার্থী আইন ঠিকভাবে বাস্তবায়ন এরপর ২৪ পৃষ্ঠায়

> শান্তিপূর্ণ নির্বাচনের সুযোগ সৃষ্টি হবে। নির্বাচন নষ্ট উপদেষ্টার লোভে, নির্বাচন দুষ্ট প্রার্থীর কারণে ইত্যাদি সমস্যা থেকে রক্ষা পেতে বর্ণিত পরামর্শগুলো উপকারী হতে পারে। দেশে অনতিবিলম্বে নির্বাচন না দিলে পরিস্থিতি এমনভাবে আয়ত্তের বাইরে চলে যেতে পারে যা অতীতে যায় নাই, বিশেষ করে অর্থনৈতিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতি

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ফখরুলের উদ্বেগ এবং ধর্মভিত্তিক দলগুলোর প্রতি নমনীয়তা কি কাকতালীয়?

নিয়াজ মাহমুদ

রাজনীতিতে শেষ বলে কিছু নেই'-এই প্রবাদটি বহুবার শোনা গেলেও, সাম্প্রতিক সময়ে এটি যেন নতুন অর্থ নিয়ে হাজির হয়েছে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর একটি জাতীয় পত্রিকার এক সাক্ষাৎকারে বলেছেন, "রাজনীতিতে দক্ষিণপন্থীদের উত্থান দেখছি, আমি উদ্বিগ্ন।" এই উদ্বেগ একা তার নয়-বাংলাদেশের সচেতন জনগণ, বিশেষ করে নাগরিকরাও কি আজ একই উদ্বেগে ভুগছেন? প্রশ্ন উঠছে-দক্ষিণপন্থীরা কি 'কিংমেকার' হিসেবে আবির্ভূত হচ্ছে?

**আন্তর্জাতিক প্রেক্ষাপট ও সম্ভাব্য ইন্ধন?**

বিশ্ব রাজনীতির বর্তমান বাস্তবতায় দেখা যাচ্ছে-দক্ষিণ এশিয়ার রাজনীতিতে ধর্মীয় রক্ষণশীলতার পুনরুত্থান কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। ভারত, পাকিস্তান, আফগানিস্তানে একই ধরণের রাজনৈতিক স্রোত লক্ষ করা যাচ্ছে। বাংলাদেশে এমন উত্থানের পেছনে কিছু আন্তর্জাতিক গোষ্ঠীর নীরব ইন্ধন বা কূটনৈতিক নমনীয়তা থাকতে পারে বলেই অনেক বিশ্লেষক মনে করছেন। বিশেষত নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের প্রতি কিছু দক্ষিণপন্থী গোষ্ঠীর সহানুভূতি ও আন্তর্জাতিক মহলের সমর্থন অনেক প্রশ্নের জন্ম দিচ্ছে। পর্যবেক্ষকদের মতে, দক্ষিণ এশিয়ায় স্থিতিশীলতা রক্ষার নামে পশ্চিমা কিছু শক্তি তথাকথিত 'মডারেট ইসলামিস্ট' দলগুলোর সঙ্গে নৈকট্য বজায় রাখছে। আন্তর্জাতিক অনুদান, এনজিও কাঠামো এবং কূটনৈতিক পৃষ্ঠপোষকতায় মাঝে মাঝে এমন পক্ষপাত স্পষ্ট হয়। এমনকি তাঁর বিরুদ্ধে সরকারের কঠোর অবস্থানের তুলনায় দক্ষিণপন্থীদের প্রতি সরকারের কিছুটা নমনীয়তা জনমনে দ্বিধা সৃষ্টি করেছে। প্রশ্ন থেকে যায়- বিশেষ করে জুলাই পরবর্তী আন্দোলনের রাজনীতিতে ধর্মভিত্তিক গোষ্ঠীগুলোর প্রতি নমনীয়তা কি কাকতালীয়?

আজ, ২০২৫ সালে দাঁড়িয়ে আমরা দেখছি-ধর্মীয় রক্ষণশীল শক্তিগুলো আবারও সক্রিয় হচ্ছে। শুধু রাজনৈতিক মঞ্চেই নয়, সামাজিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রেও তাদের প্রভাব বিস্তার সমানতালে। প্রশ্ন জাগে-এটা কি শুধুই ঘরোয়া রাজনৈতিক কৌশল, নাকি এর পেছনে রয়েছে কোনো বৈশ্বিক সমীকরণ?

**জুলাই আন্দোলনের পর প্রেক্ষাপট**

জুলাই আন্দোলন, যা এক অর্থে রাষ্ট্রের প্রতি গণঅসন্তোষের বহিঃপ্রকাশ ছিল, তা কিছু প্রগতিশীল শক্তিকে একত্র করলেও একইসঙ্গে রক্ষণশীল শক্তিগুলোকেও নতুন লাইসেন্স দিয়েছে। এই আন্দোলনের ছায়া এখন জাতীয় নির্বাচনের ওপর পড়েছে। নির্বাচনকে সামনে রেখে যখন রাজনৈতিক সমীকরণ সাজানো হচ্ছে, তখন প্রশ্ন উঠছে-দক্ষিণপন্থীরা কি আবার 'কিংমেকার' হিসেবে আবির্ভূত হচ্ছে?

**জনগণের মানসিকতা ও আগামীর বাংলাদেশ**

বাংলাদেশের সাধারণ জনগণ রাজনৈতিকভাবে সচেতন হলেও ধর্মীয় সংবেদনশীলতা এখনো অনেকের কাছে আবেগের বিষয়। এই আবেগকে পুঁজি করে দক্ষিণপন্থীরা ভোটের মাঠে প্রভাব বিস্তার করতে পারে। তবে শিক্ষিত ও তরুণ জনগোষ্ঠীর একটা বড় অংশ এখনো গণতান্ত্রিক ধারার প্রতি আগ্রহী।



জাতীয় নির্বাচন সামনে রেখে যদি প্রধান রাজনৈতিক শক্তিগুলো জনগণের জীবনমান উন্নয়ন, গণতান্ত্রিক স্বচ্ছতা ও ধর্মনিরপেক্ষতা বজায় রাখার অঙ্গীকারে অটল থাকে, তাহলে দক্ষিণপন্থীদের উত্থান সাময়িক হলেও দীর্ঘমেয়াদে বাংলাদেশের রাষ্ট্র কাঠামোতে প্রভাব ফেলবে না। এই দক্ষিণমুখী স্রিপার ট্রেনকে থামাবে কে? রাজনীতি চির পরিবর্তনশীল, কিন্তু নীতির প্রশ্নে আপোষ চলে না। 'শেষ কথা' না থাকলেও, কিছু প্রশ্নের উত্তর ভোটার ও জণগনকেই দিতে হবে-আমরা কি আবার সেই চক্রে ঢুকতে যাচ্ছি যেখানে ধর্ম দিয়ে রাষ্ট্র চালিত হবে? সিদ্ধান্ত নিতে হবে বাংলাদেশের জনগণকেই।

**ইতিহাসের পেছনে ফিরে দেখা**

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে দক্ষিণপন্থীদের পুনরুত্থান নতুন নয়। ধর্মভিত্তিক রাজনীতি নিষিদ্ধ থাকা সত্ত্বেও, ১৯৭৯ সালে জামায়াতে ইসলামীসহ ধর্মভিত্তিক দলগুলোর রাজনৈতিক পুনর্জন্ম হয় এবং রাজনীতির মাঠে হাঁটতে শুরু করে। এর ফলে রাজনীতিতে ধর্মীয় আবহ প্রবেশ করে এবং এক নতুন মেরুকরণের সূচনা ঘটে। আর এই সময়! জামায়াত হাঁটছে ভিন্ন স্রোতে। তারা অবশ্য বারবার ভুল পথেই পা বাড়ায়। গতবছর এই সময়েও আওয়ামী লীগ, বিএনপি ও জামায়াত - এই তিনটি বৃহৎ রাজনৈতিক পক্ষ ছিল। গত ১৭ বছরে তো সবাই জানতো, আওয়ামী লীগের পতনের পর বিএনপি - জামায়াত ছাড়া ক্ষমতায় আসার আর কেউ নেই। বাস্তবে কি তাই হয়েছে? না। সব হিসাব পাল্টে গিয়েছে। অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় এসেছে। এনসিপির জন্ম হয়েছে। এখন পক্ষ বেড়ে হয়েছে চার। তাই ক্ষমতার নেশায় নিজেদের মধ্যে কামড়াকামড়ি করতে করতে দিনশেষে দেখা যাবে নতুন কোন পক্ষ এসে হাজির হয়ে গেছে!

**বর্তমান প্রেক্ষাপট ও নতুন উদ্বেগ**

জুলাই আন্দোলনের পর রাজনৈতিক আবহে নাটকীয় পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। সরকারবিরোধী শক্তিগুলো একদিকে যেমন সামাজিক ও অর্থনৈতিক সংকটকে পুঁজি করে আন্দোলনের চেষ্টা করছে, অন্যদিকে দক্ষিণপন্থী মতাদর্শও আরও সুসংগঠিত হচ্ছে। সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেছে, দক্ষিণপন্থী গোষ্ঠীগুলো সামাজিক যোগাযোগমাধ্যম এবং নানা এনজিও-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে খুব সমাজে প্রভাব বিস্তার এরপর ৪০ পৃষ্ঠায়



শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান এমনকি কিছু মিডিয়ার ভূমিকাও প্রশ্নবিদ্ধ। বাংলাদেশের জনগণও এই উত্থানে উদ্বিগ্ন? মির্জা ফখরুলের উদ্বেগ নিছক রাজনৈতিক বক্তব্য নয়, তারা নতুন এক কাফেলা তৈরি করতে যাচ্ছে। যেটা এর আগে কখনো হয়নি। এই ভূখণ্ডে নতুন। নির্বাচন যত বিলম্বিত হবে এই কাফেলা ততো লম্বা হবে। এটি বাংলাদেশের রাজনৈতিক ভবিষ্যতের একটি বার্তা। দক্ষিণপন্থী রাজনীতির পুনরুত্থান শুধু একটি দলের জন্য নয়, গোটা রাষ্ট্রের জন্যই চিন্তার বিষয়। নির্বাচন সামনে রেখে এই সময় দেশের মূলধারার রাজনৈতিক শক্তিগুলোর জন্য জনগণের আস্থা অর্জনের, যাতে বাংলাদেশ আবারও কোনো ধর্মীয় বা মতাদর্শিক চরমপন্থার ফাঁদে না পড়ে

# সত্যের মুখোমুখি হওয়া কি খুব কঠিন

রওনক জাহান



আমি মাইলস্টোন স্কুল ছেড়ে এসেছি বেশি দিন হয়নি। এখনো অনেক সহকর্মী আমার ফ্রেন্ডলিস্টে আছেন। আমি তাঁদের প্রতি শ্রদ্ধাশীল। কিন্তু এখন যা দেখছি, তা নিয়ে চুপ থাকা অন্যায় হবে।

পূর্ণিমা দাস এবং মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের কয়েকজন শিক্ষক জানিয়েছেন, দুর্ঘটনার সময় সেখানে অল্পসংখ্যক শিক্ষার্থী ছিল। এই বক্তব্যে একধরনের 'ছোট করে দেখানোর' চেষ্টা রয়েছে। এটা আমরা মেনে নিতে পারি না।

কারণ?

১. স্কুল ছুটি হয় বেলা ১টায়, ঠিক। কিন্তু কোচিং ক্লাসের বাচ্চারা সেখানে থাকে বেলা ৩:৩০ পর্যন্ত।

২. যারা মান্থলি টেস্টে ফেল করেছিল, ঘটনার দিন তাদের এক্সট্রা ক্লাস ছিল।

এই কথাগুলো কেউ বলেননি। অথচ এটা গুরুত্বপূর্ণ। কারণ এখানে বোঝা যায়, স্কুল কর্তৃপক্ষ চায়নি ঘটনা পুরোপুরি প্রকাশ পাক। তাঁরা বলেছেন, কিছু বাচ্চা বাবা-মায়ের জন্য অপেক্ষা করছিল। ঠিক কথা। কিন্তু প্রশ্ন হলো, একটা ভবনে যেখানে স্কুল পরিচালনা ঝুঁকিপূর্ণ, সেখানে এত শত শিক্ষার্থীকে রেখে কোচিং, পরীক্ষা, ক্লাস চালানো-এটা কীভাবে চলছে? এখানে কি আমাদের প্রশ্ন করার অধিকার নেই?

'লাশের সংখ্যা তো ২০০-৩০০ হয়নি!'-এমন কথা শুনতে হচ্ছে এখন। এই কথার ভেতরেই রাজনীতির ছায়া স্পষ্ট। কারণ, এই বিতর্কের মধ্যে কোনোভাবে রাজনীতি এনে দিতে পারলেই কয়েকটা পক্ষের সুবিধা। আমি যদি বলি, মাইলস্টোন কর্তৃপক্ষ চাইছে গোপন কিছু তথ্য প্রকাশ না হোক। রাজউক দায় এড়াতে চায়, তাই রাজনৈতিক ধোঁয়াশা তৈরি হচ্ছে। বিমানবাহিনী চায় পুরোনো বিমানের দায় ঢেকে দিতে। তাই তারা ক্ষতিপূরণ দিয়ে নিজেকে মুক্ত করছে-তাহলে কি ভুল বলব?

এই তিন পক্ষ-স্কুল কর্তৃপক্ষ, রাজউক, বিমানবাহিনী-তিনজনই রাজনৈতিক সুবিধা নিচ্ছে। রাজনীতিকে নিজেদের দায় ঢাকতে ব্যবহার করছে।

'লাশ বেশি হলে সুবিধা হয়'-এমন কথা যাঁরা বলেন, তাঁরা কি ভুলে গেছেন এই লাশ মানে একটা শিশু, একটা পরিবার, একেকটা ভবিষ্যৎ? এ ধরনের খোঁচা শুধু অমানবিক নয়, এটা পরিকল্পিতভাবে মানুষের আবেগকে ভোঁতা করে দেওয়ার কৌশল। যেন প্রশ্ন করা ভুল, যেন অভিযোগ তোলা মানেই কেউ রাজনৈতিক স্বার্থে ব্যবহৃত হচ্ছে।



না। আমরা যারা প্রশ্ন করছি, তারা কেউ লাশ চাই না। আমরা চাই, কেউ যেন আর না মরে। আমরা চাই, ভবিষ্যতে কোনো স্কুলে আগুন লাগলে সেখানে যেন শিশুদের লাশের গন্ধ না আসে। তাই আমরা জিজ্ঞেস করছি:

কেন অনিরাপদ জায়গায় স্কুল চালানো হলো?

কেন এতজন শিশু স্কুল ছুটির পরও সেখানে রয়ে গেল?

কেন এত বড় আগুনে নিরাপত্তাব্যবস্থা এত নাজুক ছিল?

এসব প্রশ্নের উত্তর চাওয়াটাই কি এখন অপরাধ হয়ে গেছে?

শেষে কী হবে? কাদা ছোড়াছুড়ি চলবে। মানুষ বিতর্কে মেতে উঠবে। আর মাঝখানে শিশুদের মৃত্যু শুধু একটুখানি 'দুর্ভাগ্যজনক দুর্ঘটনা' হিসেবে পরিণত হবে। এই ব্যর্থতার দায় কেউ নেবে না। কিন্তু আমরা কি এত সহজে ভুলে যাব?

লেখক: সাবেক শিক্ষক, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ।

তাঁরা বলেছেন, কিছু বাচ্চা বাবা-মায়ের জন্য অপেক্ষা করছিল। ঠিক কথা। কিন্তু প্রশ্ন হলো, একটা ভবনে যেখানে স্কুল পরিচালনা ঝুঁকিপূর্ণ, সেখানে এত শত শিক্ষার্থীকে রেখে কোচিং, পরীক্ষা, ক্লাস চালানো-এটা কীভাবে চলছে? এখানে কি আমাদের প্রশ্ন করার অধিকার নেই? 'লাশের সংখ্যা তো ২০০-৩০০ হয়নি!'-এমন কথা শুনতে হচ্ছে এখন। এই কথার ভেতরেই রাজনীতির ছায়া স্পষ্ট। কারণ, এই বিতর্কের মধ্যে কোনোভাবে রাজনীতি এনে দিতে পারলেই কয়েকটা পক্ষের সুবিধা। আমি যদি বলি, মাইলস্টোন কর্তৃপক্ষ চাইছে গোপন কিছু তথ্য প্রকাশ না হোক। রাজউক দায় এড়াতে চায়, তাই রাজনৈতিক ধোঁয়াশা তৈরি হচ্ছে। বিমানবাহিনী চায় পুরোনো বিমানের দায় ঢেকে দিতে। তাই তারা ক্ষতিপূরণ দিয়ে নিজেকে মুক্ত করছে-তাহলে কি ভুল বলব?

আমরা চাই, কেউ যেন আর না মরে। আমরা চাই, ভবিষ্যতে কোনো স্কুলে আগুন লাগলে সেখানে যেন শিশুদের লাশের গন্ধ না আসে। তাই আমরা জিজ্ঞেস করছি: কেন অনিরাপদ জায়গায় স্কুল চালানো হলো? কেন এতজন শিশু স্কুল ছুটির পরও সেখানে রয়ে গেল? কেন এত বড় আগুনে নিরাপত্তাব্যবস্থা এত নাজুক ছিল? এসব প্রশ্নের উত্তর চাওয়াটাই কি এখন অপরাধ হয়ে গেছে? শেষে কী হবে? কাদা ছোড়াছুড়ি চলবে। মানুষ বিতর্কে মেতে উঠবে। আর মাঝখানে শিশুদের মৃত্যু শুধু একটুখানি 'দুর্ভাগ্যজনক দুর্ঘটনা' হিসেবে পরিণত হবে। এই ব্যর্থতার দায় কেউ নেবে না। কিন্তু আমরা কি এত সহজে ভুলে যাব?

# আহমদ ছফার সুবিধাভোগী বুদ্ধিজীবী'র বিরুদ্ধে প্রতিবাদ এবং সামাজিক চিন্তা

> সাত চল্লিশের দেশভাগ থেকে শুরু করে একাত্তরের মুক্তিযুদ্ধের পর কতিপয় মুখচেনা বুদ্ধিজীবী কীভাবে আত্মবিক্রির প্রতিযোগিতায় লিপ্ত হয়েছিলেন, পুরস্কার, পদক-পদবির জন্য কীভাবে মরিয়া হয়ে উঠেছিলেন, তাদের সম্পর্কে অনেক তথ্য-উপাত্তসহ আহমদ ছফার রচনায় উপস্থাপিত হয়েছে। তিনি বলেন, "আগে বুদ্ধিজীবীরা পাকিস্তানি ছিলেন, বিশ্বাসের কারণে নয়-প্রয়োজনে। এখন অধিকাংশ বাঙালি হয়েছেন-সেও ঠেলায় পড়ে।" বাংলাদেশের স্বাধীনতার আগে মুখচেনা বুদ্ধিজীবীদের পাকিস্তানি শাসকগোষ্ঠীর পক্ষে, নানারকম প্রবন্ধ-নিবন্ধ রচনা, গল্প-উপন্যাসে পাকিস্তান প্রশস্তি, স্বৈরশাসকের জীবনী সংক্রান্ত নানান কিছুর অনুবাদ করেছেন। এতদসংক্রান্ত লেখার বিষয়ে আহমদ ছফা মেনে নিতে পারেন নি। বরং সেসব লেখকদের মেরুদণ্ডহীনতার চূড়ান্ত দলিল হিশেবে তিনি

এবিএম সালেহ উদ্দীন



বাংলাদেশ ও ভারতের স্বনামধন্য লেখক, গবেষক, চিন্তাবিদ ও বুদ্ধিজীবী আহমদ ছফার সর্বাধিক আলোড়ন সৃষ্টিকারী গ্রন্থ 'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস'। সুশীলসমাজের অধিকাংশ পাঠকের কাছে আলোড়িত এজন্যে যে,-সেই সময়কার রাষ্ট্রীয় ব্যবস্থাপনার বিপক্ষে, প্রতিকূল পরিবেশে সেই বইটি ছিল একটি সাহসী রচনা। ফলে, বারবার বইটি পুণঃমুদ্রিত হয়। তবে, সমকালের তোষামদকারী কতিপয় বুদ্ধিজীবীর স্বার্থে আঘাত হানে। ফলে, উল্লেখিত বইটিকে একটি বিতর্কিত রচনা হিশেবেও বুঝানোর চেষ্টা করা হয়।

প্রথমে ১৯৭২ সালে অধুনালুপ্ত দৈনিক গণকণ্ঠে ধারাবাহিকভাবে ছাপা হয়। আহমদ ছফা তখন ছিলেন একজন বুদ্ধিদীপ্ত তরুণ। থাকতেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক ছাত্রাবাসে। সেসময় পাঠক ও ভক্তকুলের অনুরোধ সেটিকে বই আকারে প্রকাশ করবার চিন্তা করা হয়। অবশেষে, সৃজনশীল প্রকাশনা সংস্থা মুক্তধারার কিংবদন্তী প্রকাশক বাবু চিত্তরঞ্জন সাহার বিশেষ তাগিদ ও অনুরোধে 'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' নামে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের মধ্যে সুবিধাবাদের একটা ঝোঁক যে তাঁদের একটা শ্রেণীগত বৈশিষ্ট্য এ বিষয়ে এই তরুণ লেখকের যে কিছুমাত্র সংশয় নেই, সেটা তাঁর লেখায় প্রতিটি ছত্রে সুস্পষ্ট, কিন্তু তবু তিনি স্বদেশের বুদ্ধিজীবীদের ব্যাপক সুবিধাবাদিতায় নিদারুণভাবে বিক্ষুব্ধ।"

এছাড়া 'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' গ্রন্থ (ফ্ল্যাপ)-এর গুরুত্ব সম্পর্কে লিখেছিলেন, বাংলা সাহিত্যের প্রাণপুরুষ, ভাষাপণ্ডিত, শিক্ষাবিদ, বুদ্ধিজীবী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড, আহমদ শরীফ।

তিনি লিখেন, "আহমদ ছফা বয়সে কাঁচা, মনে পাকা, সংকল্পে অটল। দৃষ্টি তার ঋজু, বক্তব্য স্পষ্ট, উদ্দেশ্য তার সাধু। মাটি ও মানুষের প্রতি প্রীতিই তার কল্যাণকামিতা ও কর্মপ্রেরণার উৎস এবং তার প্রাণ শক্তির আকর। এ জন্যই ক্ষতির ঝুঁকি নিয়ে সে সত্য কথা বলার সাহস রাখে। এই গুণ তাঁকে আজকের লিখিয়ে-বলিয়েদের সমাজে অনন্য করেছে।



আহমদ ছফা ১৯৪৩ সালের ৩০ জুন, চট্টগ্রামের চন্দনাইশ উপজেলার গাছবাড়িয়া গ্রামে জন্মগ্রহণ করেন। গ্রামেই তাঁর শিক্ষাজীবন শুরু হয়। ১৯৫৭ সালে তিনি ম্যাট্রিকুলেশন পাশ করেন। কৈশোর থেকেই তাঁর ভেতর একধরণের স্বপ্ন ও কল্পনার যে বীজ উত্থিত হতে থাকে, সেটি-ই ক্রমান্বয়ে শক্তির উচ্ছ্বাসে হৃদয়ের গভীরে অঙ্কুরিত হয়।

আহমদ ছফা বাঙালি মুসলিম লেখকদের মধ্যে অন্যতম কীর্তিমান কথাসাহিত্যিক। একাধারে কবি, ঔপন্যাসিক, সাংবাদিক, গণবুদ্ধিজীবী এবং রাষ্ট্রচিন্তক হিশেবেও তিনি খ্যাতিমান। ছাত্রজীবন থেকে তিনি বাম চিন্তাদর্শের উপর গড়ে উঠেন। স্কুলজীবনে তিনি কমিউনিস্ট পার্টির সাথে যুক্ত হন এবং তিনি ছিলেন মাস্টারদা সূর্য সেনের আদর্শে অনুপ্রাণিত।

আহমদ ছফার সাহিত্যিক জীবন কখনও মসৃণ ছিলনা। সত্যের উপর প্রতিষ্ঠিত থেকে গণমুখি চিন্তাদর্শন এবং আপোষহীন লেখালেখির জন্য তাঁকে সবসময় বাধার সম্মুখিন হতে হয়। একই কারণে, তাঁকে কোন কোন বুদ্ধিজীবীর ঈর্ষা ও প্রতিক্রিয়াশীলদের রোষানলে পড়তে হয়েছে। কেননা,রাষ্ট্রীয় ও সামাজিক বৈপরীত্যের নানা বিষয়কে উপাত্ত করে একশ্রেণীর শিক্ষিত লোকের সুবিধাবাদী অবস্থান, ধর্মীয় গোঁড়ামি এবং মৌলবাদের বিরুদ্ধে তিনি লিখেছেন বলে প্রতিক্রিয়াশীলদের বিরাগভাজন হন।

বাংলাদেশের স্বাধীনতার অব্যবহিত পরে রচিত বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' প্রবন্ধগ্রন্থে আহমদ ছফা বাংলাদেশের বুদ্ধিবৃত্তিক সমাজ, রাষ্ট্র ও রাজনৈতিক চরিত্র ও মনন-জগতের মানচিত্র অঙ্কন করেন। এই বইটিতে তিনি বাংলাদেশের বুদ্ধিজীবীদের সুবিধাবাদিতার নগ্নরূপ উন্মোচন করেন। বাংলাদেশের রাষ্ট্রীয় ও সামাজিক ভঙ্গুরতার সুযোগে বুদ্ধিজীবীদের সত্যিকার দায়িত্বের স্বরূপ ও দিকনির্দেশনা সম্পর্কেও বর্ণনা করেন। বাংলাদেশের সুবিধাভোগী বুদ্ধিজীবীরা শুধু তাদের সুযোগ সুবিধার বাইরে জনগণের সুবিধার ব্যাপারে কোনো ভূমিকা রাখেননি বলে আহমদ ছফার বিশেষ সতর্কীকরণ প্রকাশ পেয়েছে। ঐসব বুদ্ধিজীবীদের ব্যর্থতায় বাংলাদেশের জাতীয় জীবনে কী দুর্দশা হতে পারে তা সম্পর্কেও ভবিষৎ বানী দেন।

'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' প্রকাশের পর সমগ্র দেশে হৈচৈ শুরু হয়ে যায়। একই কারনে তিনি সরকার পক্ষীয় বুদ্ধিজীবী ছাড়াও সুবিধাভোগীদের তোপের মুখে পড়েন এবং ব্যাপক সমালোচনার সম্মুখিন হন। আমার তরুণতর ছাত্রজীবন থেকে দেখেছি, দেশের রাজনৈতিক অস্থিরতা ও আর্থ-সামাজিক পরিস্থিতিতে বুদ্ধিজীবী আহমদ ছফা বিচলিত হয়ে উঠতেন। চিন্তা-চেতনায় শান্তগম্ভীর হলেও তাঁর উচ্চারণ ছিল সাহসী এবং সাহিত্য কার্যক্রম ছিল বিস্ময়কর। রাষ্ট্রীয় দুর্নীতি ও অনৈতিক সমাজনীতির বিরুদ্ধাচরণ করে সংবাদপত্রে নিয়মিত কলাম লিখতেন। অবহেলিত বস্তিবাসী ও ছিন্নমূল মানুষের কল্যাণে,সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নে তিনি কর্মতৎপর ছিলেন। শিক্ষার আলো ছড়ানোর জন্য বিশ্ববিদ্যালয়কে বলা হয়, সর্বোচ্চ বিদ্যাপিঠ। সেই বিদ্যাপিঠে সুবিধাবাদী শিক্ষকদের অনৈতিক কার্যক্রমের উপরও তিনি কথা বলেছেন।

এরপর ২৪ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# বাংলাদেশ কি সুযোগ হারাচ্ছে?

সবসময়ের সুযোগ সন্ধানী গোষ্ঠীরা সুযোগ নিলো। গাড়ী দিলো, অর্থ দিলো, প্রচার দিলো, মাথায় বসালো ছুঁড়ে ফেলবার জন্য। কেউ কেউ ২০-২৫ দিন আন্দোলনে নেতৃত্ব দিয়ে নিজকে শ্রেষ্ঠ রাজনৈতিক নেতা ভাবা শুরু করলো, ভাষা বদলে গেলো, অপরকে তুচ্ছতাচ্ছিল্য করা শুরু করলো। নেতৃস্থানীয় কাউকে ভালো চলতে দেখে আরেকদল শুরু করলো চাঁদাবাজি। হুমকির মুখে ফেলে দিলো সংস্কার, রাজনীতি ও সমাজ। নিয়োগকর্তা ছাত্রদের এই অর্বাচীন কাণ্ডজ্ঞান ও কার্যক্রম অবশ্যই অন্তর্বর্তী সরকারের জন্য দুশ্চিন্তার। ভিন্ন মতের মানুষ নিয়ে গঠিত এই সরকারের পথচলার জন্য হুমকিস্বরূপ। সংকটের সময়েই একজন নেতার পরিচয় সবচেয়ে বড় হয়ে উঠে। ড. মুহাম্মদ ইউনূস সেই নেতা হয়ে উঠবেন কী না- তা অচিরেই হয়ত আপনি জেনে যাবেন। না হলে, এদেশ হারাবে আরেকটি বড় সুযোগ

ড. মো. মাহবুবুল আলম



জুলাই' ২৪ গণঅভ্যুত্থানের এক মাস পূর্তিতে প্রথম সারির জাতীয় দৈনিকে একটি লেখা লিখেছিলাম। শিরোনাম ছিল- 'অন্তর্বর্তী সরকারকে ব্যর্থ হতে দেয়া যাবে না।' দিনটি ছিল ৫ই সেপ্টেম্বর, ২০২৪। আমার ধারণা তখনকার প্রেক্ষিতে আমার শিরোনামটি খুব বেশি অস্বাভাবিক ছিল না। বরং বাংলাদেশের রাজনৈতিক-অরাজনৈতিক সকল মানুষের কণ্ঠে একই ধ্বনি উচ্চারিত হয়েছিলো। দুই-তিনদিনের মধ্যে এদেশের অন্যতম বড় রাজনৈতিক দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানও তার বক্তব্যে একই অভিমত ব্যক্ত করেন। এই দেশের পুনর্গঠনের জন্য অর্ন্তবর্তী সরকারের সফল হওয়ার খুব বেশি প্রয়োজন ছিলো। কিন্তু গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে সকলের মাঝে শঙ্কা, 'বাংলাদেশ কি আরেকটা সুবর্ণ সুযোগ হারালো'?

কোটা থেকে শুরু হয়ে যখন আন্দোলন গণঅভ্যুত্থানের রূপ নিলো, মতপথ ভুলে সকল রাজনৈতিক-সামাজিক ব্যক্তি-গোষ্ঠীর আকাঙ্ক্ষা এক বিন্দুতে মিলে গেলো, ধর্ম-বর্ণ-বয়স-পেশা ব্যতিরেকে সবাই রাজপথে নেমে আসলো এক দলীয় শাসনের অবিচারের বিরুদ্ধে, তখন ফ্যাসিস্টদের জন্য আর জায়গা থাকলো না। অন্যায়-সন্ত্রাস-দুর্নীতি আর অপশাসনের বিরুদ্ধে সবার সমস্বরে প্রতিবাদ ও আন্দোলন স্বাভাবিকভাবে ব্যক্তি-গোষ্ঠী স্বার্থের আঘাতে ক্ষতবিক্ষত হয়নি, যা হয়েছে গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে।

সবচেয়ে বড় চমকটা এসেছে ছাত্র প্রতিনিধিদের সরকারের অংশ হয়ে আসাটা। যদিও তাদের সবচেয়ে বড় নেতা নাহিদ ইসলাম নৈতিকভাবে সরকার থেকে পদত্যাগ করে রাজনৈতিক দল গঠনে উদ্যোগী হয়েছেন, কিন্তু ততক্ষণে ক্ষতি যা হওয়ার হয়ে গেছে।

প্রধান উপদেষ্টার ছাত্রদের তার নিয়োগকর্তা হিসেবে অতি-আবেগী সম্বোধন, প্রশাসক হিসেবে তার নেতৃত্বের জায়গাটা দুর্বল করে দিয়েছে। আনসার বিদ্রোহ, ছাত্র-কর্তৃক বিচারালয় ঘেরাও, গণঅভ্যুত্থানে আহত ব্যক্তিদের চিকিৎসায় অবহেলা ও তাদের আন্দোলন সঠিকভাবে ব্যবস্থাপনা করতে না পারার ব্যর্থতা, শাসক হিসেবে তার দূরদৃষ্টির অভাবকে প্রতীয়মান করে।

প্রধান উপদেষ্টা কিছু উদ্দীপনা তৈরির চেষ্টা করেছেন। বিদেশ থেকে কিছু কর্মিৎকর্মা বাংলাদেশিদের দেশে ফেরত এনেছেন, বড় বড় দায়িত্ব দিয়েছেন। যারা তাদের মতো করে কাজ করে অভ্যস্ত ও সফল কিন্তু বাংলাদেশে ব্যর্থ হয়েছেন বা হচ্ছেন। একটি উদাহরণ হলো বিনিয়োগ সম্মেলন। এ দেশকে বিশ্ববাসীর কাছে চমৎকারভাবে উপস্থাপনা বাহবা দাবি করে, কিন্তু প্রক্রিয়া ঠিক না করে শুধু ভালো উপস্থাপনা বিনিয়োগ পেতে যে যথেষ্ট নয়, তা আবারো প্রমাণিত।

আমেরিকান প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের লন্ডভণ্ড অর্থনৈতিক নীতি আর কোন দেশের জন্য কতো সমস্যার কারণ হলো তা জানা নেই, কিন্তু বাংলাদেশের জন্য যে এটি বড় রকমের সমস্যা ও দুর্যোগ নিয়ে উপস্থিত হয়েছে সেটা অনস্বীকার্য। ব্যাংকিংখাতে স্থিতি আনয়ন এবং দ্রব্যমূল্য মোটামুটি সহনশীল রাখতে পারলেও, বাণিজ্য ঘাটতি মিটিয়ে আমেরিকার শুল্ক নীতির বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নিতে সরকার ব্যর্থ হয়েছে। যদিও সরকার তার দরকষাকষি চালিয়ে যাচ্ছেন তবে সেই দরকষাকষি যেন শুধু ধনিকশ্রেণিকে একচেটিয়া সুবিধা না দেয়, সে ব্যাপারে সচেষ্ট থাকতে হবে।

তবে সবকিছু ছাপিয়ে যে ব্যাপার দুটোতে এই সরকার সবচেয়ে হতাশ করেছে তা হলো আইন-শৃঙ্খলার অবনতি এবং যততত্র মামলা-বাণিজ্য। গত এক বছরে কখনো কখনো মনে হয়েছে, রাষ্ট্রে সরকার বলে কিছু নেই। এই নিরাপত্তাহীনতার বোধ তৈরি করা বোধকরি এই সরকারের তেমন দরকার ছিলো না। যে একচ্ছত্র ম্যান্ডেট আর সমর্থন নিয়ে এই সরকার ক্ষমতায় বসেছিলেন, ভবিষ্যতে আর কোনো সরকার এভাবে মসনদে বসবেন কি না সন্দেহ।

কোনো কোনো ক্ষেত্রে ত্বরিৎ সিদ্ধান্ত নিতে অপারগতা, কখনো বা ত্বরিৎগতিতে নেয়া সিদ্ধান্ত আবার ত্বরিৎগতিতে পরিবর্তন করে, সরকার তার দ্বিধাদ্বন্দ্বের বিষয়টি প্রকাশ করেছেন। এটি করে জনগণের মাঝে সরকার সম্পর্কে আস্থাহীনতা তৈরি করেছে আবার 'সরকারের ভেতর আরেক সরকার' আছেন- এই বোধও তৈরি করেছেন।

আইন উপদেষ্টা যততত্র মামলা-বন্ধে কোনো কার্যকর উপায় খুঁজতে ব্যর্থ হয়েছেন। প্রকৃত অপরাধীর অপরাধের মাত্রা প্রশমিতকরণে যা কাজে লেগেছে, কিন্তু শুধু দল করার জন্য বা লঘু অপরাধে অনেকে জেলে গিয়েছেন। বিশ্বমানের বিচারের কথা থাকলেও, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারেও তেমন অগ্রগতি হয়নি। অথচ ছিঁচকে অপরাধীরা সপ্তাহান্তে জামিন পেয়ে আবারও অপরাধে জড়িয়েছেন।

দখল বাণিজ্য পুরোদমে চলেছে, কোথাও কোথাও শুধু ব্যানার পরিবর্তন হয়েছে। আগের প্রশাসকের মতো শুধু প্রচারের নিমিত্তে খাল পরিষ্কার আর উদ্ধার অভিযান চললেও, সুপারশপ থেকে পর্যাপ্ত বিকল্প ব্যতীত পলিথিন দূর করা আর সেইন্টমার্টিন নিয়ে অহেতুক বিতর্ক তৈরি করা ছাড়া পরিবেশ মন্ত্রণালয়ের কাজ নিয়ে তেমন সফলতা নেই। বরং কোনো কোনো জায়গায় গত প্রশাসকের আমলে উদ্ধার হওয়া জায়গা নতুনভাবে দখল হয়ে যেতে দেখা গিয়েছে।

আইনশৃঙ্খলা বাহিনী বিশেষ করে পুলিশ বাহিনীকে এখনো পুরোপুরি কর্মক্ষম করে তুলতে না পারার ব্যর্থতা কার, তা খতিয়ে দেখার সময় এসেছে। এরপর ৩৬ পৃষ্ঠায়



# অদৃশ্য খেলায় উত্তপ্ত মাঠ

ইলিয়াস হোসেন



পাটি করে তা নিয়ে খেলছে শিশুটি। ওর বাবা-মা বলছে, বড় হয়ে বিখ্যাত প্যাথোলজিস্ট হবে। আর প্রতিবেশী দম্পতি বলছে, বড় হলে নিশ্চিত নেশর হবে। যার যেমন দৃষ্টিভঙ্গী তার তেমন মন্তব্য। একই ঘটনার একাধিক মূল্যায়ন হতে পারে। কোনোটা কোনোটা হয়তো পরস্পরবিরোধী। তবে, রাজনীতিতে এমন উদাহরণ শুধু পরস্পরবিরোধী নয়; স্ববিরোধীও হয়ে থাকে। সম্প্রতি রাজনীতিবিদদের চাঁদাবাজি নিয়ে মশহুর আলোচনা চলছে চারদিকে। এমনকি চাঁদাবাজিতে আকণ্ঠ নিমজ্জিত লোকটিও লাইনে নতুনদের নিয়ে রসালো মন্তব্য করছেন। জন্ম থেকেই রাজনৈতিক দলগুলো সমর্থকদের কাছ থেকে চাঁদা তোলার সংস্কৃতি চালু করেছে। চাদা, ডোনেশন, হাদিয়া, ইয়ানত, ক্রাউডি ফান্ড নানা নামে টাকা সংগ্রহ করে দলগুলো। এটা নতুন কিছু নয়। তবে, চব্বিশের গণঅভ্যুত্থান পরবর্তী জনপ্রত্যাশা নতুন এক আবেদনের নাম। টানা দেড় দশকজুড়ে ধর্ষিত দেশ, পবিত্র হয় তার দেড় হাজার সন্তানের রক্তস্নানে। ঘুড়ে দাড়ানোর আশা জাগে জনমনে। জীবন দান বৃথা যাবে না বলে পণ করে গণঅভ্যুত্থানে অংশগ্রহণকারী দলগুলো। সবাই মিলে প্রতিষ্ঠা করে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার। কিন্তু হায়, বছর না ঘুরতেই হাবেল-কাবেল দ্বন্দ্ব চরমে। অভিভাবকের প্রতি অন্ধবিশ্বাস প্রশ্নবিদ্ধ। অহেতুক কৌতুকে ব্যস্ত থাকা সরকারের সক্ষমতা ও নিরপেক্ষতা এখন সময়ের কাঠগড়ায়। মৃত্যুর কাছে নিজেকে সপে দেওয়া অভ্যুত্থানকারীরা এখন ব্যস্ত জীবন সাজাতে। এন্তার অভিযোগ তাদের ঘিরে। অথচ, নতুন বন্দোবস্তে বৈষম্যহীন দেশ গড়ার কথা বলছেন তারা। নাহিদ, আখতার, উমামা, হাসনাত, সারজিস, সাঈদ, ওয়াসিম, মুগ্ধ... কি সুন্দর থোকা থোকা নাম। হাসিনা রেজিমের এক একটি রক্তগোলাপ। রাজপথে ফুটেছিল মজলুম জনতাকে মুক্তির সুবাস দিতে। ভীত-কম্পিত-হতাশ জনগণ জেগে ওঠেছিল তাদের সাহসিকতায়। দেড় যুগ ধরে চলা হাসিনা সরকার বিরোধী আন্দোলন নতুন করে দানা বাধে চব্বিশের জুলাই-আগস্টে। ফুসে ওঠে সব শ্রেণী পেশার মানুষ। উন্নয়নের একঘেয়ে রেকর্ড ফেলে পালাতে বাধ্য হয় স্বৈরাচারী সরকার। প্রতিদানে ঝরে পড়ে দেড় সহস্রাধিক তাজা প্রাণ। নাম না জানা অনেক কলি পিষ্ট হয় ট্যাংকের তলায়। সতীর্থ শহীদদের আত্মার ঋণ শোধিতে দেশ গড়ায় ব্রতী হন তরুণ তুর্কিরা। কিন্তু, এ যে বড় কঠিন কাজ! বিশেষ করে রাজনৈতিক দল গঠন এবং দ্রুততম সময়ের মধ্যে সফলতার আশা। ফ্যাসিস্ট পতন আন্দোলনে সফল বিপ্লবী আর জনপ্রিয় রাজনীতিবিদ হয়ে ওঠা এক বিষয় নয়। সম্প্রতি তরুণদের নতুন দল জাতীয় নাগরিক পার্টি... এনসিপি পড়েছে ব্যাপক সমালোচনার মুখে। কেউ কেউ বলছেন, বালক ভুল করে নেমেছে ভুল জলে। তাদের চাঁদাবাজির একাধিক ঘটনা সামনে এসেছে। এনসিপি নেতাদের পরিবারের সদস্যদের নামেও রয়েছে তদ্বিরের অভিযোগ। সচিবালয়সহ গুরুত্বপূর্ণ সরকারি প্রতিষ্ঠানে নতুন দলের নেতা-কর্মীরা তদ্বির বাণিজ্যে রীতিমতো সিন্ডিকেট গড়ে তুলেছে বলে প্রচারণা আছে। এদিকে, দল থেকে পদত্যাগী উমামা ফাতেমা বলেছেন, চাঁদাবাজির শিকড় অনেক গভীরে। এসব টের পেয়েই তিনি অভ্যুত্থানকারীদের সঙ্গ ত্যাগ করেছেন। এছাড়া, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় দল গঠনের বদনাম বারবার ফিরে আসে নানা ঘটনা-দুর্ঘটনায়। এর ফলে ইউনূস সরকার আর এনসিপির সম্পর্কটি ঠিক বৈধতায় ফেলা যাচ্ছে না। সরকারি দলের সুযোগ-সুবিধা ভোগ করলেও তা স্বীকার করে না এনসিপি। আবার, নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন দেখা দেওয়ায় 'কূলহারা কলঙ্কিনী'র তকমার শিকার হচ্ছে অন্তর্বর্তী সরকার।

সরকারের মনে কি আছে? কোটি কোটি লোকের মনে এখন এই প্রশ্ন। রাস্তা থেকে অবৈধ অটোরিক্সা তাড়াতে পারেনি। বিদেশিদের দীর্ঘস্থায়ী ব্যবসার দাবিও এড়াতে পারছে না। রোহিঙ্গাদের নিজ দেশে ফেরৎ পাঠানোর উদ্যোগে অগ্রগতি নেই। ইতিমধ্যে আরও কয়েক লাখ রোহিঙ্গা অনুপ্রবেশ করেছে। এমনকি, ভারতও রোহিঙ্গা পুশইন করছে বাংলাদেশে। আম-ইলিশ পাঠিয়েও প্রতিবেশীর মান ভাঙাতে পারেনি ইউনূস সরকার। অথচ, তার এবং তার নিয়োগ কর্তাদের অনলবর্ষী মন্তব্যে ভারতের সঙ্গে দূরত্ব ক্রমাগত বাড়ছে। কূটনীতি নিয়ে কূটতর্ক না করে স্মার্টলি হ্যান্ডল করাই হলো যুক্তিযুক্ত। সে পথে না গিয়ে 'সেভেন সিস্টার্স' দেখিয়ে কন্যাদায়গ্রস্ত পিতার ভবিষ্যৎ মনে করিয়ে দিয়েছেন ইউনূস। বিষয়টি নি:সন্তান মোদী ভালোভাবে নেননি। যে কারণে উত্তর মেরু উষ্ণ হলেও ভারতের সঙ্গে সম্পর্কের বরফ না গলে আরও কঠিন হচ্ছে। এদিকে, মিয়ানমারের সঙ্গে কি হচ্ছে কেউ জানে না। করিডরের আলাপ আপতত ঘরবন্দী। কিন্তু, নাড়াচাড়া থামেনি। গত ১৬ জুলাই বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন মিয়ানমারের রাষ্ট্রদূত কিয়াও সো মো। তার আগের দিন মিয়ানমারের উপপররাষ্ট্র মন্ত্রীর সঙ্গে সে দেশে ভারতীয় রাষ্ট্রদূতের বৈঠক হয়। মিয়ানমারের গণমাধ্যম 'ইরাবতী' সংবাদ দুটি প্রকাশ করেছে। এ নিয়ে বাংলাদেশে কোনো খবর নেই। কোনো উচ্চবাচ্যও নেই। সেন্ট মার্টিন নিয়ে সরকারি রহস্য দিন দিন গুজবের ডালপালা ছড়াচ্ছে। স্থানীয়দের স্বাভাবিক জীবনে গজব নেমে আসছে। সরকারের সংশ্লিষ্ট এরপর ২৮ পৃষ্ঠায়



আমরা সংবাদমাধ্যমকে অনুরোধ করছি অনলাইনে মানুষের কষ্টের কথা ভেবে তাদের নৈতিক নিয়মগুলো আবার দেখতে এবং যাচাই না করা খবর বা মানুষের কষ্টকে কাজে লাগানো থেকে বিরত থাকতে। আর আমরা নাগরিকদের বলছি, অনলাইনে সম্মান বজায় রাখতে, ভুয়া খবর রিপোর্ট করতে এবং মনে রাখতে যে প্রতিটি ছবির পেছনে একটি পরিবার আছে, যারা বাঁচার চেষ্টা করছে। একটি জাতিকে কোনো দুঃখজনক ঘটনা দিয়ে চেনা যায় না। এর প্রতি আমাদের প্রতিক্রিয়াই আমাদের পরিচয় তুলে ধরে। কৌশলগত যোগাযোগ এবং বিপদ কমানো শুধু কিছু কাজের অংশ নয়, এগুলো আমাদের সবার দায়িত্ব। আমাদের আকাশ ভরে দেওয়ার জন্য যেন আরেকটা সাইরেনের অপেক্ষা করতে না হয়

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
American Airlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# অলিগার্করা ভবিষ্যৎ গণতন্ত্রের জন্য বিপজ্জনক

ড. মাহবুব উল্লাহ্

২০২৪-এর জুলাই-আগস্ট ছাত্র-জনতার অভূতপূর্ব গণ-অভ্যুত্থানের পর এক বছর অতিক্রম হতে যাচ্ছে। এখন সবার প্রশ্ন, এ বিশাল অভ্যুত্থানের পর দেশের ভবিষ্যৎ কেমন হবে? এমন প্রশ্নের জবাবে হতাশার কথা না বলাই শ্রেয়। কিন্তু কঠিন বাস্তবতাকে অগ্রাহ্য করার সুযোগ নেই। বাংলাদেশ এখন যে বাস্তবতার ওপর দাঁড়িয়ে আছে, সে অবস্থান থেকে আমূল পরিবর্তন সাধন করা না হলে বড় কিছু আশা করা যায় না। তবে যে কোনো বাস্তববোধসম্পন্ন মানুষই বলবেন, এ মুহূর্তে বাংলাদেশে আমূল পরিবর্তন আনার সুযোগ নেই। তাই আমাদের এমন দু-একটি নির্ধারক পরিবর্তনে হাত দিতে হবে-যে পরিবর্তনগুলোর ফলে দেশের রাজনীতি, অর্থনীতি, সমাজ ও সংস্কৃতিতে ইতিবাচক পরিবর্তনের সম্ভাবনা দেখা দেবে।

বাংলাদেশে একটি সম্ভাবনাময় ভবিষ্যতের পথে সবচেয়ে বড় অন্তরায় হলো 'অলিগার্কি'। এটি বাংলাদেশ রাষ্ট্রের উদ্ভবের পর থেকে ধীরে ধীরে দানা বাঁধতে শুরু করে। বিভিন্ন সরকারের আমলে রাষ্ট্রীয় আনুকূল্য ও সহায়ক নীতিকে ব্যবহার করে এরা বড় হয়েছে। শেখ হাসিনার ফ্যাসিবাদী ও স্বৈরতান্ত্রিক শাসনের সাড়ে ১৫ বছরে এ অলিগার্কিকুল ফুলে-ফেঁপে শুধু বড় হয়নি, তারা ভয়ানক দৈত্যে পরিণত হয়েছে। শেখ হাসিনার সরকার যেমন ছিল দৈত্য-দানবের সরকার, তেমনি সেই সরকার নিজ রাষ্ট্রীয় ক্ষমতাকে প্রলম্বিত ও অব্যাহত রাখতে অর্থনীতির ক্ষেত্রেও ভয়ংকর দৈত্য-দানবের উদ্ভব ঘটিয়েছে, যে দৈত্য-দানবগুলোকে এখন অলিগার্ক নামে অভিহিত করা হচ্ছে। সাধারণ পুঁজিবাদী অর্থনীতিতে মনোপলির সৃষ্টি হয়। মনোপলিস্টরা তাদের প্রতিদ্বন্দ্বীকে ন্যায্য ও অন্যায্য প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতায় পরাজিত করে নিজের মনোপলি অবস্থান সৃষ্টি করে; এ থেকেই গড়ে ওঠে করপোরেট ক্যাপিটালিজম। তারপর এর রূপান্তর ঘটে বহুজাতিক করপোরেশনে। এগুলো এখন গ্লোবাল করপোরেশন। কিন্তু অর্থনীতিতে অলিগার্কদের উদ্ভব হয়েছে ভিন্ন এক পরিস্থিতিতে। এ পরিস্থিতির সৃষ্টি হয়েছিল সোভিয়েত ইউনিয়নে কমিউনিজমের পতনের পর নৈরাজ্য ও বিশৃঙ্খলার সুযোগ নিয়ে। সোভিয়েত ইউনিয়নে কমিউনিজমের পতনের পর রাষ্ট্রীয় মালিকানাধীন কলকারখানা, খনি, বন্দর, পরিবহণ ব্যবস্থা ইত্যাদি বেসরকারি মালিকানায় নেওয়ার প্রশ্ন ওঠে। কিন্তু কীভাবে তা সম্ভব? রাষ্ট্রীয় মালিকানাভিত্তিক একটি অর্থনৈতিক ব্যবস্থাকে ব্যক্তিমালিকানাধীন ব্যবস্থায় রূপান্তরের পথে বহু ধরনের অনিয়ম ও নৈরাজ্য দেখা দেয়। বিশেষ করে বরিস ইয়েলৎসিনের শাসন-ব্যর্থতার ফলে এমন গোলমেলে পরিবেশে মাফিয়া গোষ্ঠী শিল্প ও অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলো দখলে নেওয়ার প্রয়াস পায়।

বাংলাদেশে আমরা শাসন-ব্যর্থতা বা গভর্ন্যান্স ফেইলিউরের সুযোগে অনেককেই অনেক কিছু দখলে নিতে ও ভয়াবহ রকমের চাঁদাবাজিতে লিপ্ত হতে দেখি। সোভিয়েত ইউনিয়নেও কমিউনিজমের পতনের পর এ রকম একটি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, যদিও তার ব্যাপকতা ও বিশালতা অনেক বেশি ছিল। সোভিয়েত ইউনিয়নের মাফিয়ারা ছাড়াও আরও একটি গোষ্ঠী এ পরিস্থিতিতে তৎপর হয়ে উঠেছিল। এরা 'নোমেনক্লেতুরা' নামে পরিচিত। এরা সেসব আমলা, যারা অর্থনৈতিক খাতের সঙ্গে যুক্ত ছিল এবং এদের অনেকেই ছিল কমিউনিস্ট পার্টির সদস্য। এরা রাজনৈতিক টালমাটাল পরিস্থিতির সুযোগ নিয়ে নোমেনক্লেতুরা বা নব্য উদ্যোক্তা হিসাবে আত্মপ্রকাশ করে। এরা যেহেতু অর্থনৈতিক খাতের সঙ্গে যুক্ত ছিল, সেহেতু তাদের পক্ষে উদ্ভূত পরিস্থিতিতে কলকারখানাগুলো দখলে নেওয়া এবং ব্যক্তিমালিকানায় পরিচালনা করা সহজ হয়। এক কথায়, সাবেক সোভিয়েত ইউনিয়ন এবং বর্তমান রাশিয়ায় যে বিশাল ধনিক গোষ্ঠীর সৃষ্টি হয়েছে,



তাদের বলা হয় অলিগার্ক। এদের সঙ্গে রাষ্ট্র পরিচালনাকারীদের গভীর ও ঘনিষ্ঠ সহযোগিতা বিদ্যমান। বাংলাদেশে যে অলিগার্ক গোষ্ঠীর উদ্ভব ঘটেছে, শেখ হাসিনার শাসনামলে তা সম্ভব হয়েছে রাষ্ট্রটিকেই দখলে নেওয়ার ফলে। একে অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের ভাষায় বলা হয় ষ্ঃধঃব ঈধঢ়ঃঁৎব. শেখ হাসিনার শাসনামলে ব্যাংকগুলো জনগণের মালিকানায় ছিল না। এগুলোর ভল্ট খুলে দেওয়া হয় অলিগার্ক গোষ্ঠীর লুণ্ঠনের জন্য। একপর্যায়ে ঋণের নামে এদের হাতে হাজার হাজার কোটি টাকা তুলে দেওয়া হয়। অনায়াসে ১০-১৫টি পরিবার লাখো কোটি টাকার মালিকে পরিণত হয়। অনেক ব্যাংক ধসে পড়ার উপক্রম হয়েছে। যারা প্রত্যক্ষভাবে রাষ্ট্রীয় ক্ষমতার সর্বোচ্চ স্তরে ছিল, তারাও অলিগার্কদের গায়েবি সঙ্গী হয়ে হাজার হাজার কোটি টাকা আত্মসাৎ করে। এ টাকা দেশে থাকেনি, প্রায় পুরোটাই বিদেশে পাচার হয়ে গেছে। এখন এ পাচার হওয়া অর্থ দেশে ফিরিয়ে আনা অসম্ভব না হলেও খুবই কঠিন।

প্রফেসর ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব পাওয়ার পরপরই দেশে বিভিন্ন সেক্টরে সংস্কার আনার লক্ষ্যে বেশকটি কমিশন গঠন করে। এসব কমিশন তাদের প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের কাছে দাখিল করেছে। এসব কমিশনের একটি ছিল অর্থনীতিবিষয়ক। এ কমিশনের নেতৃত্বে ছিলেন ড. দেবপ্রিয় ভট্টাচার্য। তারা যে প্রতিবেদন দাখিল করেন, তার শিরোনাম ছিল-ডযরঃব চধঢ়বৎ ড়হ ঃযব ঝঃধঃব ড়ভ ইধহমষধফবংয উপড়হড়সু: উবংবপঃরহম ভড়ৎ ধ উবাবষড়ঢ়সবহঃ ঘধৎৎধঃরাব (ঘড়াবসনবৎ ২০২৪). এ প্রতিবেদন দাখিলের পর এই কমিশনের পক্ষ থেকে একটি সংবাদ সম্মেলন ডাকা হয়। এ সংবাদ সম্মেলনে ড. ভট্টাচার্য শেখ হাসিনার সরকারকে 'চোরতন্ত্রের' সরকার বলে চিহ্নিত করেন। এ প্রতিবেদনে দেখানো হয়েছে কীভাবে ও কী মাত্রায় রাষ্ট্রীয় সম্পদ অলিগার্কদের এরপর ২৮ পৃষ্ঠায়



> ফলে আমাদের আরাধ্য গণতন্ত্র দানা বাঁধতে পারবে না। অলিগার্কদের সব শেকড়-বাকর কেটে ফেলতে হবে। এমনকি তাদের সম্পদ রাষ্ট্রীয় মালিকানায় নিয়ে আসতে হতে পারে। তাদের জায়গায় তরুণ ও মাঝারি উদ্যোক্তাদের উৎসাহী ও সহায়তা করতে হবে। বাংলাদেশে এখনো বেশকিছু অর্থনৈতিক খাত আছে, যেগুলো সম্ভাবনাময় এবং তৈরি পোশাকের মতো গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। নতুন ধরনের উদ্যোক্তাদের উৎসাহিত করে এবং প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি করে নতুন শিল্প খাত গড়ে তুলতে হবে। এর ফলে কর্মসংস্থান হবে লাখ লাখ যুবকের। এ ধরনের পরিবর্তন যদি আনা না যায়, তাহলে আগামী কয়েক বছরের মধ্যে আরেকটি গণ-অভ্যুত্থানের মুখোমুখি হতে হবে হয়তো

# হালের বুদ্ধিজীবি ও জনগণের দুর্বোধ্যতা

এস এম মোজাম্মেল হক

"বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে" বহুল প্রচারিত প্রবাদটির মর্মার্থ অত্যন্ত ব্যাপক যদিও মূল্যবোধের অবক্ষয়ের কারণে বহু নীতি কথা বর্তমানে কথার কথা হিসেবেই পরিগণিত।পশু পাখিদের স্বভাবগত বৈশিষ্ট প্রয়োগের জন্য শিক্ষাদীক্ষা বা অধ্যবসায় এর প্রয়োজন হয়না পক্ষান্তরে মানব জন্ম স্বার্থক করার জন্য মানুষের জ্ঞান অর্জন করতে হয়।আর সে জ্ঞান হলো শিক্ষাদীক্ষা ও অভিজ্ঞতার আলোকে অর্জিত বিবেচনা বোধ।তথা পর্য্যাপ্ত শ্রম সাধনার প্রয়োজন হয়।আবার শীক্ষাদীক্ষা ও শ্রম সাধনার ফলে অর্জিত জ্ঞানের যথার্থ ব্যবহার



নিশ্চিত নাহলে অর্জিত জ্ঞানের জন্য সময় ক্ষেপণ ও পরিশ্রম পন্ড শ্রম হিসেবে গণ্য তা সত্বেও অর্জিত জ্ঞানের সঠিক ব্যবহার সবার পক্ষে সম্ভব হয়না।পর্যাপ্ত শিক্ষা বা জ্ঞানের অধিকারী ব্যক্তিদের সমাজে ঢালাওভাবে বুদ্ধিজীবী হিসেবে বিবেচনা করা হয় কিন্তু প্রকৃতপক্ষে বুদ্ধিজীবিদের জ্ঞানের ব্যবহার এর ক্ষেত্রে সঠিক মূল্যায়ন ও দায় দায়িত্ব নিরুপণের প্রশ্নে নিরপেক্ষতার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।প্রশ্ন হল বুদ্ধিজীবিদের কি পক্ষাবলম্বনের সুযোগ নেই এর উত্তর হল নিশ্চয়ই আছে তবে তা হওয়া প্রয়োজন মূল্যবোধ নির্ভর ও প্রকাশ্য অর্থাৎ তিনি কোনো দল বা মতাদর্শ অবলম্বন করলে তা ঘোষণার মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করা এবং তাও হওয়া উচিত নীতি নৈতিকতার ভিত্তিতে তাহলে তার অবস্থান নিয়ে কোন বিভ্রান্তি দেখা দেবেনা কিন্তু নিরপেক্ষতার অভিনয় পূর্বক অন্তর্নিহিত সমর্থন কোনো দল বা গোষ্ঠিকেন্দ্রিক ও স্বল্পবুদ্ধি সম্পন্ন হলে তা নিশ্চয়ই নিরপেক্ষ বিবেচ্য হতে পারেনা বরং তাকে পরকিয়ার সাথে তুলনা করা যেতে পারে এবং তা আত্ম প্রবঞ্চনার শামিল।

রাষ্ট একটি স্বীকৃত শক্তি এবং রাষ্ট পরিচালনার জন্য যে সব প্রতিষ্ঠান অপরিহার্য্য তাও রাষ্টবিজ্ঞানীদের ব্যাপক গবেষণায় স্বীকৃত প্রতিষ্ঠান বৈকি! রাষ্ট ব্যবস্থায় সরকার ও জনগণ অপরিহার্য আর এ ব্যবস্থার সুষ্ঠু পরিচালনার জন্য ভিন্ন ভিন্ন দেশে পদ্ধতির ভিন্নতা থাকা স্বাভাবিক তারই প্রেক্ষিতে সরকার ব্যবস্থা গণতান্ত্রিক সমাজতান্ত্রিক রাজতান্ত্রিক আবার এ পদ্ধতির মিশেলেও অনেক দেশে সরকার পদ্ধতি বিরাজমান।নানা পদ্ধতির সুফল কুফল ভেদে এ পর্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিই সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে তুলনামূলকভাবে উত্তম পদ্ধতি হিসেবে স্বীকৃত।তবে গণতান্ত্রিক পদ্ধতিতে দায়িত্বপ্রাপ্ত হয়ে নিজেদের ক্ষমতাবান



তারা এবং ক্ষমতায় আঁকড়ে থাকার জন্য স্বৈরাচারী মনোভাব পোষণ ও নিজেদের স্বার্থে কালো আইন প্রণয়ন ও তা প্রয়োগের মাধ্যমে জনগণের মৌলিক অধিকার হরণ করার চেষ্টা দুনিয়ার বহু দেশে ইতিমধ্যে মানুষ প্রত্যক্ষ করেছে।আর এতে সহযোগিতা করেছে দুষ্ট বুদ্ধির কিছু মানুষ।যে মানুষের চেয়ে বুদ্ধি প্রতিবন্দি অনেকাংশে উত্তম কারণ তাদের দ্বারা অন্তত মানুষের অনিষ্টের সম্ভাবনা বহু কম।৫ই আগস্ট ২০২৪ পূর্ববর্তী সময়ে দেশের রুদ্ধশ্বাস অবস্থার প্রেক্ষিতে অন্যায়ের পক্ষে যেমন অনেকের অবস্থান স্পষ্ট ছিল ন্যায়ের পক্ষেও অনেকে ছিলেন দৃঢ় সংকল্প যদিও এ কারণে অনেকে নিগ্রহের স্বীকার হয়ে জেল জুলুম ভোগ করেছেন।জীবনের ঝুঁকির কারণে অনেকে দেশ ছাড়তে বাধ্য হয়েছেন।তা সত্বেও নিরলস ভাবে তারা তাদের অবস্থান জারি রেখেছেন।কেউ কেউ দেশে থেকেও ন্যায়ের পক্ষে লড়ে গেছেন এবং সে কারণে তারা প্রসংশিতও হয়েছেন যদিও তাদের ক্ষমতার রোষানলে পরে তেমন কোনো অসুবিধা হয়নি। বর্তমানে তথ্য প্রবাহের অবাধ স্বাধীনতা ফিরে পাওয়া সত্বেও যাদের অবস্থান পূর্বের মত ন্যায়ের পক্ষে না হয়ে বরং স্বার্থ সিদ্ধির আশায় পরিবর্তিত হয়েছে বলে অনেকের ধারণা।বিভিন্ন টকশো ও নিজস্ব ইউটিউব চ্যানেলে তাদের নিয়ে অনেকের তরফ থেকে রীতিমত কঠোর সমালোচনাও করা হচ্ছে তা সত্বেও তারা তা গায়ে মাখছেন বলে মনে হচ্ছে না।ফলে সাধারণ মানুষের মনে তাদের অতীত ভূমিকা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।যদিও ভাল মন্দ উভয় পক্ষের জন্যই কারো কারো সমর্থন থাকতে পারে তবে তা প্রকাশ্য ঘোষনার মাধ্যমে হলে গণমানুষের নিকট অবস্থান স্পষ্ট হয় ফলে মানুষ তাদের সন্দেহের চোখে দেখে না যা তাদের ইমেজের জন্য সহায়ক।প্রশ্ন হলো এহেন বর্ণচোরা মানুষকে বুদ্ধিজীবী হিসেবে বিবেচনা কতটা যৌক্তিক?যদিও তারা নিজেদের বুদ্ধিমান প্রাণী হিসেবেই বিবেচনা করে থাকেন।

বিশ্বাসীগণ ধর্মকে মনে করেন কল্যাণকর জীবন ব্যবস্থার জন্য একটি উত্তম গাইডলাইন পক্ষান্তরে সংশয়বাদী ও স্বার্থপর দুনিয়াকে যারা নেহায়েত ভোগের জায়গা মনে করেন তারা স্বার্থ হাসিলের জন্য এমন কোন কূট কৌশল নেই যা অবলম্বন করে তারা নিজ স্বার্থহাসিলের চেষ্টা করে না আর তারাই কৌশলে ঘৃণাকে ছড়িয়ে দেন একটি বিশেষ শ্রেণীর মধ্যে অপর একটি বিশেষ শ্রেণীর বিরুদ্ধে যে ঘৃণা উভয় শ্রেণীর মধ্যে পারস্পরিক ভীতি ও সংশয় সৃষ্টি করে ফলে এক সময় তা পরস্পরের বিরুদ্ধে ব্যাপক সংঘাতের সৃষ্টি করে।বিভিন্ন জনপদে আভ্যন্তরীণ ও বাহ্যিক সংঘাত বা যুদ্ধ বিগ্রহের মূলে এরই উপস্থিতি লক্ষ্য করা যায়। মুসলিম সংখ্যা গরিষ্ঠদের মধ্যে ইসলামী আদর্শের প্রতি যতটা প্রকৃত মনোযোগ থাকার কথা তার পরিবর্তে কোন কোন মহলের ইসলামী আদর্শের অপব্যাখ্যার মাধ্যমে মানুষকে দ্বিধাবিভক্ত করে নিজ নিজ স্বার্থ হাসিলের কাজেই বেশী ব্যবহার করতে দেখা যায়।আর এসবই হয় মুসলিম নামধারী স্বঘোষিত কিছু অতি উৎসাহী সেক্যুলার পরিচয় দানকারী অতি আধুনিক গোষ্ঠের মানুষের মাধ্যমে।যাদের পেশা নির্বিশেষে তারা নিজেদের সুশীল ও বুদ্ধিজীবীদের অন্তর্ভুক্ত বলেই মনে করেন এবং সমাজ রাজনীতির এমন এরপর ৪০ পৃষ্ঠায়

> যদিও বিশ্লেষণ দোষের নয় কিন্তু যখন তা স্ববিরোধী হয় এবং সাধারণ মানুষের বুঝতে অসুবিধে হয়না যে তাদের উদ্দেশ্য স্বার্থপরতায় পরিপূর্ণ। এসব লোকদের ধর্মবিশ্বাস কোন বিষয় নয়। তাদের ধারণা মুসলিম পরিবারে জন্ম হয়েছে বলেই তারা মুসলিম অন্য কোনো ধর্ম পালন কারীদের ঘরে জন্ম হলে নিশ্চয়ই তারা সেই ধর্মের অনুসারী হতো তাই মুসলিম ধর্ম পালন এবং সৎ জীবন যাপন তাদের নিকট খুবই এলার্জিটিক ব্যাপার।কারণ তাহলে পছন্দমত জীবন যাপন,আর্থিক ব্যবস্থাপনা ও নিরঙ্কুশ ক্ষমতা প্রয়োগ বাধাগ্রস্থ হতে পারে বলে তাদের ধারণা যদিও বিষয়টি আপেক্ষিক তবে সাধারণের মধ্যে এরুপ ধারণাকে ভুল প্রমাণের দায়িত্ব একান্ত তাদের


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814



নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইন্‌ক
Narayanganj Dist. Association of North America Inc.
Welcome to... HECKSCHER STATE PARK
Home Of The White Tailed Deer
বনভোজন
বনভোজনে কোন চাঁদা নেই
২৪ আগষ্ট, রোববার, ২০২৫
সময়: সকাল ১০টা থেকে সন্ধ্যা অবধি
24 AUGUST, SUNDAY 2025
স্থান: Heckscher State Park
(1 Heckscher State Park, East Islip, New York)
TYLOR PAVILION
প্রিয়জন ও নারায়ণগঞ্জবাসী,
আমরা এ বছরও বনভোজনের আয়োজন করতে যাচ্ছি। আশা করছি, বনভোজন এবারও 'মিলনমেলায়' পরিণত হবে।
বনভোজনে আপনাদের স্ব-পরিবারে উপস্থিতি কামনা করছি।
আমন্ত্রণে
মোস্তফা জামাল টিটু
সভাপতি
ফোন: ৬৪৬-২৪৪-০০৫৭
সার্বিক তত্ত্বাবধানে
মোহাম্মদ মোহসীন
উপদেষ্টা
ফোনঃ ৯১৭-৫১৯-০০০২
কামাল হোসেন টিটু
সাধারণ সম্পাদক
ফোন:৩৪৭-৪৮৪-৮০৮৮
প্রধান অতিথি
নূর-ই আজম বাবু
বিশিষ্ট সমাজসেবক
প্রধান বক্তা
কাজী আজাহারুল হক মিলন
উপদেষ্টা
উদ্বোধক
বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ মতিউর রহমান
উপদেষ্টা
বিশেষ অতিথি
মোহাম্মদ আলী
উপদেষ্টা
মোহাম্মদ মুজিবর
উপদেষ্টা
শামসুল আলম লিটন
উপদেষ্টা
মির্জা ফরিদ উদ্দিন
উপদেষ্টা
মঞ্জুরুল করিম
উপদেষ্টা
মহসিন নবী
উপদেষ্টা
মোহাম্মদ ইসমাইল
উপদেষ্টা
নাসির উদ্দিন আহমেদ (চঞ্চল)
উপদেষ্টা
পৃষ্ঠপোষকতায়
মোশতাক আহমেদ (নিউটন)
এস.এম. সায়েম মিন্টু
রাফাত হাসান
দোলন খন্দকার
আশিক কবির
সহযোগিতায়
এমডি সরফরাজ
সোহেল আহমেদ
নিপা জামান
এম. আজিজুল হক
দর্পণ কবীর
নিতাই দাস
মোহাম্মদ ইমাম
নিপা আক্তার
র‌্যাফল ড্র ১০টি পুরস্কার
১ম পুরস্কার: ঢাকা-নিউইয়র্ক-ঢাকা এয়ারটিকেট সৌজন্যে: নাবিলা জুঁই
২য় পুরস্কার: স্বর্ণের অলঙ্কার সৌজন্যে: মাহফুজ আহমেদ মনসুর
৩য় পুরস্কার: এলইডি টেলিভিশন সৌজন্যে: সাখাওয়াত শ্যামল
৪র্থ পুরস্কার: এলইডি টেলিভিশন সৌজন্যে: শিমুল খন্দকার
৫ম পুরস্কার: ল্যাপটপ সৌজন্যে: দুলাল যেহেন্দু
FREE ICE CREAM!
COLD STONE CREAMERY
নারীদের বালিশ খেলায়
আকর্ষণীয় পুরস্কার
২০ আগষ্টের মধ্যে খাবারের কুপন সংগ্রহ করুন
কুপন সংগ্রহের ফোন নম্বর:
৬৪৬-২৪৪-০০৫৭
৯১৭-৫১৯-০০০২
৩৪৭-৪৮৪-৮০৮৮
কণ্ঠশিল্পী:
সকালের নাস্তা ১০টা থেকে দুপুর ১২টার মধ্যে বিতরণ হবে
আয়োজনে: কার্যকরী পরিষদ, নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইন্‌ক।











## দিদারুল ইসলামকে অশ্রুসিক্ত বিদায়

১ পৃষ্ঠার পর







জানাজার আগে নিহত পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের সম্মানে ডিটেকটিভ ফার্স্ট গ্রেড পদোন্নতি দিয়ে তাঁকে দাফন করা হয়। গত সোমবারের এই ঘটনার পর সিটি মেয়র এরিক এডামস থেকে শুরু করে পুলিশ কমিশনার জেসিকা সারাহ টিসচ এবং তার সহকর্মীরা ব্রোঙ্কস-এ নিহত পুলিশ কর্মকর্তার পরিবারের কাছে ছুটে যান। মূল ধারার বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দও দিদারুলের পরিবারের পাশে দাঁড়ান। নিহত পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলাম অন্তঃসত্ত্বা স্ত্রী ও ছোট ছোট দুই ছেলে রেখে গেছেন।

লাস ভেগাসের একটি ক্যাসিনোতে নিরাপত্তার দায়িত্বে কাজ করতো ঘাতক তামুরা। ওই ক্যাসিনোর সুপারের কাছ থেকে ১৫০০ ডলারে কেনা রাইফেলটি নিয়ে সে নিউইয়র্কে আসে হত্যাযজ্ঞের উদ্দেশ্যে। ম্যানহাটনের পার্ক অ্যাভিনিউতে প্রকাশ্যে রাইফেলটি নিয়ে হেঁটে বহুতল ভবনটিতে ঢুকে। পরে বন্দুকধারীর গুলিতে পুলিশ কর্মকর্তাসহ চারজন নিহত হন। ভবনটির ৩৩তলায় ওই বন্দুকধারী নিজেই আত্মঘাতী গুলিতে প্রাণ হারিয়েছে বলে জানিয়েছে পুলিশ।

গাড়িতে করে অস্ত্রসহ সারাদেশ সে ঘুরে বেড়িয়েছে। কোথাও তাকে থামতে হয়নি। এমনকি নিউইয়র্কের ম্যানহাটনে বিশাল অস্ত্রটি নিয়ে হেঁটে ২ ব্লক পার হলে পুলিশ, কোন ডিটেকটিভ বা সাধারণ মানুষ কেউ তাকে কোন কিছু জিজ্ঞাসা করেনি বা পুলিশকে কেউ ফোনও করেনি। বীরদর্পে সে বহুতল ভবনে ঢুকে গুলি চালিয়ে হত্যা করেছে নিরপরাধ মানুষদের। বাংলাদেশি





আমেরিকান পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলাম (৩৬) নিহত হবার পর নিউইয়র্ক থেকে একটি ডিটেকটিভ টিম এখন লাস ভেগাসে তদন্ত করছে বলে জানা গেছে।

কি ঘটেছিল নিউইয়র্কে তা নিয়ে মানুষ ছিলেন আতঙ্কে। গত সোমবার সন্ধ্যা ৭টার কিছু আগে পুলিশ সামাজিক যোগাযোগমাধ্যমে সবাইকে পার্ক অ্যাভিনিউ এবং ইস্ট ৫১তম স্ট্রিট এলাকা এড়িয়ে চলার আহ্বান জানায়। কিছুক্ষণ পর মেয়র এরিক অ্যাডামস বলেন, 'নিউইয়র্কবাসী, ম্যানহাটনের মিডটাউনে একটি গুলির ঘটনা চলছে। আশপাশে থাকলে সতর্ক থাকুন এবং পার্ক















অ্যাভিনিউয়ের কাছাকাছি থাকলে বাইরে বের হবেন না।'

এফবিআইয়ের নিউইয়র্ক ফিল্ড অফিস জানিয়েছে, তারা ঘটনাস্থলে সহায়তা দিচ্ছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে। ৩৪৫ পার্ক অ্যাভিনিউয়ের ওই ভবনে ন্যাশনাল ফুটবল লিগ (এনএফএল), ইনভেস্টমেন্ট ফার্ম ব্ল্যাকস্টোন এবং জেপি মরগান চেজের করপোরেট অফিস রয়েছে। এনএফএল কর্মীদের সতর্ক করে জানানো হয়, 'বাইরে কেউ বের হবেন না।

নিজের অবস্থান সুরক্ষিত রাখুন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আপনার তলা ক্লিয়ার না করা পর্যন্ত সাবধানে থাকুন। ফোন সাইলেন্ট করে দিন।'

হামলার সময় ভবন থেকে অগণিত সাধারণ মানুষদের হাত উপরে তুলে বেরিয়ে যেতে দেখা যায়। আশপাশে বিপুলসংখ্যক পুলিশ ও জরুরি বাহিনীর সদস্যদের মোতায়েন করা হয়। যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল পাম বন্ডি জানান, সাউদার্ন ডিস্ট্রিক্ট অব নিউইয়র্ক একটি কমান্ড পোস্ট স্থাপন করেছে এবং এফবিআই ঘটনাস্থলে রয়েছে। হাউস মাইনরিটি লিডার হাকিম জেফরিজ পুলিশ কর্মকর্তার ওপর হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন, 'এনওয়াইপিডির জন্য প্রার্থনা করছি। এই কঠিন সময়ে ঈশ্বর যেন আমাদের শহরের উপর দৃষ্টি রাখেন।'

পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের মৃত্যুতে বাংলাদেশি কমিউনিটিসহ সারা পৃথিবীতে তোলপাড় হয়ে যায়। নিউইয়র্কের সাধারণ মানুষ সন্ত্রাসিদের বিরুদ্ধে কঠোর অবস্থান নেয়ার জন্য কর্তৃপক্ষকে আহবান জানান।





## লায়ন্স ক্লাবের কর্মকর্তাদের শপথ অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর









রাসেল সবাইকে ধন্যবাদ দিয়ে কিছু প্রস্তাবনা উপস্থাপন করেন এবং নতুন সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার অনুষ্ঠান পরিচালনা করেন।

নতুন কার্যনির্বাহী পরিষদ ২০২৫- ২০২৬ সালের অভিষেক অনুষ্ঠান আগামী ১৬ আগস্ট ইনস্টলেশন সেরেমনি অনুষ্ঠিত হবে লং আইল্যান্ডের দি রয়েল পাম হল রুমে।

এ অনুষ্ঠানের আহবায়ক মনোনীত হয়েছেন লায়ন রুহুল আজিম, চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন সেকেন্ড ভাইস গভর্নর লায়ন শাহনেওয়াজ। মেম্বার সেক্রেটারি নির্বাচিত হয়েছেন এসএম উদ্দিন পিন্টু। নতুন কমিটির কর্মকর্তাদেরকে পিন উপহার দেন লায়ন আহসান হাবিব। অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন শাহ নেওয়াজ, রফি আলিয়ান, এসএম আলম, মোহাম্মদ সাইদুল ও মামুন রানা তপন।





# বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা কর্পোরেশন
# BANGLADESHI SPORTS COUNCIL OF AMERICA CORP.

# GOLDEN AGE FOOTBALL TOURNAMENT-2025

**VENUE : RANDALL'S ISLAND PARK & ICAHN STADIUM, ADDRESS: 10 CENTRAL ROAD, NEW YORK 10035**

## GRAND SPONSOR


GOLDEN AGE HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান? আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে, আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব ধরনের সেবা প্রদান করবো



Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-583-5003, Fax: 347-275-6834

HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

BROOKLYN OFFICE
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


## GROUP-A

BRONX UNITED FC · AYSAB 15 · NYRSC (NEW YORK RIVALS SPORTING CLUB) · Sandwip United

## GROUP-B

FIGHTER'S CLUB · জুবো সংঘ · GARDEN STATE FC · NT

## GAME SCHEDULE

**WEEK 1 SCHEDULE JUNE 15, 2025 FIELD #10 (OPENING CEREMONY)**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS AYSAB |
| 7:30 PM | Jubo Songo VS Garden State FC |

**WEEK 2 SCHEDULE JUNE 22, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | NY RIVALS SC VS SANDWIP UNITED |
| 7:30 PM | FIGHTERS CLUB VS NOAKHALI TIGERS |

**WEEK 3 SCHEDULE JUNE 29, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS NY RIVALS SC |
| 7:30 PM | GARDEN STATE FC VS NOAKHALI TIGERS |
| 8:30 PM | JUBO SONGO VS FIGTHERS CLUB |

**WEEK 4 SCHEDULE JULY 6, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | JUBO SONGO VS NOAKHALI TIGERS |
| 7:30 PM | BRONX UNITED VS SANDWIP UNITED |
| 8:30 PM | AYSAB FC VS NY RIVALS SC |

**WEEK 5 SCHEDULE JULY 13, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | FIGHTERS CLUB VS GARDEN STATE FC |
| 7:30 PM | SANDWIP UNITED VS AYSAB FC |

**QUARTERFINAL GAME SCHEDULE FIELD #75 (BASED ON POINTS)**

| MATCH | TEAM 1 (RANK) | TEAM 2 (RANK) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| Quarterfinal 1 | 1 | 8 | JULY 20, 2025 | 6:30 PM |
| Quarterfinal 2 | 2 | 7 | JULY 20, 2025 | 7:30 PM |
| Quarterfinal 3 | 3 | 6 | JULY 27, 2025 | 6:30 PM |
| Quarterfinal 4 | 4 | 5 | JULY 27, 2025 | 7:30 PM |

**SEMI-FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On Quarterfinal Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME TIME | GAME TIME |
|---|---|---|---|---|
| SEMI-FINAL 1 | QF 1 (1 VS 8) | QF 3 (3 VS 6) | AUGUST 3, 2025 | 6:30 PM |
| SEMI-FINAL 2 | QF 2 (2 VS 7) | QF 4 (4 VS 5) | AUGUST 3, 2025 | 7:30 PM |

**FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On SEMI-FINAL Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| FINAL GAME | SF 1 | SF 2 | AUGUST 10, 2025 | 7:00 PM |

সম্মানিত সুধী, আসসালামু আলাইকুম,

বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র উদ্যোগে ২০২৫ সালের ফুটবল টুর্নামেন্ট এর আয়োজন করা হয়েছে। আগামী ১৫ই জুন, ২০২৫ রবিবার ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন উপলক্ষে বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি একান্তভাবে কামনা করছি। ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি শাহ নেওয়াজ, এমবিএ, প্রেসিডেন্ট এন্ড সিইও, গোল্ডেন এইজ হোম কেয়ার, চেয়ারম্যান বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক।

উক্ত ফুটবল টুর্নামেন্টে, কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ ও কমিউনিটির সকল নেতৃবৃন্দকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

**Event Venue & Date:**
June 15th 2025, Sunday @ 6pm
Randall's Island Icahn Stadium, Field #10, Address: 10 Central Road, New York 10035

Dulal Miah Enam
President
Cell : 718-450-5394

Khairul Islam Kukon
General Secretary
Cell : 347-672-2256

# Bangladeshi Late Police Officer Dider is Hero

Shah Nawaz

The New York police officer who was killed when a gunman opened fire in a midtown Manhattan building Monday evening was a dedicated father and civil servant who was working a second job as a security guard, officials said. Didarul Islam, 36, an immigrant from Bangladesh, was the first person to be shot in the attack at 345 Park Ave., which left four other people dead, including the gunman, authorities said.

Islam, who had been with the police department for about four years, leaves behind two young sons and a wife who is pregnant, the police department said. "He was doing the job that we asked him to do," Police Commissioner Jessica Tisch said at a news conference Monday night. "He put himself in harm's way. He made the ultimate sacrifice, shot in cold blood, wearing a uniform that stood for the promise that he made to this city." She said Islam was working off-duty through a police program that allows companies to hire officers in uniform to provide extra security. Mayor Eric Adams, who told reporters at the news conference that he had met with Islam's family earlier in the night, said those who knew him said he "believed in living out the life of a godly person."








# Trump has weaponized the government to replace 'wokeness' with his version of diversity

Ajkal Desk

It's not news that the government is using withheld federal funds, the threat of blocked mergers and other strong-arm tactics to exploit pressure points and impose President Donald Trump's version of diversity on the country.

It is new that the efforts are yielding results.

In higher education: The Department of Justice has transformed its Civil Rights Division into a strike team against what it views as unwarranted and illegal diversity efforts in higher education.

In private enterprise: The Federal Communications Commission approved a $6 billion merger between Paramount and Skydance only after in-writing promises to dismantle diversity initiatives.

In the media: That Paramount merger also hinged on commitments that CBS News' "reporting will be fair, unbiased, and fact-based." Given the furor raised by Trump and others over "60 Minutes," the implication is that there will be changes.

Just as its parent company was agreeing to a diversity of opinions in programming, CBS also, coincidentally, cited financial losses to cancel "The Late Show" with Trump critic Stephen Colbert, who called Paramount's settling of a lawsuit with Trump related to "60 Minutes" a "big fat bribe."

In sports: There's no evidence yet that Trump is willing to follow through on his threat to hold up a new stadium for Washington's football team, now called the Commanders, unless owners revert to calling it the Redskins. The team has rejected the idea. Then again, pre-season camps are just now underway and Trump has been out of the country.

But promoting religion is encouraged. At the same time it is clamping down on racial and gender diversity efforts, the administration is changing policy to allow and even encourage federal workers to share their religious views with colleagues and even proselytize at work, as long as it's not harassment.

Making the most headway on campus

The Trump administration's efforts to change higher education have used billions in federal funding for research and more — money on which universities, their faculties and the scientific community rely — to extract policy concessions.

Columbia University agreed to pay $200 million over three years in exchange for the reinstatement of federal funding. But it also agreed, among many other things, to end diversity initiatives, crack down on mask-wearing protesters, and much more, including the hiring of specific new faculty in the Jewish studies department.

Harvard, according to a New York Times report, is also open to a settlement, but could fork over up to $500 million to avoid its current court battle with the Trump administration. The Times did not report on specific terms of the potential deal and whether it could include diversity initiatives, but the government's complaint against Harvard was brought under the Civil Rights Act.

It's possible the administration sees a template here. Most colleges in the country are not in compliance with the Supreme Court's decision banning affirmative action, according to Harmeet Dhillon, who leads the DOJ's Civil Rights Division.

"There's 6,000 institutions of higher education in the United States and I have reason to believe that most of them are out of compliance with students for fair admissions," she told CNN's Jake Tapper last month. (Source-CNN)



# Jeffries will meet with Texas Democrats amid congressional map battle

Ajkal Desk

The move comes as President Donald Trump urges lawmakers to redraw the state's congressional map in Republicans' favor. Texas typically redraws its congressional maps every 10 years in accordance with the census.

But the president announced this month that he hopes redistricting could give Republicans five more House seats.

"There could be some other states we're going to get another three, or four or five in addition. Texas would be the biggest one." he said on July 15. "Just a simple redrawing we pick up five seats."

Democrats — who hold only 12 of the state's 38 congressional seats — are aware the redistricting hurts their chances of reclaiming a House majority.

Democrats have been pondering ways to fight back, including through a quorum break, which would see the required number of members refusing to attend the special session needed to pass the new map. But Democrats who flee the state would incur $500 fine per day and the possibility of arrest.

Democratic Rep. Al Green, who represents the state's 9th Congressional District and who will meet Jeffries in Austin on Wednesday, said the minority leader's visit could help "inspire" voters to get involved.

"We understand that this is all hands on deck for us in the Democratic Party," Green told POLITICO. "This is not just about Texas. ... They will take this to other places." Green added that if the redistricting goes through, it could keep minority candidates from Congress. "This is racism," Green said, pointing out that the four districts targeted all elected people of color. Jeffries' visit to the state comes as a recent Democratic poll indicates the redistricting could spell trouble for Republicans in 2026, with 63 percent of likely voters across 22 of Texas' congressional districts saying redrawing the state's congressional map is unnecessary. Forty-one percent of Republicans think the effort to draw new lines in the GOP's favor is unnecessary. Still, the Texas Republican Party said redistricting is "an essential step to preserving GOP control in Congress and advancing the President Trump's America First agenda."

# Astoria motorcyclist killed in fatal crash on Long Island Expressway near LeFrak City

**Ajkal Desk**

A motorcyclist from the Hallets Point section of Astoria was killed on the Long Island Expressway after he was thrown from his bike during a fatal collision in Corona on Thursday, July 24, according to authorities.

Police say Kahyl Pena, 24, of 3rd Street in Astoria, was riding a 2019 Kawasaki westbound on the highway near LeFrak City at 97th Street just before 4 p.m. when he struck a 2024 Mazda CX-5 driven by a 26-year-old man who was also traveling westbound, according to a preliminary investigation.

The impact of the crash ejected Pena onto the roadway, where he was struck by a second vehicle that sped away from the scene. Police from the 110th Precinct in Elmhurst responded to a 911 call of a motor vehicle collision and found Pena on the highway. EMS responded to the location and rushed Pena to Elmhurst Hospital, where he was pronounced dead a short while later, police said.

The driver of the Mazda remained on scene. There have been arrests and and investigation by the NYPD Highway District Collision Investigation Squad remains ongoing. *(Source-Astoria post)*






## Manifesto for a new Bangladesh on August 3: Nahid

**Ajkal Desk**

National Citizen Party Convener Nahid Islam yesterday said they will declare the manifesto for a new Bangladesh on August 3 at Central Shaheed Minar. He urged people of all walks of life to join the event to realise their demands. "For a new and discrimination free Bangladesh, we again took to the streets after one year with the slogan 'Desh Gortey July Padajatra' [March to rebuild the nation]. We have seen that many conspiracies were being hatched and obstacles placed. Reforms initiatives were being obstructed," he said at a rally in Narsingdi on the last day of NCP's month-long march.

The party started the march on July 1 after paying tribute to Abu Sayed in Rangpur, and it ended with rallies at Narsingdi and Ashulia of Dhaka last night. At the Narsingdi rally, Nahid alleged that they were not allowed to frame a new constitution and to remove President Mohammed Shahabuddin elected by the fascist Awami League. He also criticised the interim government for not presenting the "July Declaration". "Although Mahfuj Alam and Asif Mahmud are not members of our party, they are student representatives of the July uprising. They are working to realise the aspirations of July. But there is a plot underway to remove them," Nahid continued. He said, "In Narsingdi, land grabbing and extortion continue, but we will drive out those responsible." Nahid expressed gratitude for people's overwhelming support for their countrywide march. Over the last five months, the NCP received unpresented response from the people and the "party will win in the coming parliament and in the new Bangladesh", he said. At its final rally of the march in Baipail intersection in Ashulia, Nahid said, "Sheikh Hasina's crimes will not be reduced even if she is hanged 10 times. "The people of Bangladesh will never forgive Hasina. They will never forgive the Awami League… they will not even forgive a refined Awami League."

## Shakib Khan's upcoming film not inspired by famous mobster



**Anik Raj**

Rumours have been swirling on social media suggesting that Shakib Khan's upcoming Eid-ul-Fitr release draws inspiration from the life of infamous 1990s Dhaka gangster Kala Jahangir. However, the filmmakers have categorically dismissed the speculation. In an official statement issued today, producer Shirin Sultana and director Abu Hayat Mahmud clarified that the film is not a biopic and bears no connection to any real-life individual. "We have noticed some misinformation spreading online about the film we are making with Shakib Khan. It is being said that the story is based on Kala Jahangir's life, which is completely untrue," the statement read. "This project is being developed on a larger-than-life scale, set in the backdrop of 1990s Dhaka. It will blend elements of crime, love, action, emotion, and family drama." Though Shakib Khan has officially signed on for the lead role, the film's title is yet to be announced. Director Abu Hayat Mahmud noted that the official title will be revealed in August, hinting that a few additional surprises might also be in store for fans.

### DOJ civil rights chief reacts to UVA president's resignation

## Tarique warns govt against missteps democratic backslide

**Ajkal Desk**

Acting chairman of the Bangladesh Nationalist Party Tarique Rahman on Wednesday warned that any wrong decision by the interim government could put the country's democratic journey at serious risk and open the door to the rise of fascism, extremism and radicalism. 'Any wrong step by the government can push the journey of democracy into crisis. Fascism, extremism and radicalism can raise their heads. So, we all, especially, the interim government must remain extremely careful,' Tarique made the remarks while virtually addressing a protest rally organised by the Dhaka District unit of BNP at Darul Ihsan Madrassah ground at Sreepur in Ashulia.



The programme was arranged to commemorate the victims of the Ashulia incident during the July mass uprising in the past year, where the bodies of martyrs were reportedly burnt near the Ashulia police station. After the removal of fascist rule, Tarique said that people entrusted the interim government with the responsibility of running the country, hoping their rights would be restored. He, however, expressed concern that certain elements within the interim government might be using evil tactics instead of working to return the country's ownership to its people by handing over power to their elected representatives. 'There is a serious concern and question among the people about whether the interim government is showing the wisdom and farsightedness needed in determining election priorities,' he said. Tarique also cautioned that the defeated and fugitive fascist forces are waiting for any mistake by the government to make their political gains. 'I want to draw the attention of the interim government to the fact that the fallen, fugitive, defeated and ousted fascist forces are lurking in the shadows, waiting for an opportunity to return despite the blood of hundreds of martyrs,' he said. If the government and political leadership could be made accountable to the people, a real change in politics would be possible, he said, adding, 'At the same time, it will be possible to ensure the political empowerment of the people.' He said that people from all walks of life did not continue their movement for over 15 years, nor did they become martyrs in the July uprising, just to hand over state power to a few individuals. The BNP leader said that people removed the autocratic and fascist regime and sacrificed their lives to establish their rights in the state and government. 'So, whoever is in power, if they want to govern, they must listen to the people. They must understand the hopes and voices of every citizen. Anyone who wants to be elected as a public representative must stay connected to the people,' he said. Tarique said that the BNP wanted to build Bangladesh that the martyrs had dreamt of through a politics that empowered people. Talking about the contributions of those who sacrificed their lives during the mass uprising, the BNP leader said that martyrs were not just numbers. 'The death of one person means the end of dreams and possibilities for an entire family. But the martyrdom of your sons and loved ones has freed the country and its people from fascism. The nation is indebted to your martyred children,' he said.

The BNP leader stressed that the state and the government had responsibilities towards every martyr's family.

He said that farmers, workers and all working people should be able to feel proud of their role in building democracy.

Tarique mentioned that if BNP got the people's support to form the next government, it planned to build a special memorial and establishments in Savar, Ashulia or another suitable place to honour the sacrifices of the martyrs, including those from working-class families. Paying tribute to the martyrs from the Liberation War to the 2024 uprising, he prayed, 'Allah would accept each sacrifice as martyrdom.' The BNP acting chairman also prayed for the quick recovery of those who were injured.

Speaking at the programme, the BNP secretary general Mirza Fakhrul Islam Alamgir urged all political parties not to create divisions over minor issues, so that the country's path to democracy was not disrupted again. 'Right now, a lot is being said and interpreted politically, and that's normal in a democracy. But don't do anything that could once again harm the democratic process,' he said.

The BNP leader also warned that unnecessary disputes over small matters could help pave the way for what he called 'the return of fascist Hasina'.

He stressed the need for unity among all political forces to quickly resolve their differences and restore democratic order in the country. The BNP leader voiced frustration that the government has still failed to provide proper compensation for the families of those killed and injured during the mass uprising. He strongly criticised deposed Prime Minister Sheikh Hasina, accusing her of resorting to brutal killings just to cling to power. He said Hasina must face trial for the atrocities she committed by killing students and ordinary people to forcibly stay in office. Some family members of the martyrs shared their heartbreaking stories, moving the entire gathering to tears.

# এই সপ্তাহের কবিতা



## অগ্নি সময়
### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

ওরা স্বার্থের জাল বুনতে
দেয় নীতি জলাঞ্জলি।
জন্মান্ধ নিয়মে জ্বালে
অগ্নি সময়।
বুনোপথে সুশীলা
আটে রহস্য।
বিনষ্ট বিকেলের চোখ
তর্তি দাম্ভিকতা।
আমাদের অমিমাংসিত
স্বপ্নরা পঁচে আবর্জনায়।
ব্যর্থতার গ্লানি ফোটে
দহন বুকে।
চেনা পথ হারায়
অন্য বাঁকে।
ওদের মিথ্যে কথার
ছলচাতুরীতে কখনো-
বাংলার বুক হয় গুলিবিদ্ধ,
কখনো ভাসে বন্যায়,
কখনো পুড়ে খরায়,
কখনো বা দুর্নীতিবাজদের
হাতে হয় সর্বহারা লুটপাট।

লেখক: কুইন্স, নিউইয়র্ক।



## আমি কাঁদতে চাই
### মনিজা রহমান
(মাইলস্টোন স্কুলে নিহত-আহতদের উদ্দেশে)

এমন ঝলসানো শৈশব দেখেও আমি কাঁদতে পারিনি,
কিছুতেই কাঁদতে পারিনি
আমারো তো শৈশব ছিল, দুই পুত্রের জন্য কোল ছিল
আমাকে হৃদয়হীন ভাবলে ভাবতে পারো
আমি সত্যিই কাঁদতে পারিনি -অন্তত দৃশ্যমান কান্না।

দুপুরের রোদ কাঁদছিল, আমি দেখেছিলাম।
দূরের কার্নিশে কয়েকটি কাক কাঁদছিল, তাও দেখেছিলাম
কষ্ট লুকাতে না পেরে বাতাস মিশে গিয়েছিল ধোঁয়ায়
রক্তে-আগুনে-শব্দে মেশানো সেই কান্না কানে এসেছিল
তাই আমি কাঁদতে পারিনি, আজও।

গাজার জন্য কেঁদেছি দূর থেকে
দিয়াবাড়ির এত কাছে থেকেও কাঁদতে পারিনি।
জানি না চোখের কতফুট গভীরে অশ্রু থাকে
শুনেছি খুব কাছের কষ্ট কালবৈশাখীর চেয়ে তীব্র গতির।

লেখক: কবি, নিউইয়র্ক।



## মাইলস্টোন ট্র্যাজেডি
### বিপুল চন্দ্র রায়

আকাশ ছিল নীল, সূর্য ছিল ঝলমলে,
হাসি মুখে শিশুরা ছুটছিল স্কুল প্রাঙ্গণে।
কত জ্ঞানের প্রদীপ শিখা নিষ্পাপ জীবন,
ভবিষ্যতের বীজ বুনেছিল কত শত জন।
আকাশ চিরে নেমে এল যেন মৃত্যু-দূত,
ভেঙে গেল স্বপ্ন, নেমে এল কালো রাত।
আগুনের লেলিহান শিখা, ধোঁয়ার কুণ্ডলী,
স্কুল চত্বর মিশে গেল রক্তের বলি।
শিক্ষক আর শিক্ষার্থী, নিথর দেহে লুটিয়ে,
রক্তে ভেজা মাটি, শোকের মাতম ছড়িয়ে।
মায়ের কোল শূন্য হলো, পিতার চোখে জল,
মাইলস্টোন এক শোকগাথা অধ্যায়ের নাম।

লেখক: কবি, নিউইয়র্ক।



## অকাল মৃত্যু
### সাইদুল ইসলাম সাইদ

ঝরে গেল ফুলগুলো
সদ্যই ফুটেছে,
কান্নায় আহাজারি
সারাদেশ রটেছে।

কলিগুলো ফুল হয়ে
দেশ ঘ্রাণে ভরবে,
অন্যায় অনাচারে
প্রতিবাদ করবে।

শেষ হল স্বপ্নটা
চলে গেল অকালে,
লোকমুখে যায় শোনা
দিন-রাত সকালে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## জন্ম জন্মান্তর
### খ. হামিদুল আজম

এইতো সেদিন কোন এক বর্ষা বা হেমন্তের সন্ধ্যায়
মাইক্রো-ফোন হাতে সুরেলা কণ্ঠে তোমার পদ সঞ্চার
অনর্গল মধুর কণ্ঠে কবিতা আবৃত্তিতে ব্যস্ত তুমি
শাড়ীর আঁচল কখনো খসে পড়ে, কানের দুল, দুলে ওঠে বারংবার
অথচ ঠিক আট বছর আগেও তুমি এই ভাবে ব্যস্ত চোখে
কলেজ মাঠে, এক্সিবিশনের ভীড়ে, মুক্তিযোদ্ধা মঞ্চে শীতের সন্ধ্যায়
রাস্তা পারাপারের সময় শক্ত করে আমার হাত ধরে রাখতে মুঠোই
যেন এভাই আমাদের দুজনের মিলন দৃশ্য জন্ম জন্মান্তরের।

তখন তোমার মুখে কোন কথা ছিলনা, আমি অনর্গল কথা বলে যেতাম
আর তুমি মুচকি মুচকি হাসতে, আর শ্রোতার সারিতে বিজ্ঞের মত বলতে
    'এত কথা কেমন করে খুঁজে পাও তুমি'
আজ এতদিন পর নিখোঁজের খোজ পেয়ে আমি মুগ্ধ শ্রোতার মতন
    বিস্ময়ে তোমার দিকে তাকিয়ে থাকি আর ভাবি
এতদিন কোথায় ছিলে তুমি? কোন মহাপুরুষের সঙ্গে,
কে তোমার নবীন সঙ্গী?

কি তার পরিচয়?
তার হাত দুটি কি আমার চেয়েও বিশ্বস্ত ও কোমল
নাকি কর্কশ মধুর?
ছোট এক ব্যাংকের কেরানী আমি,
রোজকার খাতায় আয় ব্যয়ের হিসেব মেলায়
আর ভাবি, মধ্যবিত্ত পরিবারে জন্ম নিয়ে
আকাশ ছোঁয়া যায় না, অথচ তোমাকে কতবার ছুঁয়েছি
বৈশাখি মেলায়, লালনের আখড়ায়, শীলাইদহ কুঠি বাড়ীর
গাছতলায় নির্জন কোনে একই চাদরের ভীতর
শীতের কোয়াশা মোড়া সন্ধ্যায় কি অসহায় ছিল তোমার
সেই আত্মসমর্পনের দৃশ্য! অথচ আজ সেই কিশরী
এক উদ্ভ্রান্ত যুবতী সুরেলা কণ্ঠে শব্দের যাদুতে কি অপরুপ সুন্দরী

অন্যের বাহুতে আবদ্ধ হয়ে আছে। বিস্ময়ে চেয়ে থাকি
হিসেব মেলে না। মনে পড়ে এই কি সেই কিশোরী কান্তা?

লেখক: কবি, নিউইয়র্ক।



## অন্ধকারের বোতাম খুলে
### আহম্মদ হোসেন বাবু

নিশ্চিত যাবোতো, এই শেষ নয়-
আবারও একদিন দেখা হবে আমাদের।
প্রেম থাকলে আসতে হয়, ভালোবাসা থাকলে ফিরতে হয়।
ফিরলে, ফুল হয়ে ফিরবো।
পূর্ণিমার রাতে জানালার পাশে, হাস্নাহেনা
যেভাবে বিলায় গন্ধ- ঠিক সেভাবে।
নয়তো ছোট্ট পাখি হয়ে কিংবা আকাশের মেঘ হয়ে-
যেন আশা-যাওয়ার মাঝে না থাকে বিলম্ব কোনো।
নয়তো ফিরবো আকাশের তারা হয়ে-
দেখা যাবে, কিন্তু হাত বাড়িয়ে যাবে না ছোঁয়া।
তবে আমরা ছোঁবো মন দিয়ে মন, কথা দিয়ে কথা-
যে কথা বলিনি, যে গান এখনো গাইনি
সে কথা সে গান দিয়েই কাটবে মধুচন্দ্রিমার মাধবী প্রহর;
আমাদের হাসির ঝংকারে নক্ষত্র সাজাবে আলোর বাসর।

যাব তো নিশ্চিত, আবারও দেখা হবে আমাদের
তখন শুধুই পলকহীন চেয়ে থাকা।
বিদ্যুৎবাহী তারে হঠাৎ যেভাবে জ্বলে ওঠে আলো-
ঠিক সেভাবেই জ্বলবে আমাদের  অক্ষিতারা,
মধুপূর্ণিমার চাঁদ বিছাবে নরম আলো, আমাদের নিমগ্ন নগ্নতায়-
নেশাধরা মহুয়ার গন্ধে ভ্রম বইবে শরীরে তখন,
চৈতিরাতে ডানা ঝাপটাবে রাত জাগা পাখি;
ঢাক বাজবে ঢোল বাজবে, বাজবে নগ্ন পায়ের নুপুর।

কখনো বলিনি আসবো না, আসবো তো নিশ্চিত।
প্রেম থাকলে আসতে হয়, ভালোবাসা থাকলে ফিরতে হয়।
অন্ধকারের বোতাম খুলে, কাঁচের চুড়ির ঝিনিঝিনি শব্দে-
ফিরবো গড়াতে গড়াতে শীতল পাটির বিছানায়।
তুমি দেখে নিও, আবারও একদিন দেখা হবে আমাদের।।

লেখক: কবি, নিউইয়র্ক।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথার কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা যুলহিজ্জাহ্র বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দীন জেলার সাদুল্লাহ্পুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেম দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?

ডা. মো. নাজমুল হুদা

স্ট্রোকে ব্রেনের ভেতরের রক্তনালির মধ্যে এক বা একাধিক রক্তনালি ব্লক হয়ে যায় অথবা ছিঁড়ে যায়। ব্রেনের একেকটি অংশ শরীরের একেক অংশকে নিয়ন্ত্রণ করে। স্ট্রোকের ফলে ওই রক্তনালি ব্রেনের যে অংশে রক্ত সরবরাহ করে সচল রাখত, সে অংশ তার কার্যক্ষমতা হারায়। ফলে শরীরের ওই অংশের কার্যক্রম বন্ধ হয়ে যায় বা কমে যায়। বেশিরভাগ ক্ষেত্রে ব্রেনের যে কোনো একপাশের রক্তনালি ব্লক হয়ে বা ছিঁড়ে গিয়ে স্ট্রোক হয়। সেজন্য স্ট্রোকের লক্ষণও সাধারণত আমাদের শরীরের একপাশে দেখা দেয়।



* স্ট্রোকের লক্ষণ

হঠাৎ করে শরীরের এক পাশের হাত-পা অবশ হয়ে যাওয়া, অথবা আলাদাভাবে শুধু একহাত বা পা অবশ হওয়া, কথা জড়িয়ে যাওয়া, মুখ বাঁকা হওয়া, খাবার গিলতে অসুবিধা হওয়া, চোখে ঠিকমতো দেখতে না পারা-ইত্যাদিও স্ট্রোকের লক্ষণ। একজন সুস্থ সবল ব্যক্তির যখন হঠাৎ এসব সমস্যা দেখা দেবে, তখনই ধরে নিতে হবে তিনি স্ট্রোকে আক্রান্ত হয়েছেন। এসব লক্ষণ দেখে নিকটজন স্ট্রোকে আক্রান্ত হয়েছেন সন্দেহ করলেই আমাদের উচিত হবে, রোগীকে তৎক্ষণাৎ নিকটস্থ হাসপাতালে, সম্ভব হলে সব সুযোগ-সুবিধা সম্পন্ন হাসপাতালে নিয়ে যাওয়া। যেখানে অতি দ্রুত ব্রেনের ইমেজিংসহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে স্ট্রোকের আধুনিক চিকিৎসা শুরু করা সম্ভব। এসব রোগীর ক্ষেত্রে স্ট্রোক পরবর্তী প্রতিটি মুহূর্ত মূল্যবান। লক্ষণ শুরু হওয়ার পর যত তাড়াতাড়ি রোগীর চিকিৎসা শুরু করা যায়, ব্রেনের ক্ষতির হার তত কম হয়। স্ট্রোকের কারণে রোগীর শরীরে ঘটে যাওয়া শারীরিক সমস্যার উন্নতির হারও দ্রুত হয়।

* চিকিৎসা

বর্তমানে স্ট্রোকের আধুনিক চিকিৎসা হচ্ছে- থ্রম্বোলাইসিস। যেখানে স্ট্রোক হওয়ার সময় থেকে পরবর্তী চার থেকে সাড়ে চার ঘণ্টার মধ্যে সিটি স্ক্যান/ এমআরআই-সহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর রোগীর অবস্থা এনালাইসিস করা হয়। রোগী যদি থ্রম্বোলাইসিস চিকিৎসার শর্তাবলী পূরণ করে, তবে সংশ্লিষ্ট রোগীকে স্ট্রোকের এই আধুনিক চিকিৎসা দেওয়া হয়। এ চিকিৎসায় রেজাল্টি খুবই ভালো। রোগী আরও খারাপ তো হয়-ই না, বরং এক-দুদিনের মধ্যে প্রায় সম্পূর্ণ সুস্থতা লাভ করে। নিঃসন্দেহে এটি বর্তমান চিকিৎসা বিজ্ঞানের একটি আশীর্বাদ। বাংলাদেশের বেশ কয়েকটি টারশিয়ারি লেভেলের হাসপাতালে এরপর ২৭ পৃষ্ঠায়



# হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

ডা. মো. আব্দুল হাফিজ শাফী

কেস স্টাডি : ইএনটি আউটডোরে রোগী দেখছিলাম। ৪৫ বছরের এক ভদ্রমহিলা এসে রোগের ইতিহাস জানিয়ে বললেন, সকালে ঘুম থেকে উঠে ব্রাশ করতে গিয়ে আয়নায় দেখলেন মুখ একদিকে হঠাৎ বাঁকা হয়ে গেছে, ডান চোখ বন্ধ হয় না, কুলি করতে গেলে অন্য পাশে চলে যায়। ইতিহাস শুনে মনে হলো এ রোগের নাম বেলস পালসি। যদিও ফেসিয়াল প্যারালাইসিসের সঙ্গে শীতের সরাসরি কোনো সম্পর্ক নেই, কিন্তু এ রোগের একটি রিস্ক ফ্যাক্টর হলো শ্বাসনালির ঠান্ডাজনিত ভাইরাল ইনফেকশন এবং ঠান্ডা লেগে কানের ইনফেকশন, যা শীতের সময় বেশি দেখা যায়। শীতে ফেসিয়াল প্যারালাইসিসের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। এটি এমন একটি শারীরিক অবস্থা যেখানে মুখের একপাশের পেশিগুলো হঠাৎ অবশ হয়ে যায়। সপ্তম ক্রেনিয়াল নার্ভ যে কোনো কারণে আক্রান্ত হওয়ায় ফেসিয়াল মাসলের একপাশে দুর্বল অথবা প্যারালাইসিস হয়ে যাওয়াকে ফেসিয়াল পালসি বলা হয়। যখন সুনির্দিষ্ট কোনো কারণ পাওয়া যায় না তখন একে বলা হয় বেলস পালসি। এটি যে কোনো বয়সের মহিলা ও পুরুষ উভয়েরই হতে পারে। তবে পুরুষের তুলনায় মহিলাদের এ রোগটি বেশি দেখা যায়।

* কারণ

ফেসিয়াল প্যারালাইসিসের মূল কারণ এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। তবে এটি ভাইরাল সংক্রমণের কারণে হতে পারে, যেমন হারপিস সিমপ্লেক্স, ইনফ্লুয়েঞ্জাসহ বিভিন্নরকম ভাইরাল ইনফেকশন, মধ্যকর্ণের প্রদাহজনিত ইনফেকশন, ঠান্ডাজনিত কারণে (শীতের সময় মোটরসাইকেল চালানো, শীতের মধ্যে পানিতে নেমে সারা রাত মাছ ধরা, শীতে খেলাধুলার পর অতিরিক্ত ঠান্ডা পানি পান করা, শীতে দীর্ঘ ভ্রমণ যাত্রা, ইত্যাদি), মস্তিষ্কে অথবা মাথার খুলিতে আঘাতজনিত কারণ, কানের অপারেশন পরবর্তী জটিলতা।

* লক্ষণ

** আক্রান্ত রোগীর মুখ এক দিকে বেঁকে যায়।

** আক্রান্ত পাশের চোখ বন্ধ হয় না, আক্রান্ত পাশের চোখ দিয়ে পানি পড়ে।

** দাঁত দেখাতে গেলে মুখ বেঁকে যায়।

** কোনো কিছু খেতে গেলে খাবার একপাশে চলে যায়। খাবার এরপর ৩৬ পৃষ্ঠায়

# শীতে হৃদরোগীদের করণীয়

অধ্যাপক ডা. মো. মাহবুবুর রহমান বাবু



হৃদরোগীদের জন্য শীতকাল খুব একটা সুখকর নয়। যার ফলাফলস্বরূপ হাসপাতালে হৃদরোগীদের ভর্তি লক্ষণীয়ভাবে বৃদ্ধি পায়। একটি গবেষণায় দেখা গেছে, শীতকালে মায়োকার্ডিয়াল ইনফার্কশান, এনজিনা পেকটোরিস, এট্রিয়াল ও ভেন্ট্রিকুলার এরিদমিয়া, হার্ট ফেইলিউর, উচ্চ রক্তচাপ বৃদ্ধি পায়। ঠান্ডা আবহাওয়া বিশেষত যখন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামে তখন দেহের তাপমাত্রা ঠিক রাখতে মানবদেহের বিপাক বৃদ্ধি পায়।

ফলে হৃদযন্ত্রের কাজ বৃদ্ধি পায়, যা আপনার হৃদস্পন্দন এবং রক্তচাপ বৃদ্ধির কারণ হতে পারে। তা ছাড়া ঠান্ডায় রক্তনালি সংকুচিত হয় এবং আপনার হৃৎপিণ্ডকে রক্ত পাম্প করতে আরো কঠোর পরিশ্রম করতে হয়। ঠান্ডায় রক্তে ফিব্রিনোজেন, ক্যাটাকোলামাইনের মতো কিছু প্রোটিন ও হরমোন বৃদ্ধি পাওয়ায় রক্ত জমাট বাঁধার প্রবণতাও বেড়ে যায়। পুরুষদের মধ্যে এই প্রবণতা বেশি।

কিছু পরোক্ষ কারণও হৃদরোগের সম্ভাবনা ও জটিলতা বৃদ্ধি করে। যেমনঠান্ডাজনিত সর্দি-কাশি, ঘরে অবস্থান ও কম কায়িক শ্রম, অধিক ক্যালরিযুক্ত খাদ্য গ্রহণ ইত্যাদি।

করণীয়

* আপনার যদি হৃদরোগ বা উচ্চ রক্তচাপের মতো চিকিৎসা সমস্যা থাকে, তাহলে নিয়মিত চিকিৎসকের তত্ত্বাবধানে চেকআপ করাবেন। সামান্য বুকে ব্যথা, শ্বাসকষ্ট, অস্বস্তি বা বুক ধড়ফড় করাকে অবহেলা করবেন না।

* অধিক কায়িক পরিশ্রম থেকে বিরত থাকবেন। তবে নিয়মিত হালকা ব্যায়াম করবেন।

* ঠান্ডাজনিত রোগ এড়াতে গরম কাপড় ও মাস্ক ব্যবহার করবেন।

* ধূমপান পরিহার করুন।

* অধিক ক্যালরিযুক্ত খাদ্য যেমনমিষ্টি, পিঠা, তেল, ঘি, লবণ যথাসম্ভব এড়িয়ে চলবেন। প্রচুর পরিমাণে তাজা ফলমূল ও শাক-সবজি খাবেন। অতি ভোজন পরিহার করবেন। যথেষ্ট পরিমাণ পানি পান করুন।

* পুরুষ ও মহিলাদের হার্ট অ্যাটাকের এরপর ২৮ পৃষ্ঠায়

# কী কী সুফল পেতে কিশমিশ সব সময় ভিজিয়ে খাবেন?

আরাফাত রহমান পলক



স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে অন্যতম উপকারী খাবার কিশমিশ। বিভিন্ন রান্নায় কিশমিশ ব্যবহার করা হয়। কিশমিশের গুণাগুণ অনেকেরই অজানা। গ্যাস্ট্রিকের সমস্যায় খুব উপকারী কিশমিশ। এতে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকায় অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি শরীরের টক্সিন অপসারণের পাশাপাশি আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগও দূর করে। যারা রক্তস্বল্পতায় ভোগেন তাদের জন্য খুব উপকারী। কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন এবং ভিটামিন বি-কমপ্লেক্স থাকায় শরীরে রক্ত বৃদ্ধি করতে সাহায্য করে। নিয়মিত কিশমিশ খেলে তা পেট ভালো রাখে।

পুষ্টিবিদরা জানাচ্ছেন, রান্নায় দিয়ে কিংবা শুধু খাওয়ার বদলে কিশমিশ ভিজিয়ে খেতে পারলে বেশি উপকার পাওয়া যায়। ভিজিয়ে খাচ্ছেন না মানেই যে কোনো সুফল নেই, বিষয়টি তেমন নয়। তবে ভিজিয়ে খেলে বাড়তি কিছু উপকার পাওয়া যায়। সেগুলি কী?

আয়রনের খুব ভালো উৎস কিশমিশ। বিশেষ করে ভেজানো কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন থাকে। তাই আয়রনের অভাবজনিত রোগ অ্যানিমিয়া বা রক্তস্বল্পতা কমাতে বিশেষ ভূমিকা পালন করে কিশমিশ।

সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এক্ষেত্রে কিসমিস হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিশমিশ ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিশমিশ খান। নিজেই তারপর তফাত খেয়াল করুন। দিন পনেরো পরেই ফলাফল বুঝতে পারবেন।

কিশমিশে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে। আর এ উপাদানগুলো অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি এগুলো সিস্টেম থেকে টক্সিন অপসারণের পাশাপাশি গাউট, আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগ প্রতিরোধেও অনেক উপকারী ভূমিকা পালন করে।

রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে হৃৎপিণ্ড ভালো থাকে। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে ভেজানো কিশমিশের জুড়ি নেই। তাছাড়া কিশমিশে রয়েছে পটাশিয়ামের মতো খনিজ, যা হৃৎপিণ্ডের জন্য অত্যন্ত উপকারী।

কিশমিশ ক্যালশিয়াম সমৃদ্ধ একটি খাবার। বিশেষ করে ভেজানো কিশমিশ ক্যালশিয়ামের খুব ভালো উৎস। এ কারণে হাড়ের যত্ন নিতে কিশমিশের উপর ভরসা রাখতে পারেন। কিশমিশ খেলে ক্যালশিয়ামের ঘাটতি পূরণ হয়।

নিয়মিত কিছু পরিমাণে কিশমিশ খেলে তা পেট ভালো রাখতে সহায়তা করতে পারে। এতে ভালো পরিমানে ফাইবার থাকার কারণে তা পানির উপস্থিতিতে ফুলে উঠতে শুরু করে আর পেটে রেচক প্রভাব দেয় ও কোষ্ঠকাঠিন্য দূর করতে সাহায্য করে।

কিশমিশে অ্যান্টি-অক্সিডেন্ট অক্সিডেটিভ স্ট্রেস কমাতে সাহায্য করে এবং বয়সজনিত চোখের সমস্যাও প্রতিরোধ করে।

ত্বকের কোষকে যেকোনো ক্ষতি থেকে রক্ষা করতে অনেক উপকারী ভূমিকা পালন করে কিশমিশ। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট ত্বকের কোষ, কোলাজেন এবং ইলাস্টিনের ক্ষতি থেকে ফ্রি র‍্যাডিকেলগুলোকে বাধা দেয়। এর ফলে এটি বলি, সূক্ষ্ম রেখা ও ত্বকে দাগ দেখা দেওয়ার সমস্যাসহ বার্ধক্যের লক্ষণ অনেকটা বিলম্ব করতে সহায়তা করে।

# হ্যান্ডস অন ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভুঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# আহমদ ছফার সুবিধাভোগী বুদ্ধিজীবী'র বিরুদ্ধে প্রতিবাদ এবং সামাজিক চিন্তা

৭ পৃষ্ঠার পর

শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও বখাটে রাজনীতির বিরুদ্ধে তাঁর অনেক প্রতিবাদী লেখা আছে।

দারিদ্র বিমোচন ও সর্বস্তরে শিক্ষার আলো ছড়ানোর প্রত্যয়ে, বস্তির শিশুদের জন্য শাহবাগে অবৈতনিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন। দেশের অবহেলিত কবি-সাহিত্যিকদের কল্যাণেও অবদান রাখেন। বিশেষ করে, মেধাবী ও মননশীল তরুণ ছাত্র-ছাত্রীদের কল্যাণে কাজ করেন।

তিক্ত হলেও সত্যি যে, বর্তমানে বাংলাদেশের আর্থসামাজিক ও রাজনৈতিক অবস্থা ভয়ংকর খারাপ। রাষ্ট্র ও সমাজের সৎ-চিন্তাশীল রাজনীতির ব্যবস্থাপনাসমূহ ধ্বসে পড়েছে। গণতান্ত্রিক ব্যবস্থাপনার পরিবর্তে প্রশাসনিকস্তর ও সমাজের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ছড়িয়ে পড়েছে। সুশীল রাজনীতির পরিবর্তে সুবিধাভোগী মাফিয়াচক্র এবং অরাজনৈতিক ব্যক্তিদের হাতে রাষ্ট্রপুঞ্জের গুরুত্বপূর্ণ পদসমূহে ক্ষমতার মূল্যায়ন ঘটেছে। সন্ত্রাস, হত্যা ও পাশবিকতাপূর্ণ নিপীড়নমূলক আচরণ সমাজের বিভিন্ন স্তরে ছড়িয়ে গেছে। সামাজিক অবক্ষয় ও অরাজকতায় গোটাদেশ রাজনীতিশূন্য হয়ে পড়েছে। অথচ, আহমেদ ছফা আমাদের রাষ্ট্র ও চলমান সমাজের আগাম বিপদের অশনি সংকেত জানিয়ে,অনেক আগেই লিখেছেন। সেজন্য তাঁর রচনাসমূহ সবসময়ের পাঠকের জন্য প্রাসঙ্গিক। রূঢ় হলেও সত্যি যে,-দেশের সর্বত্র প্রকট সমস্যার মেঘ ঘনিভূত হয়ে আসছে। কখন,আহমেদ ছফা'র মতো প্রতিবাদী ও সাহসী বিরুদ্ধধারার বুদ্ধিজীবী আমরা খুঁজি,-কিন্তু পাইনা। "বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস'রচনাটি প্রকাশিত হয়েছিল ঊনিশ শ' বাহাত্তর সালে।

তিক্ত হলেও সত্যি যে,-সুবিধাবাদীদের বুদ্ধিবৃত্তি নিয়ে কথা বলায় আহমেদ ছফাকে জীবনে অনেক কঠিন সময় পাড় করতে হয়েছে। বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে সঠিক মন্তব্য ও প্রতিবাদী লেখার কারণে আহমেদ ছফা বারবার বাধাগ্রস্থ হন এবং তথাকথিত লেখক ও বুদ্ধিজীবী মহলের প্রতিহিংসার শিকার হন।

গ্রন্থটিতে আহমেদ ছফা বাংলাদেশের বুদ্ধিবৃত্তিক মানসজগতের মানচিত্র অঙ্কন করেন এবং বাংলাদেশি বুদ্ধিজীবীদের সুবিধাবাদিতার মুখোশ সরূরূপ উন্মোচিত হয়।

একইসঙ্গে বুদ্ধিজীবীদের সত্যিকার দায়িত্বের স্বরূপ ও দিকনির্দেশনা দেওয়ার চেষ্টা করেন। বইটিতে আমাদের অবক্ষয়ী সমাজের পরিবর্তে রাষ্ট্রচিন্তায় মননশীল সৃজনকর্মের দ্বারা একটি সুন্দর সকল উজ্জাবিত স্বদেশ গড়বার তাগিদ অনুভূত হয়েছে। নির্মমপূর্বক তাঁদের সতর্ক করে দিতে বুদ্ধিজীবীদের ব্যর্থতায় বাংলাদেশের কী দুর্দশা হতে পারে, সে সম্পর্কেও ভবিষ্যদ্বাণী করেন। নিজেদের দুরাবস্থার কথা বুঝাতে তিনি বলেন-'আমরা এমন এক যুগে বাস করছি, যখন রক্ত দিয়েই চিন্তা করতে বাধ্য হচ্ছি। চারদিকে এত অন্যায়, অবিচার, এত মূঢ়তা এবং কাপুরুষতা ওঁৎ পেতে আছে যে এ ধরনের পরিবেশে নিতান্ত সহজে বোঝা যায় এমন সহজ কথাও চেঁচিয়ে না বললে কেউ কানে তোলে না।"

আহমেদ ছফা তাঁর সাহসী কলাম লিখে সুবিখ্যাত ও জনপ্রিয় লেখক হয়ে উঠেন।

এ প্রসঙ্গে তাঁর কঠোর মন্তব্য ও অভিব্যক্তি প্রকাশ পায়, এভাবে-" আমাদের কবি-সাহিত্যিকেরা আমাদের সমাজের সবচেয়ে সেয়ানা মানুষ। তাঁরা দেশকে যে ফাঁকি দিয়েছেন, কোন কালোবাজারির সঙ্গে তুলনা হয় না। তাঁদের হয় আদর্শবাদিতার সঙ্গে গণিকাদের সতীপনার তুলনা করা যায়। কে না জানে পাকিস্তান-ভারত যে যুদ্ধ হয়েছিল বলা হয়ে থাকে। এই আলোচান জ্যাম ভাল করে তৈরি করার টাকা ঋণ না পেয়ে প্রেসিডেন্ট সাদের রাতারাতি মার্কিন ব্লক থেকে সোভিয়েত ব্লকে চলে গিয়েছিলেন।এমনি একটা যুদ্ধকে নিন্দা করার মত একজন কবি,একজন লেখক ছিলেন না। অথচ পশ্চিম-বঙ্গে এই যুদ্ধের প্রতি সমর্থন দেননি বলে প্রায় আশিজন বুদ্ধিজীবীকে কারাবরণ করতে হয়েছিল। আমাদের লেখকেরা কি করেছেন? ভারতকে বাক্যবাণে ঘায়েল করে দেওয়ার জন্য কষে হিন্দু-নিন্দা করেছেন। খুবই বুক ফুলিয়ে গদগদ ভাষায় বলেছেন,দুনিয়াতে মুসলমানেরাই আসল জাতি। অপোর কি পরিহাস, সে কবি-সাহিত্যিকেরাএখন ভারতীয় পণ্ডিতদের সার্টিফিকেট এনে বাংলাদেশে আসন পোক্ত করার জন্য কোলকাতা ছুটে দেন। আগে যে বইগুলো লিখেছেন কোনরকম গুম করেছিল পড়ে পাতা নড়ে থেকে শুরু করেছেন-এবার অসাম্প্রদায়িকতার কেতাব লিখবেন।

বুঝতে কষ্ট হয় না আমাদের লেখকেরা কেন কল্পনা করতে পারেননি, কেন দেখতে পারেননি যে, বাংলাদেশ দু'এক বছরে স্বাধীন হবে। কল্পনা করা এবং স্বপ্ন দেখা তো আসল মস্তিষ্কের কাজ।"

স্বাধীনতার পর যখন দেশের রাজনৈতিক পরিস্থিতি ক্রমাগত বিপর্যয়ের দিকে চলে যায়। তখন যেসব সাহসী কলমযোদ্ধা ঝুঁকির মধ্যে লেখালেখি করেছেন,নিপীড়নের শিকার হয়েছে এবং জেল খেটেছেন। আহমেদ ছফা ছিলেন তাঁদের অন্যতম। সেসময় দেশের প্রতিষ্ঠিত-অপ্রতিষ্ঠিত লেখক-বুদ্ধিজীবীরা প্রতিসপ্তাহে আহমেদ ছফার সাহসী কলামের কিস্তির দিকে তাকিয়ে থাকতেন। সাত চল্লিশের দেশভাগ থেকে শুরু করে একাত্তরের মুক্তিযুদ্ধের পর কতিপয় মুখচেনা বুদ্ধিজীবী কীভাবে আত্মবিক্রির প্রতিযোগিতায় লিপ্ত হয়েছিলেন, পুরস্কার, পদক -পদবির জন্য কীভাবে মরিয়া হয়ে উঠেছিলেন, তাদের সম্পর্কে অনেক তথ্য-উপাত্তসহ আহমেদ ছফার রচনায় উপস্থাপিত হয়েছে।

তিনি বলেন,-"আগে বুদ্ধিজীবীরা পাকিস্তানি ছিলেন, বিশ্বাসের কারণে নয়-প্রয়োজনে। এখন অধিকাংশ বাঙালি হয়েছেন-সেও ঠেলায় পড়ে।"

বাংলাদেশের স্বাধীনতার আগে মুখচেনা বুদ্ধিজীবীদের পাকিস্তানি শাসকগোষ্ঠীর পক্ষে, নানারকম প্রবন্ধ-নিবন্ধ রচনা, গল্প-উপন্যাসে পাকিস্তান প্রশস্তি, স্বৈরশাসকের জীবনী সংক্রান্ত নানান কিছুর অনুবাদ করেছেন। এতদসংক্রান্ত লেখার বিষয়ে আহমেদ ছফা মেনে নিতে পারেন নি। বরং সেসব লেখকদের মেরুদণ্ডহীনতার চূড়ান্ত দলিল হিসেবে তিনি।

(কুইন্স লাইব্রেরিতে অনুষ্ঠিত, সাহিত্য বিশ্লেষক নীরা কাদরী পরিচালিত লেখকের আড্ডায় লেখাটি পঠিত এবং ২৮ জুলাই আহমেদ ছফা'র মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে নিবেদিত)।

# রাজনৈতিক অনিশ্চয়তা : এই মুহূর্তে করণীয়

৫ পৃষ্ঠার পর

করতে হবে।

৩. সংসদ সদস্যের সংসদীয় আওতা: বর্তমানে সংসদ সদস্যের সংসদীয় আওতাবহির্ভূত কাজ থেকে সরিয়ে রাখতে হবে।

৪. আর্থিক ও অন্যান্য সুযোগ দান: উন্নয়ন বরাদ্দ, গাড়ি, প্লট/ফ্ল্যাট, বিদেশ গমন, যেখানে সেখানে প্রতিষ্ঠান/অবকাঠামো স্থান নির্ধারণ, উপদেষ্টা ও প্রকল্প/ চাকরি সরবরাহ করোয়ার্ডি কর্তা বানানো বন্ধ করতে হবে।

৫. সংসদ সদস্যের প্রধান কাজ: সংসদ সদস্যের প্রধান কাজ হিসেবে আইন প্রণয়ন কাজকে প্রাধান্য দিতে হবে।

আশা করি, এসব পরামর্শ প্রতিপালন ও প্রজ্ঞাপন জারি করলে নির্বাচন কমিশনার নির্বাচন অনুষ্ঠানে প্রার্থীসৃষ্ট সমস্যা থেকে অনেকটা রেহাই পাবেন। শান্তিপূর্ণ নির্বাচনের সুযোগ সৃষ্টি হবে।

উপসংহার: নির্বাচন নষ্ট উপদেষ্টার লোভে, নির্বাচন দুষ্ট প্রার্থীর কারণে ইত্যাদি সমস্যা থেকে রক্ষা পেতে বর্ণিত পরামর্শগুলো উপকারী হতে পারে। দেশে অনতিবিলম্বে নির্বাচন না দিলে পরিস্থিতি এমনভাবে আয়ত্ত্বের বাইরে চলে যেতে পারে যা অতীতে যায় নাই, বিশেষ করে অর্থনৈতিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতি।

# মেরাজ হতে উম্মতের জন্য উপহার

২৫ পৃষ্ঠার পর

মাঝে সম্পর্ক বৃদ্ধি করা। গভীর পর্যালোচনায় দেখা যাবে মেরাজের অনন্য উপহারের মধ্যেও রয়েছে স্রষ্টা ও সৃষ্টির মধ্যে গভীর সম্পর্ক, বন্ধন ও ভালোবাসা বৃদ্ধির সওগাত। মহানবীর নবুয়াত লাভের পরপর ফরজ হয়েছিল ইসলামের প্রধান বিধান ফজর নামাজ, মতান্তরে আসরের নামাজ। পাঁচ ওয়াক্ত নামাজ ফরজ হয়েছে মেরাজের রাতে। এর প্রক্রিয়া ছিল বেশ চমৎকার ও গভীর তাৎপর্যময়। উম্মত দৈনিক ৫০ বার আল্লাহর সমীপে হাজির হতে পারবে, এই উপহার নিয়ে নবীজি খুশি মনে চলে আসছিলেন আরশ হতে। ষষ্ঠ আসমানে হজরত মুসা (আ.) পথ আগলে জিজ্ঞাসা করলেন, কী পেলেন, কী নিয়ে যাচ্ছেন? নবীজি বললেন, দৈনিক ৫০ ওয়াক্ত নামাজ। মুসা (আ.) বললেন, আপনি গিয়ে সংখ্যা কমিয়ে নিন, দৈনিক ৫০ বেলা নামাজ আদায় করতে পারবে না আপনার উম্মত। মহানবী ফিরে গেলেন আল্লাহপাকের সান্নিধ্যে। কমা হলো, তাহলে ৪০ বার। ফিরে আসতে মুসা (আ.) আবারো জিজ্ঞাসা করলেন। হজরত (সা.) বললেন, ৪০ বার পেয়েছি। তিনি বুঝিয়ে বললেন, আমি বনি ইসরাঈলকে নিয়ে অনেক চেষ্টা করেছি, পারিনি। আপনিও পারবেন না, ফিরে যান, কমিয়ে আনুন। এভাবে প্রতিবারে ১০ ওয়াক্ত করে আর শেষবারে পাঁচ ওয়াক্তে কমানো হলো নামাজ। মুসা (আ.) এবারও ফিরে যাওয়ার জন্য পরামর্শ দিলেন। নবীজি বললেন, আমার আর যেতে লজ্জা লাগে। তখন গায়েবীভাবে ঘোষণা আসে, যারা এই পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করবে, তাদের ৫০ ওয়াক্তের সওয়াব দেয়া হবে। নামাজ আল্লাহর সঙ্গে বান্দার গভীর সম্পর্কের প্রাত্যহিক অনুশীলন। নামাজের মূল অঙ্গ সুরা ফাতেহা পাঠের সময় আল্লাহর সঙ্গে বান্দার সরাসরি কথোপকথনের যে বর্ণনা মুসলিম শরিফে আছে তা নামাজের আধ্যাত্মিক বৈশিষ্ট্যের সাক্ষী। মেরাজের পঞ্চম উপহার আত্তাহিয়াত-এর মধ্যেও প্রথমভাগে আল্লাহর সমীপে নবীজির সালাম নিবেদন, তারপর আল্লাহর পক্ষ হতে সালামের জবাব, এরপর নবীজির সালাম গ্রহণ আর নবীজি ও আল্লাহর মধ্যে এই সংলাপ শুনে আরশ বহনকারী ফেরেশতাদের সাক্ষ্যদান। নামাজের শেষভাগে আত্তাহিয়াত পাঠও প্রমাণ করে, নামাজ আসলে স্রষ্টা ও সৃষ্টির মধ্যে সম্পর্ক ও বন্ধনের অনুশীলন। নামাজে মানসিক, নৈতিক, সামাজিক ও স্বাস্থ্যগত সুফলগুলো বাড়তি পাওনা মাত্র। পাঁচ ওয়াক্ত নামাজের এই অতুলনীয় গুরুত্ব উম্মত যাতে অনুধাবন করতে পারে, সে জন্যই মেরাজে নিয়ে আনুষ্ঠানিকতার মাধ্যমে তা ফরজ করা হয়েছে। নতুবা সাধারণ অহির সূত্রে নির্দেশ আসলেও তা ফরজ হয়ে যেত। মেরাজে নাজিলকৃত সুরা বাকারার শেষ দুই আয়াতের মহিমাও অপরিসীম। হাদিসে বলা হয়েছে, এ দুটো আল্লাহর আরশের নিচের দুটি ভান্ডার। প্রথম আয়াতে সব নবী-রাসুলদের (আ.) প্রতি বিশ্বাস ও সম্মানবোধের সূত্রে বিশ্বসভ্যতার সঙ্গে একাত্মতা আর শেষ আয়াতে মহামহিম আল্লাহর কাছে সমর্পিত ও সমাহিত হওয়ার ফর্মুলা। সাধারণ দৃষ্টিতে সমাজ ব্যবস্থায় বড় বড় লোকের সঙ্গে যার আত্মীয়তা বা বন্ধুত্ব তাকে সমীহ ও সম্মান করা হয়। এ ক্ষেত্রে বিশ্ব সভ্যতার রূপকার নবী রাসুলদের সঙ্গে আত্মীয়তা ও বন্ধুত্ব গড়ে তোলার বন্ধন কী হতে পারে? চিন্তা করুন তারা অনেক আগেই দুনিয়া থেকে চলে গেছেন, আমরা যদি তাদের প্রতি বিশ্বাস ও সম্মানবোধ পোষণ করি, তাহলে তাদের সঙ্গে ঈমানের একটি আত্মীয়তা গড়ে উঠবে। আর যদি তারা যা বিশ্বাস করতেন এবং বাস্তব জীবনে আমল করতেন তা আমাদের জীবনে বাস্তবায়নের সিদ্ধান্ত নিই, তাহলে তারা অবশ্যই আমাদের ভালোবাসবেন। কেয়ামতের দিন সেই ভালোবাসা সুপারিশে রূপান্তরিত হবে এবং আমাদের নাজাতের উসিলা হবে। ইহজগতেও আমাদের জন্য সংকাজের প্রেরণা ও অনুঘটকের কাজ দেবে। সুরা বাকারার শেষ দু'আয়াতের অতুলনীয় ফজিলত এবং নেয়ামতের ভান্ডার হওয়ার বিষয়টিকে আমরা এভাবে বোঝার চেষ্টা করতে পারি। সংকর্ম সম্পাদনের আগেই শুধু ভালো চিন্তার বিনিময়ে একটি করে সওয়াব দেয়ার ঘোষণা উম্মতের জন্য সর্বোচ্চ উপহার হিসেবে বিবেচিত হতে পারে। আধুনিক মালয়েশিয়ার অভাবনীয় উন্নতি মাহাথির মুহাম্মদের দ্বারা কীভাবে সম্ভব হলো তার ওপর বিশ্লেষণমূলক একটি লেখা পড়েছিলাম বছর দুয়েক আগে। মাহাথির মুহাম্মদ নাকি তার জাতি তরুণদের বলেছিলেন, প্রত্যেকে প্রতিদিন ভালোভালো যা কিছু চিন্তা কর, ডাইরিতে লিখে রাখ, তার বাস্তবায়ন একদিন হবেই। তার আহ্বানে তরুণরা যখন ডাইরি লেখা শুরু করল, মনের অজান্তেই তাদের চিন্তাশক্তিকে কাজে লাগাতে হলো। প্রতিদিনের ভালো ভালো চিন্তাগুলো জমা হয়ে ব্যক্তির নিজের মনোজগতে এবং তরুণ সমাজে চিন্তা ও সৃজনশীল সংস্কৃতির উজ্জীবন ঘটাল। আসলে চিন্তাই মানুষকে নিয়ন্ত্রণ করে। যে জাতির প্রতিটি সদস্য সৎ ও ভালো চিন্তায় অভ্যস্ত হবে, সে জাতির উন্নতি কেউ ঠেকাতে পারবে না। মেরাজের আলোচ্য উপহার আমাদের সেই উন্নতির পথে, আল্লাহর সান্নিধ্যের পানে, পৃথিবীতে আল্লাহর খলিফার দায়িত্ব পালনের চেতনায় উজ্জীবিত করুক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# মেরাজ হতে উম্মতের জন্য উপহার

ড. মওলানা মুহাম্মদ ঈসা শাহেদী



মেরাজ মানে ঊর্ধ্বলোকে পরিভ্রমণ। এই পরিভ্রমণের ব্যবস্থা করেন স্বয়ং আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা। এই অলৌকিক সফরের সন-তারিখ নিয়ে মতবিরোধ থাকলেও মূল ঘটনা সম্পর্কে কারো দ্বিমত নেই। মেরাজ হয়েছিল হিজরতের আগে আর প্রচলিত মত অনুযায়ী হিজরতের ১ বছর আগে তারিখ ছিল ২৭ রজব, রাতের কিছু অংশে। কোরআন মাজিদের সুরা বনি ইসরাঈল ও সুরা নাজমে মেরাজের প্রসঙ্গ আলোচিত হয়েছে। বিপুলসংখ্যক হাদিসে তার বিশদ বিবরণ রয়েছে। কাজেই মেরাজ অস্বীকার করলে কেউ মুসলমান থাকবে না। বিশুদ্ধ মত হচ্ছে, মহানবী (সা)-এর মেরাজ সশরীরে ও জাগ্রত অবস্থায় হয়েছে, আত্মিকভাবে কল্পনার ডানায় ভর করে বা স্বপ্নযোগে হয়নি।

মেরাজের তিনটি ধাপ। প্রথম ধাপে প্রিয় নবীজি খোদায়ী ব্যবস্থাপনায় মক্কার মসজিদুল হারাম থেকে ফিলিস্তিনের বায়তুল মুকাদ্দাসে অবস্থিত মসজিদুল আকসায় গমন করেন। এর বর্ণনা সুরা বনি ইসরাঈলের প্রথম আয়াতে আছে। দ্বিতীয় ধাপে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও সপ্তম আসমান পাড়ি দিয়ে নবীজি নিম্নজগতের প্রান্তসীমা 'সিদরাতুল মুনতাহা'য় উপনীত হন। ৬ষ্ঠ বা ৭ম আসমানে সিদরাতুল মুনতাহা ও নিকটে জান্নাতুল মাওয়ার অবস্থানের কথা উল্লেখ আছে সুরা নাজম-এর ১-১৮ আয়াতে। মক্কার মসজিদুল হারাম থেকে বেহেশত দোজখ পরিদর্শন পর্যন্ত সফরসঙ্গী বা গাইড ছিলেন অহিবাহক ফেরেশতা জিব্রাঈল (আ.)। তৃতীয় ধাপে জিব্রাঈল বিদায় নেন এবং নবীজি একাকী আল্লাহর সান্নিধ্যে গমন করেন। তিনি আল্লাহতায়ালাকে স্বচক্ষে দেখেছেন কিং দেখেননি, তা নিয়ে মতপার্থক্য জটিল। একটি মত হচ্ছে, আল্লাহকে মোমেনরা আখেরাতে দেখবে। দুনিয়াতে চর্মচক্ষে আল্লাহর দিদার অসম্ভব, কোরআনের মানা। কাজেই নবীজি মেরাজে আল্লাহতায়ালাকে দেখেননি। এটি অসম্ভব। আরেকটি মত হচ্ছে, এই দেখা তো হয়েছে ঊর্ধ্বজগতে। আখেরাত বলতে তো সেই জগতকেই বুঝায়। আখেরাতে তো মোমেনরা আল্লাহতায়ালাকে পূর্ণিমা চাঁদের মতো জ্যোতির্ময় দেদীপ্যমান দেখতে পাবেন। তাহলে মেরাজে গিয়ে আল্লাহকে দেখতে আপত্তি কোথায়? হাদিসভিত্তিক আলোচনা ও বিতর্কগুলো বেশ দীর্ঘ ও গভীর। বিজ্ঞজনের মত হচ্ছে, এ ব্যাপারে চূড়ান্ত ফায়সালায় বিতর্ক এড়িয়ে মেরাজের শিক্ষাগুলো হৃদয়ঙ্গম করার চেষ্টা করাই উত্তম ও সবচেয়ে নিরাপদ।

আমাদের জন্য সবচে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, মহানবী (সা.) মেরাজ রজনীতে আল্লাহর কাছ থেকে আমাদের জন্য কী এনেছেন বা আল্লাহতায়ালা মেরাজে নিয়ে নবীজিকে (সা.) উম্মতের জন্য কী অমূল্য উপহার দিয়েছেন। মুসলিম শরিফে আব্দুল্লাহ ইবনে মসউদ (রা.)-এর বর্ণনায় তিনটি উপহারের কথা উল্লেখ আছে: (১) পাঁচওয়াক্ত নামাজ, (২) সুরা বাকারার শেষ দুই আয়াত, (৩) আল্লাহর সঙ্গে শিরক না করলে অন্যান্য গোনাহ মাফ হওয়ার সম্ভাবনা সম্পর্কিত ঘোষণা।

মুসলিম শরিফে মেরাজেরবিশদ বিবরণ সম্বলিত সাবেত আল বুনানীর বর্ণনায় আরেকটি উপহারের উল্লেখ আছে এভাবে-(৪) যে ব্যক্তি কোনো সৎকর্ম করার মনস্থ করবে, কাজটি বাস্তবায়ন করার আগেই তার জন্য একটি সওয়াব লিখে দেয়া হবে। আর সে সংকল্প বাস্তবায়ন করলে দেয়া হবে ১০ গুণ সওয়াব। আর যে ব্যক্তি কোনো মন্দ কাজ করার মনস্থ করবে, যতক্ষণ সে কাজটি না করবে, ততক্ষণ তার জন্য কোনো গোনাহ লেখা হবে না। যদি সে কাজটি করে বসে, তবে তার জন্য একটি গোনাহ লেখা হবে। (৫) আল্লামা রশীদ উদ্দীন মাইবেদী প্রণীত তাফসিরে কাশফুল আসরারে আল্লাহতায়ালা ও তাঁর রাসুলের মধ্যে একটি সংলাপের প্রসঙ্গ উল্লেখ আছে। সেই সংলাপ হলো 'আত্তাহিয়াত', যা আমরা প্রতিদিন নামাজে পড়ে থাকি।

আমরা মানসচক্ষে ভেবে দেখি, সমগ্র সৃষ্টির প্রতিনিধি হয়ে প্রিয় রাসুল আল্লাহর সমীপে উপনীত হয়েছেন আর আল্লাহতায়ালা আপন হাবীবকে সমগ্র মানবকুলের জন্য উপহার দিচ্ছেন। কী হতে পারে এই নিবেদন ও উপহারের ধরন! আমরা তো উপহার বলতে বুঝি মিষ্টান্নের প্যাকেট, ফলমূল কিংবা মূল্যবান গহনা। তাহলে উল্লিখিত পাঁচ (৫) আইটেমের মধ্যে কী অমূল্য রত্ন লুকায়িত থাকতে পারে। পার্থিব উপহারে উদ্দেশ্য থাকে আত্মীয় বা বন্ধুদের

এরপর ২৪ পৃষ্ঠায়



# আবু জাহেলের মৃত্যু শিশুর হাতে

মুহাম্মদ আবু সালেহ



গোত্র সমাজে মক্কার এক বড় নেতা আবু জাহেল নামে পরিচিত। তবে তার আসল নাম ছিল 'আমর ইবনে হিশাম' অর্থাৎ হিশামের পুত্র আমর। বিচক্ষণতা ও বুদ্ধিমত্তার কারণে আবুল হাকাম (প্রজ্ঞাবান) উপাধিতে পরিচিত ছিল। পরবর্তীতে ইসলাম ও রাসুলের ঘোর দুশমনি ও খোদাদ্রোহীতায় লিপ্ত হওয়ায় রাসুল (সা.)-এর দেওয়া নাম আবু জাহেল বলে সবাই ডাকত। আর এ নামেই আজ বিশ্ববাসীর কাছে পরিচিত। তিনি ছিলেন মক্কার একজন মূর্তি পূজারি বা বহু ঈশ্বরবাদী পৌত্তলিক কুরাইশ নেতা। ৫৫৬ খ্রিষ্টাব্দে মক্কা নগরীর পশ্চিমাংশে হেজাজ নামক জায়গায় জন্মগ্রহণ করেন। তিনি উমর ইবনে আবু রাবিয়াহ-এর ভাই ছিলেন এবং উমর ইবনে খাত্তাব (রা.)-এর মামা ছিলেন। তার সবচেয়ে বড় পরিচয়, তিনি মুহাম্মদ (সা.)-এর ঘোরবিরোধী এবং ইসলাম ও মক্কার মুসলমান-বিরোধীদের প্রধান পতাকাবাহী।

মক্কার সরদারী ও বিচক্ষণতা : তিনি বুদ্ধিমত্তা ও বিচক্ষণতায় ছিলেন মক্কার প্রথম সারির একজন। তার বুদ্ধির তীক্ষ্ণতা তৎকালীন সকলেই এক বাক্যে মানত। যার ফলে আবুল হিকাম (প্রজ্ঞাবান) উপাধিতে ভূষিত হন। কারণ তিনি গভীর জ্ঞানের মানুষ হিসেবে বিবেচিত ছিলেন। এবং কুরাইশ প্রবীণ নেতারা দক্ষতা ও উপলব্ধির জন্য তাকে নিজেদের আসরে একজন আভিজাত্য সদস্য হিসেবে নিতেন এবং তার মতামতকে প্রাধান্য দিতেন। মোহাম্মদ নিশন বৈঠক 'দারুণ নাদওয়ার' মতো কুচক্রের বড় বৈঠকে তার ভূমিকা ছিল অতুলনীয়। আর এভাবেই তার বিচক্ষণতা ও দক্ষতায় মক্কার কুরাইশ সরদারে পরিণত হন।

ইসলাম ও নবীর বিরোধিতা : আবু জাহেল ইসলাম ও রাসুল বিরোধিতায় মক্কায় সবচেয়ে বড় ভূমিকা পালন করেন। তার মতামত ও সিদ্ধান্তেই রাসুলকে হত্যার মতো জঘন্যতম ষড়যন্ত্রের দ্বার উন্মোচিত হয়েছিল। যার তীব্র বিরোধিতায় ইসলাম প্রচার শুরু থেকেই বাধাপ্রাপ্ত হয়। রাসুলের দাওয়াতি কার্যক্রমে বাধা প্রদানের লক্ষ্যে তার হুকুমে মক্কার অলিতে-গলিতে লোক দাঁড় করিয়ে রাখা হতো এবং রাসুলকে পাগল বলে লোক সমাজে বুলি উড়াত। যেন সাধারণ মানুষ রাসুলকে পাগল ভেবে দাওয়াত গ্রহণে অস্বীকৃতি জানায়। কিন্তু ফলাফল হয়েছে পুরো উল্টো। লোকজন মুহাম্মদের কথা শুনে, কোরআনের তিলাওয়াত শুনে ইসলামে দীক্ষিত হতে শুরু করে। কোনো অপপ্রচারই কাজে আসেনি। সত্য ধর্ম ইসলাম তার আপন গতিতে সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে। ইতিহাসের পাঠকমাত্রই জানে, আবু জাহেলের নেতৃত্বে বদ্র

এরপর ২৮ পৃষ্ঠায়



# নবীজির বিধবা বিয়ে

শাহাদাত হোসাইন

আরবের তৎকালীন সমাজ ব্যবস্থায় নারী ছিল চরমভাবে উপেক্ষিত। সমাজে নারীর কোনো মূল্যায়ন ছিল না। যে সমাজ নারী জাতির অস্তিত্বকেই স্বীকার করা হত না। সে সমাজ ব্যবস্থায় বিধবা নারীকে বিয়ে করা মানে নারীকে সম্মানের সর্বোচ্চ আসনে বসানো। আরবের জাহেলি সমাজে কন্যা সন্তান জন্ম নিলে কন্যাসন্তানকে জীবন্ত মাটিতে পুতে ফেলত তারা। মেয়ে সন্তানকে তারা লজ্জার কারণ মনে করত। এমনই একটি বর্বর সমাজে বিধবাকে স্ত্রীর মর্যাদা দেওয়া এ যেন দুঃখে মৃতপ্রায় দেহে প্রাণ সঞ্চার করা। বিধবা নারী বিয়ে করে রাসুল (সা.) তাদের সমাজে প্রতিষ্ঠিত করেছেন এবং সম্মানের আসনে বসিয়েছেন। রাসুল (সা.) মোট ১১ জন নারীকে বিবাহ করেছিলেন। এদের মধ্যে নয়জনই ছিলেন বিধবা। ধর্মীয় প্রয়োজন, সামাজিক, গোত্রীয় এবং রাষ্ট্রীয় শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা করা, অসহায় নারীকে আশ্রয়দান এবং উম্মতকে বিধবা নারীর প্রতি দায়িত্বশীল হওয়ার শিক্ষা দিতে রাসুল (সা.) বিধবা নারীদের বিয়ে করেছেন। রাসুল (সা.)-এর প্রতিটি বিয়ের পেছনে সঙ্গত ও শিক্ষণীয় কারণ আছে। আজকাল তো একবার কেউ দুর্ভাগ্যক্রমে বিধবা হলে তার দ্বিতীয় বিয়ে প্রায় অসম্ভব হয়ে ওঠে। অথচ রাসুল (সা.) নিজে বিধবা বিয়ে করে অসহায় ও দুঃখী

এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি
Prayer Times For New York City
আগস্ট ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০২ | ৪:২৫ | ৫:৫৪ | ০১:০২ | ৪:৫৬ | ৮:১০ | ০৯:৩৮ |
| ০৩ | ৪:২৭ | ৫:৫৫ | ০১:০২ | ৪:৫৬ | ৮:০৯ | ০৯:৩৭ |
| ০৪ | ৪:২৮ | ৫:৫৬ | ০১:০২ | ৪:৫৬ | ৮:০৮ | ০৯:৩৫ |
| ০৫ | ৪:৩০ | ৫:৫৭ | ০১:০২ | ৪:৫৫ | ৮:০৭ | ০৯:৩৪ |
| ০৬ | ৪:৩১ | ৫:৫৮ | ০১:০২ | ৪:৫৫ | ৮:০৫ | ০৯:৩২ |
| ০৭ | ৪:৩২ | ৫:৫৯ | ০১:০২ | ৪:৫৪ | ৮:০৪ | ০৯:৩০ |
| ০৮ | ৪:৩৪ | ৬:০০ | ০১:০২ | ৪:৫৪ | ৮:০৩ | ০৯:২৯ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?

২২ পৃষ্ঠার পর

স্ট্রোকের এ সমন্বিত চিকিৎসা চালু আছে। স্ট্রোকের ক্ষেত্রে প্রতিটি মুহূর্ত মূল্যবান। তবে সবার আগে মনে রাখতে হবে Prevention is better than cure. অর্থাৎ আমাদের চেষ্টা থাকবে স্ট্রোক যাতে না হয়।

* প্রতিরোধ : যাদের ডায়াবেটিস, হাই ব্লাড প্রেসার, হার্টের অসুখ ও রক্তে চর্বি বেশি, তাদের স্ট্রোকে আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি। সুতরাং যাদের এসব রোগ রয়েছে, স্ট্রোকের হাত থেকে বাঁচতে তাদের উচিত হবে এসব রোগ কঠোরভাবে কন্ট্রোল করা। স্ট্রোকের সঙ্গে সংশ্লিষ্ট এসব রোগের উপযুক্ত কন্ট্রোল ছাড়াও কিছু সচেতনতা এবং সতর্কতাও স্ট্রোকের হাত থেকে আমাদের বাঁচাতে পারে। ধূমপান, শারীরিক নিষ্ক্রিয়তা অর্থাৎ কম কায়িক পরিশ্রম করা, অস্বাস্থ্যকর খাবার অর্থাৎ সুষম খাবার না খাওয়া, অতিরিক্ত ওজন বৃদ্ধি ইত্যাদিও স্ট্রোকের ঝুঁকি বাড়িয়ে দেয়। স্ট্রোক প্রতিরোধে এসব ব্যাপারেও আমাদের সতর্ক থাকতে হবে।

* শীতে কি স্ট্রোক বাড়ে : শীতের সঙ্গে স্ট্রোকের সম্পর্ক আছে। অন্যান্য ডাক্তারি কারণ ছাড়াও এর সাধারণ ব্যাখ্যা হলো-শীতে শরীরের তাপমাত্রা কমে আমাদের রক্তনালি সংকুচিত হয়ে প্রেশার বেড়ে যায়। আর প্রেশার বেড়ে যাওয়ার ফলে শীতকালে ব্রেনের রক্তনালি ছিঁড়ে হেমোরেজিক স্ট্রোকের হার বেশি হয়। সেজন্য শীতকালে স্ট্রোকের হাত থেকে বাঁচতে অন্যান্য সতর্কতার সঙ্গে নিয়মিত প্রেশার চেক করাও অত্যাবশ্যক। তাৎক্ষণিক রেজাল্টের ভিত্তিতে হাই প্রেশারের রোগীদের ওষুধও সময়ে সময়ে এডজাস্ট করতে হয়।

লেখক: কনসালটেন্ট, নিউরোমেডিসিন, আজগর আলী হাসপাতাল, ঢাকা।

## বিপৎকালীন ঐক্যই হোক শক্তি

৫ পৃষ্ঠার পর

বাইরে থাকত বলা মুশকিল। আমাদের আশপাশে যেসব গণতান্ত্রিক দেশ আছে, তাদের দিকে তাকালেও দেখবেন হয়তো কিছু বিষয় চাপা পড়ে যায়, হয়তো সবকিছু সত্য বের হয়ে আসে না, কিন্তু মোটামুটি একটা ছবি পাওয়া যায়। সে তথ্য বা ছবিতে বিশ্বাস রাখা চলে। কিন্তু আমাদের সমাজে তার বালাই নেই।

আজকাল চাইলেও সত্য বলা মুশকিল। বলা গেলেও তার দায়িত্ব নেয় না কেউ। প্রশ্ন হচ্ছে, কেন মানুষ মৃতের সংখ্যা আহতের পরিমাণ নিয়ে নানা অভিযোগ করছে? কেন বাচ্চাদের আবার মাঠে নেমে মার খেতে হয়? এসব স্পষ্ট হওয়া উচিত, স্পষ্ট করা উচিত। কী এক আজব সমাজ! কদিন আগে যেসব বাচ্চা এদের দেশ শাসনে আনার জন্য জান দিল, তারাই এখন লাঠির শিকার।

মানুষ আরও বেশি বিস্মিত ও হতবাক হয়েছে রাজনৈতিক দল ও সিনিয়র নেতাদের সদ্যবিকশিত সমঝোতার মিটিং দেখে। তখন কিন্তু দেশ-বিদেশে বাংলাদেশিদের চোখে কান্না। দীর্ঘশ্বাসে ভারী হয়ে ছিল বাঙালির আকাশ। সেখানে হঠাৎ এমন মিটিং আর খুশি খুশি ভাবের ফটোসেশন দায়িত্ববোধের অভাব তুলে ধরেছে। জানি না আমাদের ভবিষ্যৎ আসলে কোথায়? তরুণ ও নতুন প্রজন্মের ওপর যেসব দায় ও আশা আমরা চাপিয়ে দিচ্ছি, তারা কি এর থেকে মাথা তুলতে পারবে?

সব নেগেটিভেও কোনো না কোনো পজিটিভ কিছু থাকে। এ দুর্ঘটনার পর জাতি-ধর্ম-লিঙ্গ-বর্ণ নির্বিশেষে বাংলাদেশের মানুষ এক হয়ে গিয়েছিল। রক্তদান থেকে চোখের পানিতে ঐক্য গড়ে উঠেছিল বাঙালির। এই আমাদের শক্তি। অন্তত বিপদের সময় এই যে ঐক্যবোধ, তার ওপর ভরসা রেখে এগিয়ে যাক বাংলাদেশ।

লেখক: অস্ট্রেলিয়া প্রবাসী ছড়াকার ও কলামিস্ট।







## শীতে হৃদরোগীদের করণীয়

২২ পৃষ্ঠার পর

লক্ষণগুলো জেনে নিন।

* মানসিক চাপ এবং উদ্বেগ এড়িয়ে চলুন। প্রয়োজনে চিকিৎসকের সহায়তা নিন। রাতে ভালো ঘুম নিশ্চিত করুন।
* অতিরিক্ত গরম পোশাক পরা থেকে বিরত থাকুন এবং স্তরে স্তরে গরম কাপড় ব্যবহার করুন, যাতে গরম লাগলে আপনি একটি একটি করে পোশাক খুলে রাখতে পারেন। বেশি গরম হৃদরোগের ঝুঁকি বাড়ায়।
* ওষুধ গ্রহণে গাফিলতি করবেন না। নিয়মমতো চিকিৎসকের ব্যবস্থাপত্র মোতাবেক সব ওষুধ খাবেন।
* আপনার যদি হৃদরোগ না থাকে, কিন্তু আপনার রক্ত সম্পর্কের আত্মীয়দের কারো যদি হৃদরোগ থাকে, আপনার যদি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ থাকে, রক্তে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকে, ওজনাধিক্য থাকে, মানসিক চাপ থাকে, বয়স ৪৫-এর বেশি হয় অথবা ৩৫ বছরের অধিক বয়সী মহিলারা যদি জন্ম নিয়ন্ত্রণ বড়ি খান, তবে আপনার হৃদরোগের ঝুঁকি বেশি। তাই শীতে আপনাদেরও বাড়তি সতর্কতা অবলম্বন করতে হবে।

লেখক : অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল ঢাকা।

## আবু জাহেলের মৃত্যু শিশুর হাতে

২৫ পৃষ্ঠার পর

হাশিম ও ইসলাম গ্রহণকারীদের হিজরত পূর্ব মুহূর্তে মক্কায় প্রায় দেড় বছর বয়কট করে রাখা হয়। এভাবে ইসলামের প্রথম শুরুর দিকে ইসলামবিরোধী কার্যক্রমের প্রত্যেকটিতেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তার অংশগ্রহণ ছিল। যুদ্ধ ও ষড়যন্ত্র : রাসুল (সা.)-এর নবুয়ত প্রাপ্তির পর নানাভাবে মক্কার কাফেররা ইসলাম ও রাসুল (সা.) কে শেষ করে দেওয়ার ষড়যন্ত্রে লিপ্ত থাকত। রাসুল (সা.) নবুওয়াত প্রাপ্তির দীর্ঘ ১৩ বছর মাতৃভূমির মানুষদের দ্বীনের পথে আহ্বান করেন। কিন্তু কাফেরদের পক্ষ থেকে আসা কষ্ট ও বিরোধিতা যখন অসহনীয় পর্যায়ে চলে যায় এবং উগ্রতা ও অনীহা চরম পর্যায়ে পৌঁছে। তখন আল্লাহর নির্দেশে ৬২২ খ্রিষ্টাব্দে ২১ জুন নবুওয়াতের ১৩তম বছর মাতৃভূমি মক্কা ছেড়ে রাসুল ও তার অনুসারীরা মদিনায় হিজরত করেন। তখনও আবু জাহেলের নেতৃত্বে মক্কার কাফেররা শত্রুতা ও ষড়যন্ত্র থামিয়ে রাখেনি। বরং মদিনার আশপাশের জনগোষ্ঠীকে রাসুলকে দেশান্তর করার জন্য চিঠিপত্র দিয়ে দাওয়াত দিত। এ সময় বেশ কিছু খণ্ডযুদ্ধও সংঘটিত হয়। হিজরি দ্বিতীয় সনে ১৭ রমজান মক্কার কাফের ও মুসলমানদের মধ্যে প্রথম সামরিক যুদ্ধ হয়। এ যুদ্ধটি বদর প্রান্তে হওয়ায় তার নাম হয় 'বদর যুদ্ধ'। এ যুদ্ধে মুসলমানদের সেনাপ্রধান ছিলেন স্বয়ং রাসুল (সা.)। আর অন্যদিকে মক্কা থেকে আসা কাফের বাহিনী আবু জাহেলের নেতৃত্বে ১০০০ জন সেনা ১০০ ঘোড়া, ৬০০ লৌহবর্ম এবং অসংখ্য উট। তাদের সেনাপতি ছিল উতবা ইবনে রাবিয়া। যুদ্ধে ৭০ জন মুশরিক সেনা নিহত হন এবং ৭০ জন বন্দি হন। অন্যদিকে মুসলিম সেনা ছিলেন ৩১৩ জন। উট ছিল ৭০টি এবং ঘোড়া ছিল ২টি। যুদ্ধে ১৪ জন শহীদ হন। তবে এ যুদ্ধে মুসলমানরা বিজয় লাভ করেন। শিশুর হাতে করুণ মৃত্যু : বদর যুদ্ধে তুমুল লড়াই চলছে। আব্দুর রহমান ইবনে আউফ (রা.) শত্রুকে ঘায়েল করার জন্য দাঁড়িয়ে আছেন সুযোগের অপেক্ষায়। হঠাৎ তার পাশে দুজন বালক উপস্থিত। তারা আব্দুর রহমান ইবনে আউফ (রা.) কে জিজ্ঞাসা করেন। চাচা! আপনি কি আবু জাহেলকে চেনেন? উত্তরে বলেন, হ্যাঁ চিনি। তবে তোমরা আবু জেহেলকে চিনে কী করবে? জবাবে বলে, আমরা শুনেছি সে রাসুলকে গালমন্দ করে ও ইসলামবিরোধী নানা ষড়যন্ত্র করে। আমরা আল্লাহর শপথ করেছি- যার হাতে আমাদের প্রাণ। আমরা তার উপর আক্রমণ করব এবং আক্রমণ চালিয়েই যাব যতক্ষণ না আমাদের মধ্যে কেউ মৃত্যুর কোলে ঢলে পড়বে। আব্দুর রহমান ইবনে আউফ (রা.) বলেন, আমার হৃদয় সাহসে ভরে গেল এবং আমি বিস্মিত হলাম। তাদের আবু জাহেলকে দেখানো মাত্রই তারা দৌড়ে আবু জাহেলের সামনে হাজির। তখন আবু জাহেল ঘোড়ায় চড়ে ছুটে ছিলেন। তাদের দুজনের পক্ষে ঘোড়ায় চড়া অবস্থায় আবু জাহেলের শরীরে আক্রমণ করা সম্ভব ছিল না। তাই একজন আক্রমণ করল আবু জাহেলের ঘোড়ায়। আরেকজন তলোয়ার দিয়ে আবু জাহেলের পায়ে। এক আঘাতে আবু জাহেল মুহূর্তের মধ্যে মাটিতে লুটে পড়ে এবং ছটফট করতে থাকে। আর তারা দুজন সমানতালে আঘাত করতে থাকে। আবু জাহেল এখনো মারা যাননি। দূর থেকে আব্দুর রহমান ইবনে আউফ (রা.) এ অবস্থা দেখে এগিয়ে আসেন এবং আবু জাহেলের মৃত্যু নিশ্চিত করেন। সাহসী বালক দুজন ছিলেন আফরা (রা.)-এর পুত্র। একজন মা'আজ ও অপরজন মু'আয়াজ। আল্লাহতায়ালা বড়ো বড়ো ক্ষমতাধর নেতা ও রাজা-বাদশাদের ছোট ছোট ব্যক্তি বা প্রাণী দিয়ে হত্যা করিয়ে জগদ্বাসীকে বুঝিয়ে দেন ক্ষমতা ও শক্তি তোমার হাতে নয়, আমার হাতে।

লেখক : সহকারী মুফতি, মারকাজুল দাওয়াহ ওয়াল ইরশাদ, ঢাকা।

## অলিগার্করা ভবিষ্যৎ গণতন্ত্রের জন্য বিপজ্জনক

১২ পৃষ্ঠার পর

কাছে বেহাত হয়ে গেছে। 'চোরতন্ত্র' কথাটি, ইংরেজিতে যাকে বলা হয় ক্লেপ্টোক্র্যাসি, পরিভাষাটি বিশেষভাবে চালু করেছে বিশ্বব্যাংক তাদের দুর্নীতিসংক্রান্ত প্রকাশনায়। চুরি করাই ছিল হাসিনার সরকারের মূলমন্ত্র। তাই একে 'চোরতন্ত্র' বললে অন্যায় কিছু হয় না।

আসল কথা হলো, শেখ হাসিনা ক্ষমতা কেন্দ্রীভূত করে রাষ্ট্রের আইন-কানুন, বিধিবিধান ও নিয়ম-নীতি দুমড়েমুচড়ে ফেলেছিলেন। রাষ্ট্র পরিণত হয়েছিল তার পৈতৃক সম্পত্তিতে। বেসরকারি খাতকে নিয়ন্ত্রণে রাখার জন্য রাষ্ট্র কিছু নিয়ন্ত্রণকারী বা জনমঙ্গলপ্রসূ প্রতিষ্ঠান সৃষ্টি করে। তবে অনেক সময় অবস্থাটা এমন হয় যে, যারা নিয়ন্ত্রণ করবেন তারা বন্দি হয়ে যান যাদের নিয়ন্ত্রণ করার কথা তাদের হাতে। একে বলা হয় জনমঙ্গলপ্রসূ ইনস্টিটিউশন। তার চেয়েও অনেক বেশি মারাত্মক হলো স্টেট ক্যাপচার। শেখ হাসিনার শাসনামলে বাংলাদেশ রাষ্ট্রটিকে বেহাত করে ফেলেছিল অলিগার্করা।

আগামী দিনে গণতান্ত্রিক রাষ্ট্র বিনির্মাণ করতে হলে জাতিকে অবশ্যই অলিগার্কদের হাত থেকে রক্ষা করতে হবে। এই অলিগার্করা এ মুহূর্তে কিছুটা কোণঠাসা অবস্থায় আছে। তবে এরা কোনোক্রমেই নিঃশেষ হয়ে যায়নি। এরা নানারকমের কায়দা কৌশল করছে আবারও পুরোনো রূপে প্রত্যাবর্তন করতে। তাই যদি হয়, তাহলে '২৪-এর গণ-অভ্যুত্থানের সব আত্মত্যাগ, সব আত্মাহুতি, সব রক্তক্ষরণ ব্যর্থ হয়ে যাবে। অলিগার্করা নানা কৌশলে পুনর্বাসিত হওয়ার চেষ্টা করছে। একদিকে তারা পতিত ফ্যাসিবাদের সঙ্গে সম্পর্ক রক্ষা করে চলছে, অন্যদিকে তারা ভবিষ্যতে যারা রাষ্ট্রক্ষমতায় আসতে পারে, তাদের সঙ্গে সখ্য গড়ে তোলার চেষ্টা করছে। এ প্রক্রিয়ায় শতসহস্র কোটি টাকার লেনদেন হচ্ছে বলে সামাজিক মাধ্যমে অভিযোগ উঠেছে। এ অভিযোগ যদি সত্য হয়, তাহলে এর চেয়ে বেদনাদায়ক আর কিছু হতে পারে না। অলিগার্করা যদি গায়ে আঁচড় না লাগিয়ে বেঁচে যায়, তাহলে তারা আবার স্টেট ক্যাপচার-এর চেষ্টা করবে। এর জন্য ভিন্ন কোনো গোষ্ঠীর সঙ্গে আঁতাত গড়ে তুলতে হলেও তারা তাতে কোনো রকম অবহিতবোধ করবে না। অলিগার্কদের অক্ষত রাখার পরিণতি হবে দেশটি শিয়াল-শকুনের খাদ্যে পরিণত হওয়া। এমনটি হতে দেওয়া যায় না। কারণ আগামী দিনের সরকারের ওপর ভর করে তারা জাতির ওপর সব ধরনের বেইমানি ও বেইনসাফি চাপিয়ে দেওয়ার প্রয়াস পাবে। ফলে আমাদের আরাধ্য গণতন্ত্র দানা বাঁধতে পারবে না।

অলিগার্কদের সব শেকড়-বাকড় কেটে ফেলতে হবে। এমনকি তাদের সম্পদ রাষ্ট্রীয় মালিকানায় নিয়ে আসতে হতে পারে। তাদের জায়গায় তরুণ ও মাঝারি উদ্যোক্তাদের উৎসাহী ও সহায়তা করতে হবে। বাংলাদেশে এখনো বেশকিছু অর্থনৈতিক খাত আছে, সেগুলো সম্ভাবনাময় এবং তৈরি পোশাকের মতো গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। নতুন ধরনের উদ্যোক্তাদের উৎসাহিত করে এবং প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি করে নতুন শিল্প খাত গড়ে তুলতে হবে। এর ফলে কর্মসংস্থান হবে লাখ লাখ যুবকের। এ ধরনের পরিবর্তন যদি আনা না যায়, তাহলে আগামী কয়েক বছরের মধ্যে আরেকটি গণ-অভ্যুত্থানের মুখোমুখি হতে হবে হয়তো।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## অদৃশ্য খেলায় উত্তপ্ত মাঠ

১০ পৃষ্ঠার পর

উপদেষ্টা এখন আমলাদের ভাষায় কথা বলছেন। এক সময় জনপ্রিয় পরিবেশ আপা হিসাবে সমাদৃত ছিলেন। আরও কয়েকজন উপদেষ্টার ক্ষমতা উপভোগের শখ দিন দিন বাড়ছে বলে আচরণে প্রকাশ পাচ্ছে। এর মধ্যে যোগ হয়েছে ঢাকায় জাতিসংঘের মানবাধিকার হাইকমিশন অফিস নিয়ে প্রশ্ন, সন্দেহ।

তিন বছর মেয়াদি মিশন চালুর জন্য সমঝোতা স্মারক (এমওইউ) সই করেছে বাংলাদেশ ও জাতিসংঘ। শর্ত অনুযায়ী সইয়ের পর থেকেই মিশন চালু বলে গণ্য হবে। গত বছরের আগস্ট থেকে বাংলাদেশের সঙ্গে জাতিসংঘের মানবাধিকার কমিশনের যুক্ততা উল্লেখযোগ্য হারে বেড়েছে। মানবাধিকার সমুন্নত রাখতে সংস্কার এবং গণ-অভ্যুত্থানের নৃশংসতার বিরুদ্ধে একটি সমন্বিত তথ্যানুসন্ধান পরিচালনায় কাজ করছে তারা। এমওইউ অনুযায়ী, কর্মকর্তাদের কূটনীতিকদের মতো দায়মুক্তি দেওয়ার কথা বলা হয়েছে। অবসরের পরও তাঁদের এ ধরনের দায়মুক্তি বলবৎ থাকবে। এ নিয়ে প্রশ্ন উঠতে পারে। তারা কি করবেন তাহলে? বর্তমানে ১৬টি দেশে জাতিসংঘ মানবাধিকার কমিশনের এমন মিশন রয়েছে। দেশগুলো হচ্ছে বুরকিনা ফাসো, কম্বোডিয়া, চাদ, কলম্বিয়া, গুয়াতেমালা, গিনি, হন্ডুরাস, লাইবেরিয়া, মৌরিতানিয়া, মেক্সিকো, নাইজার, ফিলিস্তিন, সিরিয়া, সুদান, তিউনিসিয়া ও ইয়েমেন। বাংলাদেশ নিশ্চয়ই যুদ্ধবিধ্বস্ত দেশের এই তালিকায় যুক্ত হওয়ার মতো নয়। এর প্রতিবাদ জানিয়েছে বেশ কয়েকটি ইসলামী ও বামপন্থী দল। তারা মনে করে, 'বাংলাদেশের জন্য এটা সম্মানজনক নয়। এখানে তাদের অফিস করতে চাওয়াটা রহস্যজনক'। এ নিয়ে বিবৃতি দিয়েছে অন্তর্বর্তী সরকার। তারা বলেছে, 'জাতিসংঘ আমাদের সাংস্কৃতিক এবং ধর্মীয় বাস্তবতার প্রতি পূর্ণ সম্মান রেখে বাংলাদেশে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। সরকার এই চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করার সার্বভৌম কর্তৃত্ব সংরক্ষণ করে। যদি জাতীয় স্বার্থ ক্ষুণ্ন হয়।'

স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের কথা বলে পতিত আওয়ামী লীগ সরকার গণবিরোধী অনেক অকাজ করেছে। এখন সার্বভৌমত্বের গল্প শুনলেও ভয় পায় সাধারণ মানুষ। ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে আতঙ্কে ওঠে। আর, সুদূরের সাম্রাজ্যবাদী মার্কিন বন্ধুত্ব থাকলে শত্রুর প্রয়োজন হয় না। এই প্রবাদ দুটি দুনিয়াজুড়ে জনপ্রিয়। ভারতীয় আগ্রাসন থেকে মুক্ত হয়ে নিশ্চয়ই কেউ ইঙ্গিতের থাবার শিকার হতে চাইবে না। কিন্তু, এনসিপির উচ্চাভিলাষী রাজনীতি আর সরকারের লাগামহীন ক্ষমতা বিলাস নতুন নতুন প্রশ্নের জন্ম দিচ্ছে। নির্বাচন নিয়ে জামায়াতের সিদ্ধান্তহীনতার সঙ্গে মিলে যায় সরকারি টালবাহানা। ফ্যাসিস্টের সহযোগী ইসলামী আন্দোলনের বড় বড় কথা অতীতের দেশি-বিদেশি গোয়েন্দা সংযোগকে মনে করিয়ে দেয়। এসবের বিপরীতে বিএনপির সতর্ক পদক্ষেপে অস্বস্তিতে দলটির সুশীল সমর্থকরা। আর, উচ্ছৃঙ্খল নেতা-কর্মীদের যেন তর সইছে না। প্রতিদিনই কোনো না কোনো অঘটনের জন্ম দিচ্ছে তারা। দলের হাইকমান্ড প্রতিনিয়ত হুঁশিয়ারি দিলেও সাবধান হচ্ছে কম। এদের জন্য হয়তো বিএনপি আবারও 'অপারেশন ক্লিন হার্টের' কথা ভাববে। কিন্তু, তার জন্য তো ক্ষমতায় যেতে হবে। সে পথ তো দিন দিন কণ্টকিত হয়ে উঠছে। সংস্কারের আড়ালে এখন কোনো খেলা চলছে বলে মনে করেন অনেকে। আওয়ামী লীগের জামানায় দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ অনেক নেতাই 'খেলা হবে' বলে হুংকার দিতেন। বিষয়টি দৃশ্যমান ছিল। যাবতীয় ব্যাপারটি প্রায় অশ্লীলতার পর্যায়ে নিয়ে গিয়েছিলেন তারা। তার পরিণতিও ভোগ করছে পলাতক আওয়ামী লীগ। মাঠ খালি রেখে হাওয়ায় মিশে বিলুপ্ত হয়েছে এখন। রাজনীতি বিশ্লেষকরা মনে করেন, খেলা এখনো হচ্ছে। তবে, ঘোষণা ছাড়া। যে কারণে অস্বস্তিতে চিন্তিত দর্শক। খেলোয়াড় আড়ালে। কিন্তু, মাঠে আতঙ্ক। খেলা দেখা যাচ্ছে না। তবে, খেলার প্রতিক্রিয়ায় সমর্থকরা উন্মত্ত। এরকম পরিস্থিতিতে শেষ বাঁশি ভয়ংকর হতে পারে।

লেখক: হেড অব নিউজ, আরটিভি

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com




KARNAFULLY TRAVEL INC.

# EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025

JFK-JEDDAH
19TH NOV

MADINA-JFK
29TH NOV.

TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)

## PACKAGE INCLUDES

1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *

KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com





বিসমিল্লাহির রাহমানির রাহিম

# জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক্



## বার্ষিক বনভোজন ২০২৫

### Croton Point Park

Pavilion 1, Croton Point Ave, Croton On Hudson, NY 10520

### ২৪ আগষ্ট ২০২৫

সুধী,

আসসালামু আলাইকুম। আগামী ২৪শে আগষ্ট, ২০২৫ ইং রোজ রবিবার ক্রোটন পয়েন্ট পার্কে জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক. এর বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়েছে। উক্ত বনভোজনে আপনি সপরিবারে আমন্ত্রিত।

### আহবায়ক কমিটি

আহবায়ক
বেলাল আহমেদ
৬৪৬-৬৬২-৯৩৫৩

প্রধান সমন্বয়কারীঃ
মো. রবিউল ইসলাম
৩৪৭-৮৩৩-২৯২০

অর্থ সম্পাদকঃ
মো. সাইফুল ইসলাম
৬৪৬-২৫৮-৯২৯০

সদস্য সচিব
নূর উন-নবী (নবীন)
৩৪৭-৪৭৯-৪০২৪

### সম্মানিত সদস্য

- জহুরুল ইসলামঃ ৬৪৬-৫৫২-২৫৬১
- আতিকুল্লাহঃ ৯২৯-৪২৯-৮৭২৩
- জাহের আলীঃ ৯২৯-৩২৮-৪৪০৭
- মো. মশিউর রহমান সোহেলঃ ৬৪৬-৬৭৮-৬৪৪৩
- শামীম চৌধুরীঃ ৩৪৭-৭৬৮-৩০৫৯
- আশাফুদৌল্লাহ লিটনঃ ৬৪৬-৪০৬-৭৪৬৭
- আব্দুর রহমান বাবুঃ ৩৪৭-৮২২-৬৮০৭
- আজিজুর রহমানঃ ৬৪৬-৯৪৪-১৪৪৬
- ফয়েজুর রহমান জুয়েলঃ ৬৪৬-৬৮৩-১৩২৭
- মো. রফিকুল হাসানঃ ৯৪৭-৬৫৬-৯৪৫৩
- মোহাম্মদ মাহমুদুল হাসান মানিকঃ ৯১৭-৪১২-১৭১৩
- শাকিল মাহমুদ খোকনঃ ৯১৭-৯১৪-৫৩৬৪
- নুর ইসলামঃ ৬৪৬-৪৬২-৬৯৪৫
- হুমায়ুন কবীরঃ ৯২৯-৩৮৫-৯৬১৪
- খোরশেদ আলমঃ ৬৪৬-৬৩৯-০৭৯১
- পিন্টুঃ ৯২৯-৩৮৫-৩৬৬৬
- মাসুদ কবির রসুলঃ ২০৩-৬৬৬-৬০৮৬
- ছামিউলঃ ৩৪৭-৪৭৯-৬৭২৯
- আনোয়ারঃ ৩৪৭-৩৩৪-৯৪৮৩
- তানিনঃ ৩৪৭-৩৩৪-৯৪৮৩
- আ. লতিফঃ ৬৪৬-৭২৬-৬৭৬৫
- নসীবঃ ৩৪৭-২৬১-৯১৯৫

সাইদুর রহমান শেলী
সভাপতি
৯৬৯-৩৩২-১৬১১

শুভেচ্ছান্তে

মো. আক্তারুজ্জামান
সাধারণ সম্পাদক
৯২৯-২৭৬-৯৭৫৩


শুরু হতে যাচ্ছে প্রথমবারের মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
Online Partner
Magazine Partner
LOOK@ME

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.co


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ঃ স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

# সবাইকে নিয়ে গণঅভ্যুত্থানের বার্ষিকী পালন করবে জুলাই-৩৬

৬৪ পৃষ্ঠার পর

অনুষ্ঠান করবে জুলাই-৩৬। অন্য কোন সংগঠন বা অনুষ্ঠানের সঙ্গে নিউইয়র্কের জুলাই-অংশীজনদের কোন সম্পর্ক নেই। গত বুধবার জ্যাকসন হাইটসের উডি রেস্টুরেন্টে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্লাটফর্মটি এ কথা জানায়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন- বাংলাদেশে গণঅভ্যুত্থানকালীন নিউইয়র্কে আন্দোলনে অংশ নেয়া ফাহাদ হোসাইন, কাজী মো. হাসান সিদ্দিকী, তাওহীদ তানজীম, অনিক রাজ, শাহ আহমেদ সাজু, রওশন হক, লোকমান আহমেদ, জাহেদ হাসান সুমন, আহমেদ সোহেল, আল-আমিন রাসেল, মেরি জোবায়দা, আমজাদ আবদুল্লাহ, রহমত উল্লাহ, মেহরাব হোসাইন, মুশফিকুর রহমান অন্য প্রমুখ।



সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, জুলাই গণঅভ্যুত্থানের মর্যাদা ও শহীদদের স্মৃতি রক্ষায় এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। কারণ, জুলাই গণঅভ্যুত্থান শুধুমাত্র একটি রাজনৈতিক আন্দোলন নয়, এটি আবেগ ও অনুভূতির পবিত্র বিষয়। আবু সায়েদ, মীর মাহফুজুর রহমান মুগ্ধ, ফারহান ফাইয়াজ, রিয়া গোপসহ হাজার শহীদের রক্তে রাঙা এই আন্দোলনে যে সমস্ত ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষ তাদের মূল্যবান জীবন, সময় ও শ্রম দিয়ে অংশগ্রহণ করেছেন, তাদের আত্মত্যাগকে কখনোই মলিন হতে দেয়া যাবে না।

এমন প্রেক্ষাপটে আগামী ৩ আগস্ট একজন বিশেষ ব্যক্তি জুলাই গণঅভ্যুত্থানকে পুঁজি করে 'প্যাট্রিয়ট অব বাংলাদেশ'-এর ব্যানারে একটি অনুষ্ঠানের আয়োজন করেছেন। শুরুতে সবাইকে নিয়ে এ অনুষ্ঠান করার কথা ছিল। কিন্তু পরে দেখা গেল, জুলাই গণঅভ্যুত্থানকে ব্যক্তিগত সম্পত্তির মতো আচরণ করা হচ্ছে এবং আন্দোলনের পবিত্রতাকে বাণিজ্যিকীকরণের প্রচেষ্টা চালানো হচ্ছে। এ বিষয়ে উদ্বেগের প্রধান কারণ হলো স্বচ্ছতার অভাব। বারবার অনুরোধ সত্ত্বেও তিনি অনুষ্ঠান সংশ্লিষ্ট বিষয়াদি প্রকাশ করতে অস্বীকার করেছেন, অনুষ্ঠানের ফান্ডিং সোর্স সম্পর্কে স্পষ্টতা নেই এবং জুলাই আন্দোলনের প্রকৃত অংশগ্রহণকারীদের যথাযথ সম্মান ও স্বীকৃতি দেওয়া হচ্ছে না। যাতে ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার আশঙ্কা রয়েছে। সবচেয়ে গুরুতর আশঙ্কা হলো রাজনৈতিক ঝুঁকি। এই অনুষ্ঠানের মাধ্যমে ফ্যাসিবাদের দোসরদের সাফাই পাওয়ার আশঙ্কা রয়েছে।

এই সমস্যা সমাধানে সবাই মিলে তিনবার ঐক্যবদ্ধভাবে সংশ্লিষ্ট ব্যক্তির সাথে বৈঠক বসেও ঐকমত্যে পৌঁছাতে পারিনি তার একগুঁয়ে আচরণ ও স্বৈরাচারী মনোভাবের কারণে। আমরা চেয়েছিলাম সমন্বিতভাবে কাজ করতে, কিন্তু অস্বচ্ছতা ও একক সিদ্ধান্তের কারণে তা সম্ভব হয়নি।

সংবাদ সম্মেলনে বলা হয়, তাই এমন পরিস্থিতিতে এটা স্পষ্ট এবং পরিষ্কার ঘোষণা দেয়া হচ্ছে যে, ৩ আগস্টের সঙ্গে জুলাই সব অংশীজন বা জুলাই-৩৬ এর কোন সম্পর্ক নেই বরং। 'জুলাই ৩৬' প্লাটফর্ম এবং সব স্তরের প্রবাসী জুলাই আন্দোলনের সমর্থকরা মিলে আগস্ট মাসের শেষের দিকে যথাযথ মর্যাদায় একটি কর্মসূচির আয়োজন করবে। এই কর্মসূচিতে জুলাই গণঅভ্যুত্থানের প্রকৃত অংশগ্রহণকারীদের যথাযথ স্বীকৃতি প্রদান করা হবে, সম্পূর্ণ স্বচ্ছতার সাথে অনুষ্ঠান পরিচালনা করা হবে এবং আন্দোলনের মূল চেতনা ও আদর্শের প্রতিফলন ঘটাবে। কারণ, জুলাই গণঅভ্যুত্থান কোনো ব্যক্তিবিশেষের একচেটিয়া সম্পত্তি নয়। এটি সকল আন্দোলনকারী ও স্বাধীনতাকামী মানুষের সম্মিলিত অর্জন। জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের চেতনা কোনো ব্যক্তির ব্যবসায়িক স্বার্থে ব্যবহারের জন্য নয়। তাই এর পবিত্রতা ও মর্যাদা রক্ষায় সর্বদা সচেষ্ট থাকব।

এ সময় 'প্যাট্রিয়ট অব বাংলাদেশ'-এর সাধারণ সম্পাদক কাজী মো. হাসান সিদ্দিকী বলেন, 'প্যাট্রিয়ট অব বাংলাদেশ' একক ব্যক্তির হাতে কুক্ষিগত হয়ে পড়েছে। এমন গর্বের একটি বিষয় নিয়ে অনুষ্ঠান সবাইকে সঙ্গে রেখেই করার কথা ছিল। কিন্তু বাইরের কেউ তো দূরের কথা সংগঠনের কার্যকরি কমিটির সাত সদস্যের হয় জনকেই কিছুই জানানো হচ্ছে না। এমনকি আমি সাধারণ সম্পাদক, আমাকেও জানানো হয়নি। কারা অনুষ্ঠানে আসবেন, কারা সহযোগিতা করছেন কিছুই প্রকাশ করা হচ্ছে না। এ অবস্থায় আমি 'প্যাট্রিয়ট অব বাংলাদেশ' থেকে সব সম্পর্ক ছিন্ন করছি, পদত্যাগ করছি।

'প্যাট্রিয়ট অব বাংলাদেশ'-এর সঙ্গে কোন সম্পর্ক নেই বলে জানান রহমত উল্লাহ সহ অনেকেই।

সংবাদ সম্মেলনে জুলাই-২৪ সহ দেশের বিভিন্ন সময়ে আন্দোলন সংগ্রামের সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা এবং মাইলস্টোন ট্র্যাজেডিতে নিহতে মাগফিরাত কামনা ও সকল আহতদের জন্য দোয়া চাওয়া হয়। এছাড়াসম্প্রতি সহিংসতায় নিহত এনওয়াইপিডির অফিসার দিদারুল ইসলামের অপ্রত্যাশিত মৃত্যুতে শোক জানানো হয়।







# শিল্পী মানিকের জন্য দোয়া অনুষ্ঠান

৬৪ পৃষ্ঠার পর

পরিবারের পাশে দাঁড়ানোর জন্য ফান্ড রাইজিং করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- সংগীত শিল্পী নবীর খান, বিপ্লব, রানো নেওয়াজ, কালা মিয়া, জুলফিকার রাসেল, টিনা রাসেল, শাহনাজ বেগী, কামরুজ্জামান বকুল, শাহ মাহবুব, পলি শাহরানি, সেলিম ইব্রাহিম, রাখি দাশ, আফতাব জনি, কৃষ্ণা তিতি, নাজু আখন্দ, রিয়া রহমান, মরিয়ম মারিয়া, চন্দ্রা রায়, ফিনিয়া হাসান, কাজল দিপা জামান, জুয়েলসহ প্রবাসী শিল্পীরা।

দোয়া অনুষ্ঠানে কমিউনিটি ব্যক্তিত্বের মধ্যে উপস্থিত ছিলেন, শাকিল মিয়া, ফাহাদ সোলায়মান, নুরুল আজিম, আহসান হাবীব, ফাওজিয়া আরিনা, খায়রুল ইসলাম পোকন, নিহার সিদ্দিকী, প্রবীর আহমেদ, বনকজোড়া সাগর, তুষার পিক, আনোয়ার, অনিক রাজসহ অনেকে। যন্ত্র শিল্পীবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন, রিপন আহমেদ, সাইফুজ্জামান রিচ, তুষার রঞ্জন দত্ত, সাইদ আহমেদ, সৌরভ দাশ, মিঠুন, শরিফ রাজ (জাজি) সহ অনেকে। আয়োজকরা জ্যাকসন হাইটস এলাকাবাসী ও সার্কেল গিয়ারের কর্ণধার স্যামের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# বাংলাদেশ সোসাইটির উদ্যোগে স্মল বিজনেস বিষয়ক সেমিনার

৬৪ পৃষ্ঠার পর

কর্মশালায় নিউইয়র্ক সিটির সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, বাংলাদেশ সোসাইটির কর্মকর্তা ও বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন শ্রেণীর পেশার মানুষ উপস্থিত ছিলেন। মূলত ক্ষুদ্র ব্যবসার প্রসার নিউইয়র্ক সিটির সুযোগকে কাজে লাগাতে বাংলাদেশ সোসাইটি এই কর্মশালার আয়োজন করে।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্ব এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। 'স্মল বিজনেস সার্ভিস' শিরোনামে এই কর্মশালা আয়োজনে সহযোগিতা করেছে নিউইয়র্ক সিটি মেয়রের কমিউনিটি অ্যাফেয়ার্স ইউনিট এবং ক্যারিয়ার বিজনেস সেবারহুবন।

এই কর্মশালার মাধ্যমে বাংলাদেশি ক্ষুদ্র ব্যবসায়ীরা মূলধারার ব্যবসায়ে কীভাবে সম্পৃক্ত হওয়া যায়, তা জানার সুযোগ পেয়েছেন। বিশেষ করে সিটির অনেক সাপ্লাইয়ের কাজ আছে, যেখানে বাংলাদেশি রেস্টুরেন্ট খাবার সাপ্লাই দিতে পারে তা নিয়ে আলোচনা হয়েছে। অন্যদিকে, নারী উন্নয়নে মূলধারায় অনেক সুযোগ রয়েছে। বিশেষ করে সিটির বিভিন্ন বিভাগে চাকরির সুযোগ নিতে পারেন নারীরা। বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী জানিয়েছেন, ভবিষ্যতে বড় পরিসরে এ ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হবে।







বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি


সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা


ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা


১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা



USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন






SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## লাওসে এবার চূড়ান্ত পর্বের স্বপ্ন আফঈদাদের

৫২ পৃষ্ঠার পর

নয়। এ দেশে ইন্ডিয়ান নিয়েই মানুষ পড়ে থাকে বেশি। সামনে এগোতে হবে।'

সম্প্রতি সাফ অনূর্ধ্ব-২০ টুর্নামেন্ট খেলা ২৩ জন খেলোয়াড়ই যাচ্ছেন লাওসে। অনূর্ধ্ব-২০ দলে নয় জন রয়েছেন যারা সিনিয়র দলে ছিলেন। সিনিয়র এশিয়া কাপে বাংলাদেশের প্রতিপক্ষ উত্তর কোরিয়া, চীনের মতো পরাশক্তি। আফঈদা মনে করছেন, লাওসের অভিজ্ঞতা অস্ট্রেলিয়াতে সিনিয়র আসরেও কাজে লাগবে, 'অবশ্যই ম্যাচগুলো অনেক কাজে আসবে। আমাদের জন্য অনেক উপকার হবে।'

## প্রচারণা ছাড়াই ব্লকবাস্টার "সাইয়ারা"

৪৬ পৃষ্ঠার পর

দশমিক ২৫ কোটি, মঙ্গলবার ১০ কোটি এবং বুধবার ৭ কোটি রুপি। সবমিলিয়ে এ পর্যন্ত সিনেমার আয় ২৭৩ দশমিক ৫০ কোটি রুপি (ভারতে) এবং বিশ্বজুড়ে ৪০০ কোটি রুপির বেশি।

এদিকে আজ ১ আগস্ট প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে ধর্ম প্রোডাকশনের 'ধড়ক-২' এবং অজয় দেবগনের 'সন অব সরদার-২'। সিনেমা দুটি মুক্তির পর 'সায়ারা' চ্যালেঞ্জের মুখে পড়তে পারে বলে মনে করছেন কেউ কেউ।

যশ রাজ ফিল্মস প্রযোজিত 'সায়ারা' সিনেমাটি মূলত প্রেম, বিচ্ছেদ ও স্মৃতিভ্রষ্টতার এক আবেগঘন গল্প। আহান পাণ্ডে অভিনীত 'কৃষ কাপুর' এক তরুণ সংগীতশিল্পী, আর অনীত পাড্ডার চরিত্র 'বাণী বাত্রা' একজন তরুণ লেখিকা, যিনি অল্প বয়সেই আক্রান্ত হন আলঝেইমার্স রোগে। এমন এক গল্পে এগিয়ে চলে সিনেমাটি।

## হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

২২ পৃষ্ঠার পর

মুখের ভেতরের আক্রান্ত অংশে জমা হয়ে থাকে।

** খাবারের স্বাদ কমে যায় বা অনুভব হয় না।

** কপাল ভাঁজ করতে পারে না।

** হঠাৎ উচ্চমাত্রার আওয়াজ শুনতে পাওয়া।

* চিকিৎসা

লক্ষণ দেখা দিলে যত দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হবেন, ততই ভালো। কেননা, স্টেরয়েড বা অ্যান্টিভাইরাল চিকিৎসা ৭২ ঘণ্টার মধ্যে শুরু করলেই সবচেয়ে বেশি উপকার পাওয়া যায়। এ ছাড়া চিকিৎসক বিশেষ ধরনের ব্যায়াম শিখিয়ে দেবেন, যা দিনে কয়েকবার করতে হবে। এ সময় চোখের বিশেষ যত্ন নিতে হবে। যেহেতু চোখ সহজে বন্ধ হয় না, তাই তা শুষ্ক হয়ে যায়। চোখের ড্রপ ব্যবহার ছাড়াও রাতে ঘুমানোর সময় বিশেষ প্যাচ ব্যবহার করে চোখ বন্ধ রাখা হয়। খাবার খেতে সমস্যা হলে ধীরে ধীরে তরল বা আধা তরল খাবার খেতে হবে। বেশিরভাগ ক্ষেত্রে বেলস পালসি কয়েকদিন বা কয়েক মাসের মধ্যেই সেরে যায়। কিছু ক্ষেত্রে সমস্যা দীর্ঘমেয়াদিও হতে পারে। বেলস পালসি গুরুতর গোছের কোনো রোগ নয়, তবে এ ধরনের উপসর্গ দেখা দিলে দ্রুত নিকটস্থ নাক-কান-গলা বিশেষজ্ঞ অথবা নিউরোমেডিসিন বিশেষজ্ঞের শরণাপন্ন হবেন। প্রয়োজন হলে পাশাপাশি ফিজিওথেরাপিও নেওয়া লাগতে পারে। সেক্ষেত্রে একজন বিশেষজ্ঞ ফিজিওথেরাপি চিকিৎসক রোগীর অবস্থা বুঝে প্রয়োজনীয় ফিজিওথেরাপি দিয়ে থাকেন।

* শীতে চাই বিশেষ সতর্কতা

শীতের আমেজ উপভোগ করুন। তার সঙ্গে সঙ্গে সতর্ক থাকুন যেন এ রোগে আক্রান্ত না হয়ে পড়েন। মাথা ঢাকার ক্ষেত্রে আমরা কিছুটা উদাসীন থাকি। মাথা, নাক, মুখ, কান উপযুক্ত শীতের কাপড় দিয়ে ঢেকে চলুন। যতই বিদঘুটে লাগুক না কেন শীতে টুপি, মাফলার, মাঙ্কি ক্যাপ ছাড়বেন না। বাইরে গেলে খেয়াল রাখতে হবে কান দিয়ে যাতে বাতাস যেন না ঢুকে। রাতের শেষদিকে ঠান্ডা লাগার আশঙ্কা আছে তাই ঘুমানোর সময় এ ব্যাপারেও সতর্কতা অবলম্বন করা উচিত।

লেখক: নাক-কান-গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন, রেজিস্ট্রার, নাক-কান-গলা বিভাগ: সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।

## নবীজির বিধবা বিয়ে

২৫ পৃষ্ঠার পর

নারীদের আশ্রয় দিয়েছেন।

**উম্মুল মোমেনিনদের অধিকাংশই বিধবা ছিলেন**

এক. খাদিজা (রা.)। রাসুল (সা.)-এর সঙ্গে বিয়ের সময় তার বয়স ৪০ বছর ছিল। নবী (সা.)-এর বিবাহবন্ধনে আসার আগে আবু হালাহ ইবনে যুরারাহ ও আতিক ইবনে আয়েজ নামক তার দুজন স্বামী ইন্তেকাল করেছেন। এ হিসেবে তিনি দুই স্বামীর বিধবা ছিলেন। (সীরাতে মুস্তফা: ৩/২৮১)।

## সোসাইটির দোয়া মাহফিল

১ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে দোয়া মাহফিল পরিচালনা করেন সেন্টারের ইমাম মাওলানা মির্জা বেলাল বেগ। এতে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ও ট্রাস্টি বোর্ড সদস্য রুহুল ইসলাম সেলিম। কমিউনিটির ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন মোয়াজ্জেম হোসেন খান, এনএম ফজলে রাব্বি, মহিউদ্দীন দেওয়ান, কামরুজ্জামান কামরুল, রোকন হাকিম,মফিজুল ইসলাম, ফিরোজ খান,আতিক রাজ হাসান জিলানী, নওশাদ হোসেন, রিজু মোহাম্মদ ও আবুল কাশেম চৌধুরী।

## ৪ আগস্ট জামাইকা ফ্রেন্ডস সোসাইটির বারবিকিউ

৬৪ পৃষ্ঠার পর

অনুষ্ঠান আয়োজন করা হবে।

এদিকে সংগঠনের 'ফ্যামিলি বারবিকিউ পার্টি' আগামী ৪ আগস্ট সোমবার কুইন্সের কানিংহাম পার্কে অনুষ্ঠিত হবে। এছাড়াও ব্যাক টু স্কুল কর্মসূচীর আয়োজন করা হবে আগামী ২২ আগস্ট শুক্রবার। অপরদিকে সংগঠনের সার্বে সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দিন সাগর-কে জেএফএস'র উপদেষ্টা মনোনীত করা হয়েছে।

জেএফএস'র সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী জানান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির ঐতিহ্যবাহী সামাজিক সংগঠন। একটি সামাজিক সংগঠনের ২৫ বছর পূর্তি গৌরবেরও বিষয়। আমরা সবার অংশগ্রহণে জাঁকজমকভাবে ফ্রেন্ডস সোসাইটির ২৫ বছর পূর্তি উদযাপনে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছি। চলছে নানা প্রস্তুতি। আর সামার মৌসুম উপলক্ষে আয়োজন করা হচ্ছে বারবিকিউ পার্টির। আগামী ৪ আগস্ট সোমবার কুইন্সের কানিংহাম পার্কে অনুষ্ঠিত হবে। এদিন অপরাহ্ন ৩টা থেকে বিকেল ৬টা পর্যন্ত এই পার্টি চলবে।

তিনি আরো জানান, 'ফ্যামিলি বারবিকিউ পার্টি' সফল করতে সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানি-কে আহ্বায়ক ও কার্যকরী সদস্য নওশাদ হায়দার-কে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও সোসাইটির ২৫ বছর পূর্তি পালন আয়োজক কমিটির আহ্বায়ক মনোনীত হয়েছেন সংগঠনের সাবেক সভাপতি বিলাল চৌধুরী এবং সদস্য সচিব মনোনীত হয়েছেন সাবেক সহ সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ।

## সালাউদ্দিনের চুক্তির মেয়াদের সঙ্গে বেতনও বেড়েছে

৫২ পৃষ্ঠার পর

হারে বেশি। ২০২৪ সালের শেষে আবার আমিরাত সফর দিয়ে জাতীয় দলে ফেরেন সালাউদ্দিন। বিসিবির ৩০ জুনের বোর্ড সভায় তার নতুন চুক্তির অনুমোদন দেওয়া হয়। চুক্তিতে সিরিজ ও সফরকালীন সুযোগ-সুবিধাসহ বছরে ৪০ দিনের ছুটির ব্যবস্থাও রয়েছে।

সালাউদ্দিনের বেতন নির্ধারণ করেছিলেন তৎকালীন সভাপতি ফারুক আহমেদ। ৭ লাখ থেকে সর্বোচ্চ ৮ লাখ টাকার মধ্যে পেতেন সালাউদ্দিন। এবার সেটি বেড়ে হয়েছে ৯ লাখ ৬১ হাজার টাকা। প্রায় ১০ লাখ টাকা বেতনের সঙ্গে দলের সিরিজ ও সফরকালীন সুযোগ-সুবিধা পাবেন এই কোচ।

## বাংলাদেশ কি সুযোগ হারাচ্ছে?

১০ পৃষ্ঠার পর

চৌকস কর্মকর্তা হিসেবে পুলিশ বাহিনীতে শুনেছি পুলিশের বর্তমান কর্তাব্যক্তিদের বিশেষ কদর আছে। তদুপরি, পুলিশের কাজের প্রতি অনীহা, সন্ত্রাস দমনে ব্যর্থতার দায়ভার সম্মিলিতভাবে সরকার, মন্ত্রণালয় ও বাহিনী- সবার উপর বর্তায়।

বর্তমান সরকারের ব্যর্থতার আরো বড় একটা কারণ হলো, সংস্কার কমিশনগুলোকে কার্যকর করতে না পারা। এটি অস্বীকার করার কোনো উপায় নেই, বড় রাজনৈতিক দলগুলোর সংস্কার প্রশ্নে ভিন্নমত সংস্কার কমিটিগুলোর জন্য তাদের কাজকে কঠিন করে তুলেছে। কিন্তু যৌক্তিক সংস্কারের প্রশ্নে রাজনৈতিক দলগুলোর উপর যৌক্তিক চাপ প্রয়োগের প্রশ্নে সরকার কেন সামাজিক সমর্থন পেলো না, তার বিশ্লেষণ করা অতীব জরুরি।

কিছু কিছু সংস্কার প্রশ্নে অহেতুক কালক্ষেপণ ও বিতর্ক তৈরির চেষ্টা হয়েছে, যেমন: পিআর পদ্ধতি প্রণয়ন। বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় যা খুব একটা হালে পানি পাবে না, তা বোঝা যায়। আবার কোনো কোনো বিষয়ে সংস্কারের কোনো উদ্যোগ দেখেনি, যেমন: রাজনৈতিক দলগুলোর আর্থিক ব্যবস্থাপনা কী হবে। সুশাসন নিশ্চিত করতে চাইলে যার কোনো বিকল্প নেই। বড় রাজনৈতিক দল হিসেবে বিএনপির কিছু নেতাকর্মীর আচরণ যথেষ্ট হতাশাজনক। তার প্রকাশ দলটির কয়েকশত নেতাকর্মীর দল থেকে অব্যাহতি বা বহিষ্কার। এটা স্পষ্ট- এই অংশটি ১/১১ বা গত ১৭ বছরের অপরাজনীতি থেকে কিছুই শিখেনি। দলের হাইকমান্ড থেকে আইনশৃঙ্খলা বাহিনীকে যথোপযুক্ত ব্যবস্থা নেয়ার কথা বললেও, নেয়া হয়েছে বলে মনে হয়নি। খুব সম্ভবত আইনশৃঙ্খলা বাহিনীর এই অংশটি আগেভাগেই বিএনপিকে রাষ্ট্র ক্ষমতায় চিন্তা করে তোয়াজ করার নীতিতে চলে এসেছে। আরো একটি মজার বিষয় হলো, অনেক নেতাকর্মীকে দল থেকে বহিষ্কার করা হলেও, দলীয় কার্যক্রমে ঠিকই অংশগ্রহণ করতে দেখা যায়, যেটি আইনশৃঙ্খলা বাহিনীকে হয়তঃ ভুল বার্তা দেয়। তাছাড়া এই দলটিতে এখন সুসময়ের নেতাকর্মীর হুড়োহুড়ি। গত ১৭ বছর রাজপথে ছিলেন না, এমন অনেক নেতাকর্মীকে কেন্দ্রীয় নেতাদের সাথে হরহামেশাই দেখা যায়। অপশাসনের ১৭ বছরে রাজনৈতিক দল হিসেবে সবচেয়ে বেশি খেসারত দেয়া দলটির সঠিক রাস্তায় পথ চলার সময় এসেছে। না হলে দলটির হয়ত বড় বেশি মূল্য দিতে হতে পারে। সমস্যা হলো, দলটির ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমান ও মহাসচিব মির্জা ফখরুল ব্যতীত অন্যদের মাঝে সততা, নৈতিকতার বোধ ও রাজনৈতিক প্রজ্ঞা এখনো তেমন প্রকটভাবে প্রকাশিত নয়। দল ও দেশের স্বার্থেই রাজনৈতিক সংস্কার প্রশ্নে দলটির নিজ উদ্যোগে নেতৃত্ব দিতে হবে। সাথে সাথে অন্য রাজনৈতিক দলগুলোকে উদ্বুদ্ধ করতে হবে।

তবে আমি ব্যক্তিগতভাবে মনে করি, সংস্কার প্রশ্নে সাধারণ জনগণের অংশগ্রহণ বা তাদের পাশে না পাওয়ার একটি বড় কারণ, গণঅভ্যুত্থানের মূল চালিকা শক্তি ছাত্রদের নিজেদের তৈরি না করে অপরিণত ক্ষমতার বলয়ে ঢুকে যাওয়া এবং রাজনৈতিক দল গঠন। গণঅভ্যুত্থানের প্রশ্নে মীমাংসা, রাষ্ট্রীয় সংস্থাগুলোর পুনর্গঠন, সংস্কার প্রশ্নে জাতীয় ঐকমত গঠন, নির্বাচন-বিচার-আইন বিভাগের সার্বভৌমত্ব নিশ্চিত না করা পর্যন্ত সরকারের সহযোগী হিসাবে জনগণকে পাশে নিয়ে অপেক্ষা করা যেতো। অথচ গণঅভ্যুত্থানে বিপুল সাহসে নেতৃত্ব দেওয়া মানুষগুলো ইতিহাসের পুনরাবৃত্তি ঘটিয়ে নিজেদের কৃতিত্ব জাহিরে এবং কর্তৃত্ব প্রতিষ্ঠায় ডুবে গেলো।

সবসময়ের সুযোগ সন্ধানী গোষ্ঠীরা সুযোগ নিলো। গাড়ী দিলো, অর্থ দিলো, প্রচার দিলো, মাথায় বসালো ছুঁড়ে ফেলবার জন্য। কেউ কেউ ২০-২৫ দিন আন্দোলনে নেতৃত্ব দিয়ে নিজেকে শ্রেষ্ঠ রাজনৈতিক নেতা ভাবা শুরু করলো, ভাব বদলে গেলো, অপরকে তুচ্ছতাচ্ছিল্য করা শুরু করলো। নেতৃস্থানীয় কাউকে অন্যে চলতে দেখে আক্রমণ শুরু করলো চাঁদাবাজি। হুমকির মুখে ফেলে দিলো সংস্কার, রাজনীতি ও সমাজ। নিয়োগকর্তা ছাত্রদের এই অর্বাচীন কাণ্ডজ্ঞান ও কার্যক্রম অবশ্যই অন্তর্বর্তী সরকারের জন্য দুশ্চিন্তার। ভিন্ন মতের মানুষ নিয়ে গঠিত এই সরকারের পথচলার জন্য হুমকিস্বরূপ। সংকটের সময়েই একজন নেতার পরিচয় সবচেয়ে বড় হয়ে উঠে। ড. মুহাম্মদ ইউনূস সেই নেতা হয়ে উঠবেন কী না- তা অচিরেই হয়ত আপনি জেনে যাবেন। না হলে, এদেশ হারাবে আরেকটি বড় সুযোগ।

লেখক: অধ্যাপক, কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম বিভাগ,শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়।

## ম্যানচেস্টার ইউনাইটেডের দুর্দান্ত জয়!

৫২ পৃষ্ঠার পর

জয় কিছুটা ম্লান করেন ফি সিট। তবে সামগ্রিকভাবে ম্যাচজুড়ে আধিপত্য বজায় রেখেই সহজ এক জয় তুলে নিয়েছে রেড ডেভিলদের দলটি।

অন্য ম্যাচে এভারটনকে হারালো ওয়েস্ট হ্যাম : একই দিন শিকাগোতেই আরেকটি প্রস্তুতি ম্যাচে এভারটনের বিপক্ষে ২-১ গোলের জয় পেয়েছে ওয়েস্ট হ্যাম ইউনাইটেড। ম্যাচের ১৭ মিনিটে এভারটনকে এগিয়ে দেন ইলিমান এনদিয়ায়ে। তবে বিরতির ঠিক আগে লুকাস প্যাকেতার গোলে সমতায় ফেরে ওয়েস্ট হ্যাম।

৬৪ মিনিটে জার্মান ফরোয়ার্ড নিকলাস ফুলক্রুগের গোলে এগিয়ে গিয়ে ম্যাচ নিজেদের করে নেয় তারা।

পরাজয়ের পর এভারটন কোচ ডেভিডময়েস বলেন, 'এই মুহূর্তে আমি যেসব খেলোয়াড় চাই, তাদের পাচ্ছি না। আমরা জানতাম এখানে ভালো কিছু করা কঠিন হবে। আমাদের দল এখনো পুরোপুরি প্রস্তুত নয়।'

প্রস্তুতি টুর্নামেন্টের শেষ দিন রোববার আটলান্টায় ম্যানচেস্টার ইউনাইটেড মুখোমুখি হবে এভারটনের এবং ওয়েস্ট হ্যাম খেলবে বোর্নমাউথের বিপক্ষে।

## বাফেলো সিটিতে মেয়র নির্বাচন

৬৪ পৃষ্ঠার পর

প্রার্থী জেমস গার্ডনার। ইলেকশন এ্যাডভাইজারি বোর্ডের চেয়ারম্যান হিসেবে এবারই কোন বাংলাদেশী দায়িত্ব পালন করবেন। পারভেজের বাড়ি বাংলাদেশের নোয়াখালী জেলায়।

পারভেজ আজকালকে বলেন, দীর্ঘদিন বাফেলো ডেমোক্রেট দলীয় মেয়র নির্বাচিত হয়ে আসছে। তবে এবার নির্বাচনে রিপাবলিকান মেয়র প্রার্থী জেমস গার্ডনার জয়ী হওয়ার ব্যাপারে আশাবাদী রিপাবলিকান দল। ডেমোক্রেট প্রার্থী শন রায়ানও প্রথমবার মেয়র হিসেবে নির্বাচনে লড়ছেন। ডেমোক্রেট দলীয় সমর্থন বেশী হলেও রিপাবলিকানরা জোর টু জোর যাওয়ার চেষ্টা করছে। তিনি বলেন, ব্রায়রন ব্রাউন পর পর ৪ বার মেয়র হিসেবে দায়িত্ব পালন করলেও বাফেলোকে এখনো নিরাপদ নগরীতে পরিনত করতে পারেননি। বাফেলোকে নিরাপদ ও উন্নত নাগরীর বাস্তবায়নের জন্য এবার রিপাবলিকান পার্টির মনোনীত মেয়রকে বিজয়ী করার জন্য বাংলাদেশী ভোটারদের কাজ করা আহবান জানান তিনি।

## এশিয়া কাপে ফাইনাল খেলার মতো দল বাংলাদেশ : খালেদ আহমেদ

৫২ পৃষ্ঠার পর

২০২৩ সালে। টি-টোয়েন্টিতে একটি ম্যাচ খেলেছেন তিনি। সাদা বলের ক্রিকেটে তানজিম আহমেদ, মোস্তাফিজুর রহমান,তানজিম হাসান সাকিব, হাসান মাহমুদ, নাহিদ রানা ও শরিফুল ইসলামদের সঙ্গে প্রতিযোগিতা করতে হচ্ছে খালেদকে।

খালেদ মনে করেন দেশের জন্য এই প্রতিযোগিতা ইতিবাচক, 'অবশ্যই প্রতিযোগিতা থাকা ভালো- এটা যে কোনও দেশের জন্যই ইতিবাচক। দেখুন, আপনি যখন প্রতিযোগিতার মধ্যে থাকবেন তখন কাজ করার আগ্রহ আরও বাড়বে। আমি আমার নিজের ক্ষেত্রে বলতে পারি- আমি আমার ফিটনেস আরও বাড়ানোর চেষ্টা করছি যাতে আমি অন্যদের সঙ্গে প্রতিযোগিতা করতে পারি। এটা আমাকে অনুপ্রাণিত করে। আমি যদি পিছিয়ে যাই, তাহলে অনেক পিছিয়ে পড়বো। তাই আমার চেষ্টা থাকে অন্যদের থেকে এগিয়ে থাকার।'

কুড়ি ওভারের ক্রিকেটে অনিয়মিত হলেও এই ফরম্যাটে সম্প্রতি দারুণ ছন্দে আছেন খালেদ। গোবাল সুপার লিগে রংপুর রাইডার্সের জার্সিতে দারুণ বোলিং করেছেন। ৪ ইনিংসে ১১ উইকেট নিয়ে দ্বিতীয় সর্বোচ্চ উইকেট সংগ্রাহক তিনি। রংপুরকে ফাইনালে তোলার পেছনে সবচেয়ে বড় অবদান খালেদের। নিজের পারফরম্যান্স নিয়ে খালেদ বলেছেন, 'অবশ্যই, ভালো হয়েছে বলবো না। তবে আলহামদুলিল্লাহ। আমি ভালো করার চেষ্টা করেছি, কিন্তু দলকে জেতাতে পারলে আরও বেশি ভালো লাগতো। আমার চেষ্টা ছিল আমি যেন যতটা সম্ভব সহজ থাকি এবং দলকে ভালো কিছু দিতে পারি।'

গোবাল লিগে খেলার অভিজ্ঞতা নিয়ে খালেদ বলেছেন, 'অভিজ্ঞতা বলতে, এটা ভালো একটা সুযোগ ছিল। যেহেতু এটা গোবাল একটা টুর্নামেন্ট ছিল এবং বিভিন্ন দেশের দল খেলতে গিয়েছিল, পাঁচটি দেশের প্রতিনিধি ছিল। আমি বাংলাদেশ থেকে গিয়েছিলাম। আমরা সব দলের সঙ্গেই খেলেছি। আমার ভালো লেগেছে যে সবাই আমার খেলা দেখতে পেরেছে। আমি চেষ্টা করেছি ভালো পারফর্ম করার।'



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com



আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH
AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান



যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।

## আমরা ওমরার প্যাকেজ করে থাকি

আমাদের প্যাকেজ বিবরণ

- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।



**NAFS TRAVEL INC.**
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

**Amader Service.com**
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

**ইভেন্ট ম্যানেজমেন্ট**
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

**হোম সার্ভিস**
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

**অফিস এ্যাডভাইজারী**
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IN ON App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

# বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

**Md. Alamgir Hossain**
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

## মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

## মিশিগানে বাংলাদেশি আমেরিকান ফ্যাস্টিভ্যাল আগামী ২ ও ৩ আগস্ট

৩ পৃষ্ঠার পর

জনপ্রিয় শিল্পীরা। সংগীত পরিবেশন করবেন প্রীতম হাসান, প্রতীক হাসান, বাউল শিল্পী কামা মিয়া, শাহনাজ বেলীসহ বাংলাদেশ থেকে আগত খ্যাতনামা শিল্পীরা। মেলায় থাকবে রঙিন সাংস্কৃতিক অনুষ্ঠান, নৃত্য পরিবেশনা, আকর্ষণীয় র‍্যাফেল ড্র, দেশীয় আড্ডা, বাংলাদেশি পোশাক, খেলনা, ঘর সাজানোর সামগ্রী এবং নানা স্বাদের খাবারের স্টল। ওয়ারেন পুলিশের পাশাপাশি মেলার নিরাপত্তায় নিয়োজিত থাকবেন সংগঠনের স্বেচ্ছাসেবক দল। প্রতি বছরের মতো এবারও এই উৎসবের মাধ্যমে প্রবাসে বাংলাদেশি আমেরিকানদের ঐতিহ্য ও কৃষ্টি তুলে ধরা হবে। সাংবাদিক সম্মেলনের শেষে সবাইকে নৈশভোজে আপ্যায়িত করা হয়।

## বৃষ্টিতে কুইন্স হাইওয়ে পানির নিচে

১ পৃষ্ঠার পর

গাড়ী ও ট্রাক কুইন্স হাইওয়েতে যানবাহন ডুবে যায়। এর আগে নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল জরুরি অবস্থা ঘোষণা করেন। বৃহস্পতিবার বিকেলে মুষলধারে বৃষ্টি শুরু হলে কুইন্সের হাইওয়ে পানির নিচে তলিয়ে যায়। তাতে আটকা পড়ে যানবাহন। কর্তৃপক্ষ জানিয়েছেন, ফায়ার ডিপার্টমেন্ট, এনওয়াইপিডি- এর জরুরী পরিষেবা ইউনিটের সদস্যরা প্রায় ২.৪৫ মিনিটে উত্তর ফ্লাশিংয়ের কাছে ক্লিয়ারভিউ এক্সপ্রেসওয়েতে ছুটে যান। সেখানে আটকে থাকা গাড়িগুলির ভিতরে যারা ছিল তারা নিরাপদে বেরিয়ে আসতে সহযোগিতা করে। এনওয়াইপিডি বলেছে, দ্রুত আটকেপড়াদের তাদের উদ্ধার করা হয়েছে। এক ভিডিওতে দেখা গেছে যে, একটি পিক-আপ ট্রাক একটি ছোট গাড়ি চালিয়ে নির্দিষ্ট কিছু জায়গায় তিন ফুটেরও বেশি গভীরে নোংরা পানিতে আটকে যায়। চারটি দরজা খোলা রেখে মহাসড়কে বসে থাকা একটি সেডানের আসনের মাঝখানে পানি উঠেছিল। ভিডিওতে দেখা গেছে, দুটি গাড়ি প্রায় সম্পূর্ণভাবে ডুবে গেছে, একটি এমটিএ বাস তার ট্রাঙ্ক খোলা রেখে ওভারপাসের নিচে আটকা পড়েছে এবং ক্যাবের দরজা পর্যন্ত পানি ছিল। এছাড়া একটি ১৮-চাকার গাড়ি বন্যার বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়েছে।

## সামরিক বিমানে ৩৯ বাংলাদেশি ডিপোর্ট



১ পৃষ্ঠার পর

থেকে উড্ডয়ন করেছে। এই ডিপোর্ট লেখার সময় বিমানটি বাংলাদেশের পথে রয়েছে বলে ওয়াশিংটন বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট উর্ধ্বতন একজন কর্মকর্তা এই প্রতিবেদককে ফোনে জানিয়েছেন। ২ আগস্ট শনিবার সকাল ৬.৪৫ মিনিটে আটক বাংলাদেশিদের বহনকারী সি-১৭ সামরিক বিমানটি ঢাকায় অবতরণ করার কথা রয়েছে বলে নিশ্চিত হওয়া গেছে। এজন্য ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এক প্রশ্নের উত্তরে দূতাবাসের ওই কর্মকর্তা 'আজকাল'কে জানান, 'যুক্তরাষ্ট্রের আইস কর্তৃপক্ষ থেকে আমাদের কাছে তালিকা দেয়া হয়েছে ঢাকায় হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সামরিক বিমানটি ল্যান্ড করার পর যাতে তাদের ইমিগ্রেশন যথাযথভাবে হয় তার ব্যবস্থা করার জন্য। তাদের ট্রাভেল ডকুমেন্ট বা টিকি আপডেট করা হয়েছে।' এই ফ্লাইটে কোন পরিবার বা নারীরা রয়েছেন কি-না এমন এক প্রশ্নের উত্তরে তিনি সবকিছু নিশ্চিত হয়ে জানান, '৩৯ জন বাংলাদেশির মধ্যে একজন নারী রয়েছেন। বাকী সবাই সিঙ্গেল পুরুষ। তারা বিভিন্নভাবে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। সম্প্রতি তারা বিভিন্ন কারণে আইস কর্মকর্তাদের হাতে গ্রেফতার হন'। তিনি জানান, 'সামরিক বেইস থেকে এ ধরনের বিমান ছেড়ে যাবার সময় ওই দেশের দূতাবাসের পক্ষ থেকে সেখানে উপস্থিত থাকার কোন নিয়ম নেই'। এবার আটককৃত কয়েকজনের ট্রাভেল ডকুমেন্ট মেয়াদোত্তীর্ণ হয়েছে এমন বাংলাদেশিরা হলেন- আশরাফুল ইসলাম সুমন, আবু সাঈদ এবং মো. ইব্রাহিম খলিল বলে জানা যায়। ওয়াশিংটনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বাংলাদেশ দূতাবাসের মিনিস্টার (কন্সোলার) ব্রিগেডিয়ার জেনারেল মাহবুবের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এই প্রতিবেদককে ফোনে জানান, 'আটক ৩৯ জনকে নিয়ে ফ্লাইটটি ২ আগস্ট শনিবার সকালে ঢাকায় অবতরণ করার সিডিউল রয়েছে। এর বেশি কিছু আর আমি বলতে পারছি না'। যুক্তরাষ্ট্র থেকে ভারতে গত ফেব্রুয়ারিতে সি-১৭ সামরিক বিমানে করে ১০৪ জনকে ডিপোর্ট করা হয়েছিল। তাদেরকে বিমানে উঠাবার আগে পায়ে শিকল এবং হ্যান্ডকাপ লাগানো ছিল। সামরিক বিমানে পরিবহন করার আগে এমনভাবেই তাদের রাখার বিধান বলে জানা যায়। এর আগে গত ২৭ মে থেকে ২৭ জুলাই পর্যন্ত বিভিন্ন ফ্লাইটে করে ১৩ অবৈধ বাংলাদেশিকে ফেরত পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। এরমধ্যে ২৭ মে একজন, ২ জুন একজন, ৬ জুন একজন, ১৭ জুন একজন, ১৮ জুন দুইজন, ১৯ জুন একজন, ২৩শে জুন দুইজন, ৭ জুলাই একজন এবং ১৮ জুলাই একজনকে অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশের অভিযোগে ডিপোর্ট করা হয়েছে। অন্য একটি সূত্রে জানা গেছে, এ ধরনের সামরিক বিমানে প্রতি ঘণ্টায় খরচ হয় ২৮ হাজার ডলার। যুক্তরাষ্ট্র সরকারের আইস পুলিশের হাতে বাকী আটকদের ভিন্ন কোন ফ্লাইটে বাংলাদেশে ফেরত পাঠানো হতে পারে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।



## নড়াইলে সম্রাটের ওপর হামলায় নিউইয়র্কে বিক্ষোভ

৩ পৃষ্ঠার পর

সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির আরেক সদস্য গিয়াস আহমেদ। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএনপি নেতা জসিম উদ্দিন ভূঁইয়া, নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি ওয়ালিউল্লাহ আতিকুর রহমান, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সভাপতি জাহাঙ্গীর আলম, নড়াইলবাসীর পক্ষে নিয়াজ




করিম, বদরুল হক আজাদ, দেওয়ান কাওসার, আনিসুর রহমান, মাহবুব আলম, মোক্তার হোসেন প্রমুখ।
বক্তারা আব্দুল লতিফের উপর হামলার মূলহোতা সন্ত্রাসী জাহাঙ্গীর বিশ্বাসসহ হামলায় জড়িত তার পেটোয়া বাহিনীর সবাইকে গ্রেফতারের দাবী জানিয়েছে। হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে ভবিষ্যতে নিউইয়র্ক থেকে কঠোর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে। এ বিষয়ে বিএনপির শীর্ষ নেতা তারেক রহমানের দৃষ্টি আকর্ষণ করেন তারা। এমনকি অচিরে এ হামলার বিচার না হলে নড়াইলবাসীরা দেশে রেমিট্যান্স না পাঠানোরও হুমকি দেন।
বাংলাদেশের নড়াইল থেকে একাধিক বিএনপির নেতা ভিডিও কনফারেন্সের সমাবেশে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন।

TUITION FREE TAX SCHOOL*
লিবার্টি ট্যাক্স স্কুল
BECOME A TAX PROFESSIONAL
Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
* Tuition is Free but there is little fee for books
• Day and Evening Classes are available for your convenience.
PLEASE CONTACT : (718) 297-3500
147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com
(আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)
(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## হালের বুদ্ধিজীবি ও জনগণের দুর্বোধ্যতা

১২ পৃষ্ঠার পর

কোনো শাখা প্রশাখা নেই যারা তার বিশ্লেষণ করেননা। যদিও বিশ্লেষণ দোষের নয় কিন্তু যখন তা অবিরোধী হয় এবং সাধারণ মানুষের বুঝতে অসুবিধে হয়না যে তাদের উদ্দেশ্য স্বার্থপরতায় পরিপূর্ণ। এসব লোকদের ধর্মবিশ্বাস কোন বিষয় নয়। তাদের ধারণা মুসলিম পরিবারে জন্ম হয়েছে বলেই তারা মুসলিম অন্য কোনো ধর্ম পালন কারীদের ঘরে জন্ম হলে নিশ্চয়ই তারা সেই ধর্মের অনুসারী হতো তাই মুসলিম ধর্ম পালন এবং সৎ জীবন যাপন তাদের নিকট খুবই এলার্জিটিক ব্যাপার।কারণ তাহলে পছন্দমত জীবন যাপন,আর্থিক ব্যবস্থাপনা ও নিরঙ্কুশ ক্ষমতা প্রয়োগ বাধাগ্রস্থ হতে পারে বলে তাদের ধারণা যদিও বিষয়টি আপেক্ষিক তবে সাধারণের মধ্যে এরূপ ধারণাকে ভুল প্রমাণের দায়িত্ব একান্ত তাদের।

লেখক : কবি, প্রাবন্ধিক, কলামিস্ট ও গবেষক। সেন্টএলবান্স, নিউইয়র্ক।

## ফখরুলের উদ্বেগ এবং ধর্মভিত্তিক দলগুলোর প্রতি নমনীয়তা কি কাকতালীয়?

৬ পৃষ্ঠার পর

করছে। শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান এমনকি কিছু মিডিয়ার ভূমিকাও প্রশ্নবিদ্ধ। বাংলাদেশের জনগণও এই উত্থানে উদ্বিগ্ন। মির্জা ফখরুলের উদ্বেগ নিছক রাজনৈতিক বক্তব্য নয়, তারা নতুন এক কাফেলা তৈরি করতে যাচ্ছে। যেটা এর আগে কখনো হয়নি। এই স্বপ্নও নতুন। নির্বাচন যত বিলম্বিত হবে এই কাফেলা ততো লম্বা হবে। এটি বাংলাদেশের রাজনৈতিক ভবিষ্যতের একটি বার্তা। দক্ষিণপন্থী রাজনীতির পুনরুত্থান শুধু একটি দলের জন্য নয়, গোটা রাষ্ট্রের জন্যই চিন্তার বিষয়। নির্বাচন সামনে রেখে এই সময় দেশের মূলধারার রাজনৈতিক শক্তিগুলোর জন্য জনগণের আস্থা অর্জনের, যাতে বাংলাদেশ আবারও কোনো ধর্মীয় বা মতাদর্শিক চরমপন্থার ফাঁদে না পড়ে।

লেখক: ইউরোপে প্রবাসী সাংবাদিক।

## ঘাতকের তথ্য জানতে লাস ভেগাসে নিউইয়র্ক পুলিশ

৩ পৃষ্ঠার পর

করেছে, যার মধ্যে অস্ত্রের নিচের রিসিভারও রয়েছে। তামুরা, যিনি নিজেই হাই স্কুল ফুটবল খেলতেন কিন্তু কখনও এন. এফ. এল-এ খেলেননি। স্থানীয় ক্যাসিনোতে নজরদারি বিভাগে কাজ করতো সে।

বন্দুক বিক্রি বৈধ কিনা তা তাৎক্ষণিকভাবে পরিষ্কার হয়নি। বিস্তারিত না জানিয়ে পুলিশ জানিয়েছে, তামুরার মানসিক অসুস্থতার ইতিহাস ছিল। ২০২৩ সালের সেপ্টেম্বরে, শহরতলির লাস ভেগাস ক্যাসিনোতে একটি অপকর্মের অনধিকার প্রবেশের অভিযোগে তাকে গ্রেপ্তার করা হয়েছিল। যখন তাকে নিরাপত্তা এবং অন্যান্য কর্মচারীরা তার পরিচয়পত্র চেয়েছিল তখন তাকে চলে যেতে বলা হয়েছিল। পরে প্রসিকিউটররা মামলাটি খারিজ করে দেন।

যে সুপারভাইজার তামুরাকে রাইফেলটি বিক্রি করেছিল তার বিরুদ্ধে কোনও অপরাধের অভিযোগ আনা হয়নি বলে পুলিশ জানিয়েছে। কর্তৃপক্ষ সুপারভাইজারের নাম প্রকাশ করেনি, তবে তারা বলেছিল যে তামুরা আত্মহত্যা করার পরে তামুরার মানিব্যাগে পাওয়া নোটে তামুরা যে ব্যক্তির কাছে ক্ষমা চেয়েছিল সে সে।

লাস ভেগাসে তামুরার স্টুডিও অ্যাপার্টমেন্টে অনুসন্ধানের সময় তদন্তকারীরা মানসিক ওষুধ এবং একটি সুইসাইড নোট পেয়েছিলেন যেখানে তিনি বলেছিলেন যে তিনি অনুভব করেছেন যে তার বাবা-মা তার প্রতি হতাশ এবং তার মায়ের কাছে ক্ষমা চেয়েছেন, পুলিশ জানিয়েছে। তদন্তকারীরা অ্যান্টি-এপিলেপটিক এবং অ্যান্টি-ইনফ্লামেটরি ওষুধ, একটি ট্রাইপড, একটি রাইফেল রাউন্ড, নিউইয়র্কে তামুরার গাড়িতে পাওয়া রিভলভারের জন্য একটি বাক্স এবং রিভলভারের প্রায় ১০০.৯ মিমি রাউন্ড গুলি পেয়েছিলেন।

নিউইয়র্ক শহরের গোয়েন্দারা বুধবার লাস ভেগাসে রয়েছেন বলে কর্তৃপক্ষ জানিয়েছে। তার হর্সশু ক্যাসিনো লকারে তল্লাশি চালানোর জন্য তাদের কাছে একটি পরোয়ানা রয়েছে এবং তাঁরা তার ফোন ও ল্যাপটপে তল্লাশি চালানোর জন্য পরোয়ানার অপেক্ষায় ছিল। পুলিশ তার বাবা-মায়ের সঙ্গেও কথা বলার পরিকল্পনা করেছিল বলে কর্মকর্তারা জানিয়েছেন।

সুখবর! সুখবর !!

31ST AVENUE GROCERY & 99 CENT STORE

LOTTO | ATM | EBT | EVERAGE | ICECREAM

80-05 FRESH VEGETABLE, FRUITS, HALAL MEAT, FISH & ALL KIND OF HOUSEHOLD ITEMS 718-210-1996

ইস্ট এলমহার্স্ট ৮০স্ট্রীট ও ৩১ এভিনিউর উপর বাংলাদেশী অধ্যষিত এলাকার আবু হোরায়রা মসজিদের সন্নিকটে সম্পূর্ন বাংলাদেশী মালিকানাধীন গ্রোসারী ও নিত্য প্রয়োজনীয় পন্যের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান।

- এখানে পাবেন ফ্রেস শাকসবজী ও ফলমুল
- হালাল মাংস ও মাছ
- ক্রেতাদের সেবা প্রদানই আমাদের লক্ষ্য
- আমরা EBT গ্রহন করি













৩১ এভিনিউ গ্রোসারী এন্ড ৯৯ সেন্ট স্টোর
৮০-০৫, ৩১ এভিনিউ ইস্ট এলমহার্স্ট (এস্টোরিয়া)
ফোনঃ ৭১৮-২১০-১৯৯৬

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry

Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600

Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস

Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Makaudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইট্‌স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

# Starling Car Service LLC



*Best Choice for your trip*

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation





Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
**Base Letter & Base Affiliate**

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

# ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

**24 Hours Open**





১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

**Our Services**
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

**Tel: 718-786-6677 / 718-361-6432**

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

# রাজনীতিতে উত্তাপ : কী হতে যাচ্ছে?

৬৪ পৃষ্ঠার পর

সরকারের পক্ষ থেকেও কর্মসূচি হাতে নেয়া হয়েছে। অন্যদিকে, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের পক্ষ থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা তথ্য ছড়ানো হচ্ছে। হুমকি দেয়া হচ্ছে। এসব কারণে মানুষের মধ্যে পরিস্থিতি নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। উদ্বেগ-উৎকণ্ঠার পরিস্থিতির মধ্যেই অভ্যুত্থানের চেতনা ধারণ করে রাষ্ট্র সংস্কারের প্রাথমিক ধাপ হিসেবে জুলাই সনদ ঘোষণার আলোচনা শেষ হয়েছে। এখন এই সনদ ঘোষণা বা স্বাক্ষরের অপেক্ষায় আছে দলগুলো। আগামী দু'একদিনের মধ্যেই এ সনদ চূড়ান্ত হবে বলে জাতীয় ঐকমত্য কমিশন থেকে বলা হলেও সব দল এতে স্বাক্ষর করবে কিনা তা এখনো স্পষ্ট নয়। দলগুলো জুলাই সনদে একমত হতে না পারলে অভ্যুত্থানের বার্ষিকীর এই সময়ে নতুন রাজনৈতিক জটিলতা তৈরি হতে পারে বলে মনে করা হচ্ছে। বিশেষ করে কিছু কিছু বিষয়ে দলগুলোর মধ্যে চরম বিরোধ স্পষ্ট হয়েছে ঐকমত্য কমিশনের আলোচনায়। এমন পরিস্থিতিতে সরকারের পক্ষ থেকেও সামনের কয়েক দিনকে গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রের দাবি সামনের কয়েক দিনে জুলাই সনদ চূড়ান্ত হলে নির্বাচন নিয়েও ইতিবাচক একটি ঘোষণা আসতে পারে। অভ্যুত্থানের বার্ষিকী ৫ই আগস্ট সামনে রেখে প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন বলে জানানো হয়েছে। এই ভাষণে তিনি জাতীয় নির্বাচনের পরিকল্পনা তুলে ধরতে পারেন। নির্বাচনের স্পষ্ট ঘোষণা এলে এটি হবে জাতির জন্য একটি স্বস্তির খবর। তবে জুলাই সনদ নিয়ে নেতিবাচক কোনো পরিস্থিতি তৈরি হলে নির্বাচনের পরিকল্পনা নিয়েও অনিশ্চয়তা তৈরি হতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন। গতকাল প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এক অনুষ্ঠানে বলেছেন, আগামী চার-পাঁচদিন বাংলাদেশের রাজনৈতিক বন্দোবস্তের জন্য একটি 'ক্রুশিয়াল' সময়। এই কয়েকদিনে বোঝা যাবে সামনে কোথায় যাচ্ছে। কিন্তু একটি বিষয় নিশ্চিত, নির্বাচন দেরি হবে না। বৃহস্পতিবার সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম আয়োজিত সংলাপে তিনি এসব কথা বলেন। ৫ই আগস্ট জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিকে সামনে রেখে জুলাই ঘোষণাপত্র ও জুলাই সনদ তৈরির বিষয়ে কাজ হচ্ছে উল্লেখ করে শফিকুল আলম বলেন, 'আগামী পাঁচ-ছয়টা দিনে বুঝবো যে, আমরা সামনে কোথায় যাচ্ছি। কিন্তু একটি বিষয় আপনি নিশ্চিত থাকেন, নির্বাচন দেরি হবে না। নির্বাচন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস যে সময়ে বলেছেন, তার থেকে একটা দিনও দেরি হবে না। নির্বাচন প্রসঙ্গে প্রেস সচিব আরও বলেন, প্রধান উপদেষ্টা প্রথমে বলেছিলেন নির্বাচন এপ্রিলের প্রথমার্ধে হবে। পরবর্তী সময়ে লন্ডনে বলা হয়েছে যদি অনেকগুলো সংস্কার হয় এবং বিচারের কাজগুলো এগিয়ে যায়, সে ক্ষেত্রে এটা ফেব্রুয়ারিতে হবে। তারা সেই জায়গায় এখনো আছেন। এটি একদিন দেরি হবে না, যাই হোক না কেন। সনদ বা ঘোষণাপত্র যাই হোক না কেন সেটা, যেভাবেই সনদ গ্রহণ করা হোক না কেন... নির্বাচন তার সময়মতো হয়ে যাবে। এ বিষয়ে অধ্যাপক ইউনূসের দৃঢ় অবস্থান, পুরো উপদেষ্টা পরিষদেরই এখানে দৃঢ় অবস্থান। উপদেষ্টারা তাদের পুরনো কাজে ফিরে যেতে চাইছেন।

**কিছুদিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণা: আসিফ নজরুল :** এদিকে আগামী কিছুদিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণা করা হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। হয়রানিমূলক মিথ্যা মামলা ও মব সন্ত্রাসকে অন্তর্বর্তী সরকারের আমলে সবচেয়ে দুর্ভাগ্যজনক ঘটনা বলে মনে করেন তিনি। তবে মিথ্যা মামলা থেকে অভিযুক্ত ব্যক্তিকে মুক্তি দিতে ফৌজদারি কার্যবিধির সংশোধন করা হয়েছে বলেও জানান তিনি। সচিবালয়ে সংস্কার ও সমসাময়িক বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা জানান। গত এক বছরে আইন মন্ত্রণালয়ের অধীনে যেসব কাজ হয়েছে, সংবাদ সম্মেলনে সেসব তুলে ধরেন তিনি। তবে আগামী নির্বাচনের তারিখ ঘোষণা করা হবে জানতে চাইলে আইন উপদেষ্টা বলেন, নির্বাচনের সময় যে জানি ওয়েট করুন, কিছুদিনের মধ্যে ঘোষণা শুনবেন। আসিফ নজরুল বলেন, ২০০৮ সালের নির্বাচন নিয়ে কোনো প্রশ্ন নেই, এরসঙ্গে আমি দ্বিমত পোষণ করি। ২০০৮-এর নির্বাচন নিয়ে প্রশ্ন তোলার অবকাশ আছে। আপনারা যারা সাংবাদিকরা আছেন- কাজ করেন, অনেক অথেনটিক তথ্য পাবেন ২০০৮-এর নির্বাচন নিয়ে। উপদেষ্টা বলেন, নির্বাচনী কার্যক্রম তো নির্বাচন কমিশন দেখবে। আমি শুধু আমাদের সরকারের নিয়তের কথা আপনাদের বলতে পারি। আমাদের নিয়ত আছে বাংলাদেশের ইতিহাসে বেস্ট ইলেকশন দেয়া, এটা স্যার (প্রধান উপদেষ্টা) আমাদের সব সময় বলেন। তিনি বলেন, আমাদের সরকারের আমলে সবচেয়ে দুর্ভাগ্যজনক যে দুটি ঘটনা ঘটেছে, একটা হচ্ছে মিথ্যা মামলা, মামলা হতে পারে, কিন্তু মিথ্যাভাবে লোককে ফাঁসানো, মানে হয়রানিমূলক মিথ্যা মামলা; আরেকটা হচ্ছে মব জাস্টিস। মব সন্ত্রাস আমি বলি। এই দুইটা আমাদের খুবই পীড়িত করে। আইন উপদেষ্টা বলেন, মিথ্যা মামলা ঠেকানোর জন্য বা এই মামলা থেকে অভিযুক্ত ব্যক্তিকে মুক্তি দেয়ার জন্য ফৌজদারি কার্যবিধির সংশোধন করা হয়েছে। পুলিশ চূড়ান্ত প্রতিবেদনের জন্য অপেক্ষা না করে একটা প্রাথমিক প্রতিবেদন তৈরি করে আদালতে দেবেন। আদালত যদি দেখেন, এখানে ৪০০ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে, কিন্তু ১০-১২ জনের বিরুদ্ধে বিশ্বাসযোগ্য সাক্ষ্য আছে, বাকিদের বিরুদ্ধে নেই, তাহলে আদালত তখনই ছাড় করে দিতে পারবেন। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কিছু উদ্যোগ নিয়েছে। কিছুদিনের মধ্যে সুফল পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন তিনি। হয়রানিমূলক মামলা প্রত্যাহার কার্যক্রমের কথা তুলে ধরে আইন উপদেষ্টা বলেন, পর্যালোচনার পর ১৫ হাজারের বেশি মামলা প্রত্যাহারের সুপারিশ করা হয়েছে। এ ছাড়া সাইবার আইনের অধীনে ৪০৮টি স্পিচ অফেন্সসংক্রান্ত মামলা এবং জুলাই-আগস্টের অভ্যুত্থানে অংশ নেয়া ছাত্র-জনতার বিরুদ্ধে করা ৭৫২টি হয়রানিমূলক মামলা প্রত্যাহার করা হয়েছে। এসব মামলা প্রত্যাহারের কারণে কয়েক লাখ রাজনৈতিক নেতাকর্মী ও ভিন্ন মতের মানুষ হয়রানি থেকে রেহাই পেয়েছেন। সংবাদ সম্মেলনে আইন উপদেষ্টা তার মন্ত্রণালয়ের এক বছরের কাজের চিত্র তুলে ধরে বলেন, আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন, ১৯৭৩ সংশোধন করে আইনটিকে ন্যায়বিচারের আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে। এ ছাড়া সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ জারি, দেওয়ানি কার্যবিধি সংশোধন, ফৌজদারি বিধি সংশোধন, মামলাপূর্ব বাধ্যতামূলক মধ্যস্থতার বিধান সংযোজন, নারী ও শিশু নির্যাতন দমন আইনে সংশোধন, পাওয়ার অব অ্যাটর্নি বিধিমালায় সংশোধন, সাইবার সুরক্ষা অধ্যাদেশ জারি, বিবাহ নিবন্ধন বিধিমালা সংশোধন, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এবং জুডিশিয়াল সার্ভিসের সদস্যদের আইন ও বিচার বিভাগে পদায়নে বিধিমালা প্রণয়ন করা হয়েছে। এ ছাড়া আরও বিভিন্ন কার্যক্রমের তথ্য তুলে ধরেন উপদেষ্টা।

## জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টের মালিকানা বদল

৬৪ পৃষ্ঠার পর

প্রতীক হয়ে উঠেছে। খাবারের গুণ ও মান নিয়ে প্রশ্ন থাকলেও বাংলাদেশি কমিউনিটির কাছে আড্ডা ও মিলনমেলার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিল। এক যুগেরও আগে হারুন ভূঁইয়া ও কামরুজ্জামান কামরুলদের হাতে গড়ে উঠেছিল ৭৩ স্ট্রিটে খাবারবাড়ী রেষ্টুরেন্ট। কয়েক বছর না যেতেই রেষ্টুরেন্টটি কিনে নেন শিমুল। শিমুল ছিলেন এই রেষ্টুরেন্টেরই ম্যানেজার। তারা কয়েক বন্ধু মিলে হারুণ,কামরুল ও বিশ্বনদের কাছ থেকে কিনে নেন। মূল্য ৫ লাখ ডলারের কাছাকাছি। খাবারবাড়ীর নাম পরিবর্তন করে রাখা হয় নবান্ন রেষ্টুরেন্ট। বেশ পরিচিতি পায় কয়েক বছরে। আবার হাত বদল হলো এটির। নবান্ন রেষ্টুরেন্টের নতুন মালিক হয়েছেন মুহাম্মদ কাদের শিশির। তিনি একজন প্রতিষ্ঠিত হোম কেয়ার ব্যবসায়ী। অলকাউন্টি হোম কেয়ারের কর্ণধার। নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক বাংলা গেজেটের প্রকাশক ও সম্পাদক। সোমবার ২৮ জুলাই জ্যাকসন হাইটসে নবান্নের সামনে আলাপকালে প্রতিবেদককে রেষ্টুরেন্টটি কিনে নেয়ার সত্যতা নিশ্চিত করেন। মঙ্গলবার থেকেই সবকিছু চলছে নতুন ব্যবস্থাপনায়। তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিদের কাছে অতি পরিচিত নবান্ন রেষ্টুরেন্টটি কাস্টমারের চাহিদা পূরণে সচেষ্ট থাকবে। গুণগত মান ও সেবার প্রশ্নে কোন আপোষ করবো না। উন্নতমানের খাবার সাশ্রয়ী মূল্যে কমিউনিটির মানুষ পাবেন। আমাদের প্রধান টার্গেট থাকবে খাবারের মান উন্নত করা ও পার্টি সেন্টারকে আরও আধুনিকীকরণ। সকলের সহযোগিতা চাইছি শুরুতেই।

নবান্নের বিদায়ী মালিক শিমুল বলেন, বাস্তবতার কারণেই মালিকানা ছেড়ে দিতে হলো। নতুন ধরনের কোন ব্যবসায় পা রাখবো। বিগত সময়ে সবার কাছ থেকে যে সহযোগিতা পেয়েছি এজন্য আমরা কৃতজ্ঞ। সবার প্রতি শুভ কামনা থাকলো। এক প্রশ্নের জবাবে শিমুল বলেন, দাম ৭ লাখ ডলারের উপরে। ৮ লাখের কাছাকাছি। ২৫ বছরের লিজ নিয়ে কাদের নবান্নের যাত্রা শুরু করলেন। এর ভাড়া প্রতিমাসে ২৫ হাজার ডলারের মতো।

কয়েক মাস আগেই নবান্ন রেষ্টুরেন্টের রাস্তার ওপারে জনপ্রিয় হাটবাজার রেষ্টুরেন্টটি বন্ধ হয়ে গেছে। সেখানে নতুন করে আড্ডা নামের একটি রেষ্টুরেন্ট শুরু হবে শিগ্গিই। নতুন এই রেষ্টুরেন্টের রিনোভেশনের কাজ চলছে।

## কবির জন্য একটি সন্ধ্যা

৬৪ পৃষ্ঠার পর

উপসম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছেন।

এই গুণী মানুষ যখন প্রথম আলো উত্তর আমেরিকার অফিসে অতিথি হয়ে আসেন, তখন আমরা সবাই যারপরনাই আনন্দিত হই। ২৮ জুলাই সোমবার। সপ্তাহের প্রথম কর্মদিবস হলেও প্রচণ্ড গরম উপেক্ষা করে সকলে ছুটে এসেছিলাম কবির সাথে একটু সময় কাটানোর আশায়।

প্রথম আলোর কক্ষটি কানায় কানায় পূর্ণ। কবি এসেছিলেন তাঁর কিশোরী কন্যা রূপকথাকে সঙ্গে করে। কবির ঝাঁকড়া চুল দেখে অনেকের মনে পড়ে গিয়েছিল নজরুলকে। প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী স্বভাবসুলভ হাস্যরস ও উষ্ণতা নিয়ে অনুষ্ঠান শুরু করেন।

তিনি বলেন, "বাংলাদেশের প্রথম সারির যে কয়টি দৈনিক পত্রিকা আছে, সমকাল তার মধ্যে অন্যতম। কবি আজিজ দীর্ঘদিন ধরে এই পত্রিকার সঙ্গে যুক্ত। একটি পত্রিকা তাঁর কাছে পরিবারের মতো।" কবিও বলেন, "আমার কন্যা রূপকথা যেভাবে আমাকে ভালোবেসে আগলে রেখেছে, সমকাল পত্রিকাও আমার কাছে তেমনি এক অনুভূতি। আমার জীবনেরই আরেক রূপ।" কবি মাহবুব আজীজ বলেন, "আমার দুই কন্যা আমার জীবনকে স্থিতি দিয়েছে, জীবনবোধকে নতুনভাবে উপলব্ধি করতে শিখিয়েছে। আমরা যে বোধ নিয়ে বড় হয়েছি, যে চিন্তা লালন করেছি, তার সামান্য অংশও যদি পরবর্তী প্রজন্ম গ্রহণ করে-তাহলেই আমরা সার্থক।"

প্রবাসে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা দেখে তিনি আশাবাদী। বলেন, "এই প্রবাসেই একদিন জন্ম নেবে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবি ও লেখকেরা।"

এরপর কবি তাঁর নিজের কণ্ঠে কবিতা আবৃত্তি করেন। কবির আবৃত্তির গভীরতা ছিল যেন এই গরম বিকেলে এক পশলা শান্তির বৃষ্টি। আমরা মুগ্ধ হয়ে শুনি তাঁর আবৃত্তি-নিরবতা ছাপিয়ে হৃদয় ছুঁয়ে যাওয়া শব্দের ঢেউ।

কথা বলেছেন কবিকন্যা রূপকথা। রূপকথা লেখাপড়ার জন্য যুক্তরাষ্ট্রে এসেছেন। বাবাকে নিয়ে কবি সাহিত্যিকদের আড্ডা কেমন হয়, তা দেখার জন্য তিনি অনুষ্ঠানে উপস্থিত হয়েছে বলে জানান।

এর আগে প্রথম আলো উত্তর আমেরিকার জনপ্রিয় কবিতার এক পাতার সম্পাদক কবি ফারুক ফয়সল মাহবুব আজীজকে নিয়ে কথা বলেন। তিনি বাংলা সাহিত্যের এ কবি ও পত্রিকার উপসম্পাদককে সকলের কাছে পরিচয় করিয়ে দেন।

এরপর শুরু হয় আমাদের চিরচেনা চা-পর্ব। চা-নাশতা শেষে জাকির হোসেন গেয়ে শোনান "প্রথমত আমি তোমাকে চাই, শেষ পর্যন্ত আমি তোমাকে চাই"-তার কণ্ঠে ভেসে আসে প্রেমের গভীর সুর।

সুরের আবেশ মুছে না যেতেই শুরু হয় ফটোসেশন। কবিকে বিদায় জানিয়ে সবার ঘরে ফেরা। তবে মনে রয়ে যায় একটি প্রশ্ন-আবার কবে দেখা হবে, অন্য কোনো খানে, অন্য কোনো আয়োজনে।

এ দিনের আড্ডায় উপস্থিত ছিলেন প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী, সাহিত্য সম্পাদক এইচবি রিতা, মাহবুবুর রহমান, ফারুক ফয়সল, জাকির হোসেন, শামস চৌধুরী রুশো, মোঃ আব্দুল কাইয়ুম, দীপক কুমার আচার্য, হুমায়ুন কবির লিটন, মিয়া এম আহকির, জায়লা সালিনা, লোহানা নাজনীন, বনরুন নাহার, রাশিদা আক্তার, ইসরাত জাহান ইভা, রওশন জাহান, রূপকথা, ঊর্মি চৌধুরী, জেবুন্নেসা জোৎস্না এবং ফরিদা ইয়াসমীন প্রমুখ। আড্ডা শেষ হলেও মনের ভেতর তার রেশ রয়ে গেছে। শব্দ, সুর আর স্মৃতির এক অপূর্ব সন্ধ্যা, কবির জন্য। (লেখক-ফরিদা ইয়াসমিন)


পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.
Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment



CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন



ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্নফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## রংপুরে সংখ্যালঘুর বাড়িতে হামলায় বিক্ষোভ নিউইয়র্কে

৩ পৃষ্ঠার পর

সংসদের সাধারণ সম্পাদক কংকন দাস, সোলায়মান আলী, দীনেশ মজুমদার, ঝর্না চৌধুরী প্রমুখ।

সমাবেশ থেকে রংপুরের গঙ্গাচড়া উপজেলার বেতগাড়ী ইউনিয়নে সংখ্যালঘু হিন্দু ধর্মাবলম্বীদের বাড়িঘরে পরিকল্পিত হামলা, লুটপাট ও ভাঙচুরের অভিযোগ করে এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ এবং তীব্র নিন্দা জানানো হয়।

এ সময় বক্তারা বলেন, এক কিশোরের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে ধর্ম অবমাননার মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগের ভিত্তিতে পুরো একটি সম্প্রদায়ের বিরুদ্ধে নজিরবিহীন সহিংসতা চালানো হয়েছে। যা কোনো সভ্য রাষ্ট্র ও সমাজের মানদণ্ডে গ্রহণযোগ্য নয়। এটি মানবাধিকার লঙ্ঘনের একটি স্পষ্ট উদাহরণ এবং সংবিধানে দেওয়া নাগরিক অধিকারের পরিপন্থী। বর্তমান সরকার সংখ্যালঘুদের সুরক্ষা দিতে পুরোপুরি ব্যর্থ। এ সরকারের সময় সংখ্যালঘুদের উপর নির্যাতন, ঘরবাড়ি ভাঙচুর ও লুটপাটের ঘটনা পাকিস্তানিদেরকেও হার মানিয়েছে। ফলে পুরো দেশে সংখ্যালঘুরা গভীর আতঙ্ক ও উৎকণ্ঠায় রয়েছে।

তারা বলেন, ধর্ম অবমাননা ও ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগ তুলে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলার এই ধারাবাহিকতা আশঙ্কাজনকভাবে ঘটে চলেছে। এমন ঘটনা বারবার সংঘটিত হলেও অধিকাংশ ক্ষেত্রেই দোষীরা থেকে যায় ধরাছোঁয়ার বাইরে।

বক্তারা এই ঘটনায় জড়িত ব্যক্তিদের দ্রুত শনাক্ত করে তাদের বিরুদ্ধে অবিলম্বে আইনি ব্যবস্থা গ্রহণ, আক্রান্ত পরিবারগুলোর নিরাপত্তা নিশ্চিত করে ক্ষতিপূরণ ও পুনর্বাসনের ব্যবস্থা করা এবং ধর্মীয় উস্কানি ও সাম্প্রদায়িক সহিংসতা প্রতিরোধে রাষ্ট্রকে কার্যকর ও ভূমিকা পালন করার আহ্বান জানান।

অনুষ্ঠানের শুরুতে মাইলস্টোনে স্কুল হামলের নিহত ও নিউইয়র্কে বাংলাদেশী পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের মৃত্যুতে কিছুক্ষণ নিরবতা পালন করা হয়। শেষে বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়।

## জাতিসংঘ স্থায়ী মিশন ও কনস্যুলেটে গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি পালিত

৬২ পৃষ্ঠার পর

উপদেষ্টার অর্থ বিষয়ক বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী।

উভয় আয়োজনে বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক, সামাজিক, ব্যবসায়িক, সাংস্কৃতিক ও মিডিয়া ব্যক্তিত্ব, বাংলাদেশী শিক্ষার্থী এবং কমিউনিটির বিপুল সংখ্যক সদস্য অংশগ্রহণ করেন।

জাতিসংঘে মিশনের অনুষ্ঠান : স্থায়ী মিশনে 'জুলাই বিয়ন্ড বর্ডারস - সেলিব্রেশন অব দি পাওয়ার অব ইয়্যুথ ইন ট্রান্সফর্মিং বাংলাদেশ' শীর্ষক এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

অনুষ্ঠানে জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত তথ্যচিত্র এবং পোস্টার, দেয়াললিখন ও আলোকচিত্র প্রভৃতির প্রদর্শনীর মাধ্যমে বাংলাদেশের রাজনৈতিক সন্ধিক্ষণে যুব সমাজের অনন্য অবদানকে উপস্থাপন করা হয়। বিভিন্ন দেশের কূটনীতিক, জাতিসংঘের কর্মকর্তাসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের অংশগ্রহণে এই বিশেষ আয়োজনে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও জাতিসংঘের ইয়্যুথ অফিসের প্রতিনিধি ড. সুধা বালাকৃষ্ণণ বক্তব্য রাখেন।

ফিলিস্তিন সমস্যার দুই-জাতি-ভিত্তিক সমাধানের লক্ষ্যে জাতিসংঘের একটি উচ্চ-পর্যায়ের সভায় অংশ নিতে নিউ ইয়র্ক সফর করেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

অনুষ্ঠানে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেন, যুবসমাজ শুধু আমাদের ভবিষ্যৎই নয়, বাংলাদেশে তারা আমাদের 'বর্তমান'। এক বছর আগে, তাদের হাত ধরেই সমতা, ন্যায্যতা এবং ন্যায়ভিত্তিক সমাজ গঠনের দাবি সার্বজনীন জন-আকাঙ্ক্ষায় রূপ নেয়। তারুণ্যের প্রতি আস্থা রাখলে তারা জাতি গঠনের কেন্দ্রে দাঁড়াতে পারে। যারা এক সময় মিছিলের অগ্রভাগে ছিল, আজ তারা নীতিনির্ধারণে অংশ নিচ্ছে, আর আগামী দিনের দিকনির্দেশনা ঠিক করতে সামনে থেকেই নেতৃত্ব দিচ্ছে। বাংলাদেশে তারুণ্যের নেতৃত্ব জাতিসংঘের যুববিষয়ক নীতি ও কার্যক্রমের সঙ্গে দৃঢ়ভাবে সামঞ্জস্যপূর্ণ।

কনস্যুলেটে অনুষ্ঠান : নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধান উপদেষ্টার অর্থ বিষয়ক বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী। অনুষ্ঠান শুরু হয় ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানে শহীদদের স্মরণে এবং সম্প্রতি বাংলাদেশে মাইলস্টোন স্কুল ও কলেজে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমানের বিধ্বস্তে নিহত ও আহতদের প্রতি এক মিনিট নীরবতা পালন করে। এরপর জুলাই অভ্যুত্থান বিষয়ক একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়।

ড. আনিসুজ্জামান চৌধুরী শহীদদের শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং মাইলস্টোন দুর্ঘটনায় হতাহতদের প্রতি শোক প্রকাশ করেন। তিনি বলেন, ২০২৪ সালের পর বাংলাদেশের সংস্কার ও সুশাসনের মাধ্যমে একটি শক্তিশালী গণতান্ত্রিক অর্থনৈতিক দেশ গঠনের কাজ চলছে। দ্রুত উন্নয়নশীল অর্থনীতি, তরুণ ও মেধাবী শ্রমিকবৃন্দ, প্রযুক্তি সম্প্রসারণসহ নানা সুযোগ-সুবিধার কথা উল্লেখ করে, যুক্তরাষ্ট্রে বসবাসরত রেমিট্যান্স যোদ্ধাদের অবদান বিশেষভাবে স্মরণ করেন। পাশাপাশি, তিনি নাগরিক সমাজকে বাংলাদেশ বিষয়ক ঐক্যের আহ্বান জানান।

রাষ্ট্রদূত নাজমউদ্দিন নোমান চৌধুরী তার বক্তব্যে জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণ ও শোক প্রকাশ করেন এবং প্রবাসী বাংলাদেশী ছাত্র-জনতার অবিস্মরণীয় ত্যাগ এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসীদের আর্থ-সামাজিক উন্নয়নে অবদানের প্রশংসা করেন। কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক স্বাগত বক্তব্যে জুলাই অভ্যুত্থানে প্রবাসী ছাত্র-জনতার গুরুত্বপূর্ণ ভূমিকা স্মরণ করে, প্রধান উপদেষ্টার নেতৃত্বে সংস্কার কর্মসূচির বাস্তবায়নে প্রবাসীদের সহযোগিতা কামনা করেন।

## নিউইয়র্কে দাবানলের ধোঁয়ায় সতর্কতা

৩ পৃষ্ঠার পর

হাডসন ভ্যালি এবং অ্যাডিরনড্যাকসের পার্শ্ববর্তী মহানগর অঞ্চল অন্তর্ভুক্ত রয়েছে।

স্বাস্থ্য বিভাগের এই পরামর্শটি গত শনিবার দুপুর থেকে কার্যকর করা হয়। ধোঁয়া এবং কুয়াশা ছাড়াও, শনিবার এই অঞ্চলে আরেকটি গরমের দিন হওয়ার পরে আরও তীব্র ঝড় তিন রাজ্য অঞ্চলে আঘাত হানতে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। শুক্রবারের রেকর্ড ভাঙা তাপ বজ্রপাতে সহায়তা করেছিল যা স্ট্যাটেন আইল্যান্ড এবং নিউ জার্সিতে উল্লেখযোগ্য ক্ষতি করেছিল। এই রিপোর্ট লেখার সময় নিউইয়র্কে তাপমাত্রা ছিল ৮৫ ডিগ্রী ফারেনহাইট।

স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন শনিবার বলেছে যে বায়ুর গুণমানের পূর্বাভাস 'সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর'।

ন্যাশনাল ওয়েদার সার্ভিসের মতে, বায়ুর গুণমান সূচক (একিউআই) ১০০ এরও বেশি হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে এবং নিউইয়র্ক সিটিতে রোববার ১২০ পর্যন্ত পৌঁছতে পারে। যা বাতাসে সূক্ষ্ম কণাগুলির কারণে বৃহত্তর স্বাস্থ্য উদ্বেগের কারণ হতে পারে। একিউআই বায়ু দূষণের তীব্রতা পরিমাপ করতে এবং স্বাস্থ্যের ঝুঁকিগুলিকে শ্রেণীবদ্ধ করতে সহায়তা করে। সংখ্যা যত বেশি, ঝুঁকি তত বেশি। বাতাসের গুণগত মান ০-৫০-এর মধ্যে থাকবে।

এনওয়াইএসডিইসি-এর মতে, নিউইয়র্কের স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা দূষণের মাত্রা বাড়লে প্রতিকূল স্বাস্থ্য প্রভাবের ঝুঁকি কমাতে কঠোর বহিরঙ্গন ক্রিয়াকলাপ সীমাবদ্ধ করার পরামর্শ দেন।

দূষণকারীদের উচ্চ মাত্রার প্রভাবের প্রতি বিশেষভাবে সংবেদনশীল হতে পারে তাদের মধ্যে খুব কম বয়সী এবং হাঁপানি বা হৃদরোগের মতো শ্বাসকষ্টের সমস্যা রয়েছে এমন মানুষদেরও সতর্ক থাকতে হবে। এসব লক্ষণ যাদের রয়েছে তাদের ব্যক্তিগত চিকিৎসকের পরামর্শ নেওয়ার কথা বিবেচনা করা উচিত বলে এনওয়াইএসডিইসি তাদের সতর্কতায় উল্লেখ করেছে।

## নিউইয়র্কে 'বাংলাদেশিস ফর জোহরান' কমিটি গঠন

৩ পৃষ্ঠার পর

গঠন করা হবে।

কমিটি করার মূল ভিশন হলো- বাংলাদেশী ভোটারদেরকে ভোট দিতে উৎসাহিত করা এবং বর্তমান পরিস্থিতিতে আমাদের সামনে যে মেয়র প্রার্থী আছেন যিনি প্রান্তিক মানুষের কথা বলেন, তাকে যে কোনোভাবে জেতানো এবং সেই সাথে বাংলাদেশী কমিউনিটিকে মূল ধারার রাজনীতিতে সংযুক্ত করা। এই কমিউনিটির আরেকটি উদ্দেশ্য হলো বাংলাদেশি 'ভোট ম্যাটার' এই মেসেজটি আমাদের মূল ধারার পলিটিক্সে পাঠিয়ে দেওয়া যাতে পরবর্তীতে যেকোনো ইলেকশনের আগে চিন্তা করে যে বাংলাদেশী একটা ভোট ব্যাংক আছে।

বর্তমান মেয়র ইলেকশনকে কেন্দ্র করে প্রাইমারি এবং জেনারেল ইলেকশন-এ বাংলাদেশীদের মধ্যে যে একটা স্বতঃস্ফূর্ত প্রভাব পড়েছে তাতে আমাদের নতুন প্রজন্মের অনেক ছেলে মেয়ে মূলধারার পলিটিক্সে যাওয়ার জন্য উদ্বুদ্ধ বলে আমরা মনে করি এবং তা আমাদের পরবর্তী প্রজন্মের জন্য একটি মাইলফলক তৈরি করবে বলে বিশ্বাস করি।

এই কমিটি গঠনের উদ্যোক্তা কমিউনিটি এক্টিভিস্ট ইঞ্জিনিয়ার আবদুস সোবহান এবং তার সাথে সার্বিকভাবে এবং সার্বক্ষণিক সহযোগিতায় অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে এই কমিটি তৈরি করতে সবচেয়ে বেশি যে সহযোগিতা করেছেন তিনি বর্তমান সময়ের নতুন প্রজন্মের একজন এক্টিভিস্ট হলেন জ্যামাইকার ফখরুল ইসলাম দেলোয়ার পরবর্তীতে এই কমিটিতে সমাজের আরো বিভিন্ন ব্যক্তিবর্গকে সমন্বয় করা হবে।

আমরা জ্যামাইকা, ব্রঙ্কস, ম্যানহাটন, ব্রুকলিন, ওজন পার্ক এবং স্ট্যাটেন আইল্যান্ডের বিভিন্ন এলাকায় আরো সাব কমিটি করে এবং মূল কমিটির সাথে সাব কমিটির একসাথে একযোগে কাজ করবে। এই কমিটির সাথে ইয়ুথ ডেভেলপমেন্ট টিমের একজন ইয়ুথ কোঅর্ডিনেটর আছেন যার প্রায় আর ৭০ হাজার ছাত্র ছাত্রী ভিডিয়ার আছেন যারা বিভিন্ন স্কুল-কলেজের সাথে যুক্ত।

নবগঠিত এই কমিটিতে আহ্বায়ক হলেন, বিশিষ্ট ব্যবসায়ি শাহ নেওয়াজ। মেম্বার সেক্রেটারি: ইঞ্জিনিয়ার আব্দুস সুবহান। চীফ কোঅর্ডিনেটর: ফখরুল ইসলাম দেলোয়ার। চেয়ার: আটর্নি মঈন চৌধুরী। কো চেয়ার: আরমান চৌধুরী। প্রধান উপদেষ্টা: মাফ মেজবাউদ্দিন, কোহিনূর চৌধুরী।

সিনিয়র উপদেষ্টা: গিয়াস আহমেদ, কো কনভেনর: কাজী ফৌজিয়া, কাজী আজম, কবির চৌধুরী, আহসান হাবীব, বেলাল চৌধুরী, ড সিদ্দিকুর রহমান, উপদেষ্টা: আব্দুর রহিম হাওলাদার, তরিকুর রহমান, এক এম জামান, ফিরোজ আহমেদ, নুরুল ইসলাম, রাশেক মালিক, ফখরুল আলম, মাজেদা উদ্দিন, আমিনুল ইসলাম, জেসমিন চৌধুরী, তারেকুর রহমান, আফতাব মান্নান. মাওলানা আবুল হাশেম, মোহাম্মদ করিম চৌধুরী।

কো অর্ডিনেটর: এমডি আলাউদ্দিন, তরিকুল হোসাইন বাদল, মামুন ইসলাম, আনোয়ার খান, এনায়েত মুন্সী, নওশাদ হাওলাদার, জিল্লুর রহমান, এনামুল হক, এমডি জাবেদ উদ্দিন, খাইরুল খোকন, মেলা আবেদীন, সিরাজি। জয়েন্ট মেম্বার সেক্রেটারি: দে মোল্লা সানি, রাসেল সালের। মিডিয়া অ্যাফেয়ার্স: প্রিনিশা ফাতেমা। যুব সমন্বয়ক: ফারহান আব্দুর রহমান।

বৈঠকে বলা হয় আমাদের ভিশন হচ্ছে- যখন আমরা একটি সাধারণ লক্ষের পিছনে ঐক্যবদ্ধ হই, তখন আমাদের উপেক্ষা করা যায় না। আমরা এমন একটি কমিটি যারা অগ্রগতিতে বিশ্বাসী, নেতৃত্ব যেই দিক না কেন - যতক্ষণ না তারা আমাদের জন্য লড়াই করতে প্রস্তুত থাকে। আসুন কথা বলি। আসুন সংগঠিত হই। আসুন এমন কাউকে ভোট দেই যিনি আমাদের চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত।









## আমেরিকান বাংলাদেশি ওয়েলফেয়ার অর্গানাইজেশনে নতুন নেতৃত্ব

৬২ পৃষ্ঠার পর

দায়িত্ব নেয়া। বিদায়ী কমিটির সভাপতি আব্দুল শহীদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেনের সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহ সভাপতি এ্যাডভোকেট নাসির উদ্দিন, বি মেহের চৌধুরী, সহ সাধারণ সম্পাদক রেজা আবদুল্লাহ স্বপন, ডাইরেক্টর অব ফাইনান্স নুরুল ইসলাম, ডাইরেক্টর অব অর্গানাজিং শাহীন কামালী, মো. সাদেকুর রহমান, ডাইরেক্টর অব লিটারেচার জয়নাল উদ্দিন নায়েক, ডাইরেক্টর অব হসপিটালিটি অ্যান্ড স্পোর্টস আল মামুন সরকার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মিয়া মোহাম্মদ দাউদ, প্রিন্সিপাল মো. হাবীবুল্লাহ, বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী, সোহান আহমেদ টুটুল, কাজী রবিউজ্জামান, রূপ চাঁন প্রমুখ।

কমিটি গঠনের লক্ষে বিদায়ী কমিটির সহ সভাপতি এ্যাডভোকেট নাসির উদ্দিনের সভাপতিত্বে এবং বিদায়ী সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেনের সঞ্চালনায় সভায় নির্বাচনী কার্যক্রম শুরু হয়। সভায় সর্বসম্মতিক্রমে আব্দুল শহীদকে সভাপতি হিসেবে পুনঃনির্বাচিত এবং নুরুল ইসলামকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। নবনির্বাচিত সভাপতি-সাধারণ সম্পাদককে সকলের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্ব প্রদান করা হয়।

সভায় নবনির্বাচিত সভাপতি-সাধারণ সম্পাদককে অভিনন্দন জানিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করে সংগঠনকে আরো এগিয়ে নেয়ার আহ্বান জানান হয়। নবনির্বাচিত সভাপতি আব্দুল শহীদ এবং সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নিষ্ঠার সঙ্গে অর্পিত দায়িত্ব পালনের অঙ্গীকার ব্যক্ত করেন।

## নিউইয়র্ক সম্মেলনে ফিলিস্তিনকে স্বীকৃতি দিতে ১৫ দেশের আহ্বান

৬২ পৃষ্ঠার পর

এজেন্সি। যৌথ বিবৃতিতে স্বাক্ষর করা ১৫ দেশের মধ্যে রয়েছে ফ্রান্স, সৌদি আরব, স্পেন, নরওয়ে ও ফিনল্যান্ড। তারা দ্বি-রাষ্ট্রভিত্তিক সমাধানে নিজেদের 'দৃঢ় অঙ্গীকার' পুনর্ব্যক্ত করেছে। যদিও স্বাক্ষরকারী অন্তত ৯টি দেশ এখনো আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়নি। তাদের মধ্যে রয়েছে অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ড।

তবে এসব দেশ জানিয়েছে, স্বীকৃতির বিষয়টি তাদের সক্রিয় বিবেচনায় রয়েছে। সম্মেলন শেষে ফরাসি পররাষ্ট্রমন্ত্রী জাঁ-নোয়েল ব্যারো সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে বলেন, নিউইয়র্ক সম্মেলন থেকে আমরা একসঙ্গে বার্তা দিয়েছি- ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়ার পক্ষে আমরা এবং যারা এখনও দেয়নি, তাদেরকেও আহ্বান জানাচ্ছি। আনাদোলু এজেন্সির প্রতিবেদনে বলা হয়, গত সপ্তাহেই ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ঘোষণা দেন, তার দেশ সেপ্টেম্বরের মধ্যে ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেবে। তার এই ঘোষণার পর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কড়া সমালোচনার মুখে পড়ে প্যারিস। তবে ফ্রান্স জানায়, এই স্বীকৃতি বৈশ্বিক কূটনৈতিক উদ্যোগকে গতিশীল করবে এবং ফিলিস্তিনের সার্বভৌমত্ব অর্জনের পথ সুগম করবে।

প্রতিবেদনে আরও বলা হয়, ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারও মঙ্গলবার জানান, ইসরায়েল যদি গাজায় যুদ্ধবিরতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হয়, তবে সেপ্টেম্বরের মধ্যেই যুক্তরাজ্য ফিলিস্তিনকে স্বীকৃতি দেবে। এতে করে ফ্রান্স ও যুক্তরাজ্য হতে পারে জি-৭ জোটভুক্ত প্রথম দুটি দেশ, যারা ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেবে।

প্রতিবেদনে বলা হয়, নিউইয়র্ক সম্মেলনে অংশ নেওয়া ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), আরব লিগ এবং আরও ১৭টি দেশ হামাসকে গাজার ওপর শাসন ত্যাগ ও অস্ত্র সমর্পণের আহ্বান জানিয়েছে। চলমান যুদ্ধ পরিস্থিতির শান্তিপূর্ণ সমাধানে তারা হামাসকে দায়িত্বশীল ভূমিকা রাখার পরামর্শ দেয়। বিশ্লেষকরা মনে করছেন, ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার এই সম্মিলিত পশ্চিমা প্রচেষ্টা ভবিষ্যতের শান্তি প্রক্রিয়ায় নতুন মাত্রা যোগ করতে পারে।

## উচ্চহারের শুল্ক আজ থেকে কার্যকর

৬২ পৃষ্ঠার পর

কেবল আলোচনার মঞ্চ প্রস্তুত করেছি। এ পর্যন্ত পাঁচটি দেশ মার্কিন প্রশাসনের সঙ্গে চুক্তিতে পৌঁছেছে। এই দেশগুলো হলো যুক্তরাজ্য, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন ও জাপান। এই দেশগুলোর ক্ষেত্রে যে শুল্ক আরোপ হয়েছে, তা বেশিরভাগ দেশের জন্য এপ্রিল থেকে প্রযোজ্য ১০ শতাংশ হার থেকেও বেশি। তবে, এগুলো ট্রাম্প প্রশাসনের প্রস্তাবিত কঠোর শুল্ক হারের চেয়ে অনেক কম, যা কোনো চুক্তি না হলে কার্যকর হতো।

এই শুল্ক কার্যক্রমের মাধ্যমে যুক্তরাষ্ট্র বৈশ্বিক মুক্ত বাণিজ্য ব্যবস্থাকে নতুন করে গঠন করতে চায় এবং যেসব দেশ অন্যায্য বাণিজ্য চর্চায় যুক্ত, তাদের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে চায়। এদিকে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশি পণ্যের ওপর শুল্ক কমাতে আলোচনার তৃতীয় দফা বৈঠকে অংশ নিতে যুক্তরাষ্ট্রের পথে দেশ ত্যাগ করেছে চার সদস্যের একটি প্রতিনিধি দল। বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের নেতৃত্বে প্রতিনিধি দলে থাকছেন নিরাপত্তা উপদেষ্টা, বাণিজ্য সচিব মাহবুবুর রহমানসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরের কর্মকর্তা।

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যের ওপর আগে থেকে কার্যকর ১০ শতাংশ শুল্কের বাইরে অতিরিক্ত ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

## রকল্যান্ডে দু'দিনব্যাপি সাহিত্য ও সংস্কৃতিক উৎসব

৬২ পৃষ্ঠার পর

এবারের উৎসবের মূল প্রতিপাদ্য ছিল 'পিঠা'। বাংলা সাহিত্যে ও সংস্কৃতিতে পিঠার রূপ, রস ও তাৎপর্যকে কেন্দ্র করে গড়ে ওঠে নানা আয়োজন। ২৫ জুলাই শুক্রবার সন্ধ্যায় উৎসবের সূচনা হয় স্বেচ্ছাসেবক ও পৃষ্ঠপোষকদের সম্মানে আয়োজিত সংবর্ধনা ও নৈশভোজের মাধ্যমে। ২৬ জুলাই সকাল থেকে শুরু হয় মূল কর্মসূচি। প্রকৃতিনির্ভর সেশনের মধ্যে ছিল ফিটনেস ও যোগচর্চা, বনভ্রমণ ও সাঁতার। বিকেল ৩টা থেকে সাহিত্য ও সাংস্কৃতিক পরিবেশনা শুরু হয়। স্বাগত বক্তব্য দেন সংগঠনের সভাপতি ধনঞ্জয় সাহা। উৎসবের উদ্বোধন ঘোষণা করেন শান্তনু দাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অনুবাদক ও সাহিত্যিক ক্যারোলিন রাইট। বিশেষ অতিথি হিসেবে অংশ নেন বিদ্যা মুরালিধর, মানালসা মোবিলি, ফকির ইলিয়াস, ফারহানা ইলিয়াস তুলি, ও টেলিভিশন ব্যক্তিত্ব ফেরদৌস খান। উৎসবের এক অনন্য পরিবেশনায় আমেরিকান সংগীতদল মঞ্চে পরিবেশন করে বাংলাদেশের জাতীয় সংগীত এবং বাংলা ও ইংরেজিতে রবীন্দ্রসংগীত। পিঠা বিষয়ে আলোচনায় বাঙালি ও আমেরিকান খাদ্য-সংস্কৃতির মিল-অমিল তুলে ধরেন টিটানিয়া গুপ্তা ও ড্যানিয়েল কার্টার। আর্ট থেরাপি ও মণ্ডলা তৈরির মাধ্যমে মানসিক প্রশান্তি এবং সৃষ্টিশীলতার চর্চা দেখান জেনেট রডরিগস ও দাফনা স্টার্ন।

নৈশভোজের পর পরিবেশিত হয় সংগীত, নৃত্য, কবিতা ও শ্রুতি-নাটক। সংগীত পরিবেশন করেন অনামিকা সাহা ও আমেরিকান গ্রুপ ডীপ সিন মিউজিক। শ্রুতি নাটক পরিবেশন করে অনুপ্রাণ গ্রুপ।

২৭ জুলাই সকালে লেখালেখি ও প্রকাশনা বিষয়ক সেশনে দক্ষিণ ক্যারোলিনা থেকে জুমে যুক্ত হন হাওয়ার্ড র‍্যাঙ্কিন। আলোচনা করেন রকল্যান্ডের কবি লরেট হ্যান পাবলো মোবিলি। তিনি কবিতা ও পিঠা প্রস্তুতকারকের মানসিক সৃজনশীলতার মিল নিয়ে বক্তব্য রাখেন। জাতীয় কবি নজরুল ইসলাম বিষয়ক সেশনে যুক্ত হন স্টিফেন ওয়াটস ও ফেভিড লি মহাপান। তাঁরা লন্ডন থেকে জুমে অংশ নিয়ে নজরুলের বিদ্রোহী ও নারী কবিতার ইংরেজি অনুবাদ পাঠ করেন। দুপুরে শুরু হয় সৃজনশীল লেখালেখি প্রতিযোগিতা, যেখানে অংশ নেয় ২৪ জন কবি ও লেখক। ইংরেজি বিভাগে প্রথম হন বব্রিএ মানাচাল, সম্মানজনক স্বীকৃতি পান বন্দেশা মুখার্জি। বাংলা বিভাগে প্রথম বিজয়ীর নাম তাৎক্ষণিকভাবে ঘোষণা করা হয়নি। এরপর ছোটদের নৃত্য পরিবেশন করে আজ্ঞা ড্যান্স একাডেমির শিশুশিল্পীরা। পরিচালনায় ছিলেন আলপনা গুহ ও সুস্মিতা সেন। কোরাস সংগীত ও জাতীয় সংগীত পরিবেশন করেন বহ্নিশিখা ফাউন্ডেশনের সভাপতি ও সঙ্গীত পরিচালক সবিতা দাস। আবৃত্তি করেন তাপস সাহা, বনানী সিনহা ও সুস্মিতা সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলামিস্ট শিতাংশু গুহ, ডেমোক্রেটিক দলের ডিস্ট্রিক্ট লিডার ও লেখক দিলীপ নাথ, লেখিকা দীপা নাথ, সঙ্গীতশিল্পী গোপা পাল মুক্তা, সাপ্তাহিক সন্ধান পত্রিকার সম্পাদক সঞ্জীবন সরকার, উদীচী যুক্তরাষ্ট্র সংসদের সাধারণ সম্পাদক কল্লোল দাশ, জ্যামাইকা শাখার সাধারণ সম্পাদক হিরো চৌধুরী, প্রজ্ঞা ফাউন্ডেশনের সিইও ও সম্পাদক উত্তম কুমার সাহা, ফটোগ্রাফার সৌমেন বিশ্বাসসহ বহু বিশিষ্ট ব্যক্তি। অনুষ্ঠানে তরুণরাও পরিবেশন করে গান ও কবিতা। গত বছরের অভিজ্ঞতা তুলে ধরেন বনী মুখার্জি।

সমাপনী পর্বে জীবনব্যাপী বাংলা সাহিত্যচর্চায় অবদানের জন্য সম্মাননা দেওয়া হয় ক্যারোলিন রাইটকে। উৎসব শেষ হয় বারবিকিউ পার্টি ও সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে রাত ১১টায়।

এ উৎসব ঘিরে গত ১৩ জুলাই নিউইয়র্কের জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে অনুষ্ঠিত হয় এক সাংবাদিক সম্মেলন ও সাংস্কৃতিক সন্ধ্যা। এতে উপস্থিত ছিলেন প্রবাসী সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শাহনূ আনসার, কৌশিক আহমেদ, রতন তালুকদার, ইব্রাহীম চৌধুরী, সঞ্জীবন সরকার, কানু দত্ত, সুজন আহমেদ, তোফাজ্জল লিটন, উত্তম কুমার সাহা, দীপক আচার্য, অজিত ভৌমিক, রফিকুল ইসলাম খোকন, সাগর লোহানী ও তাপস সাহা।

সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন উদীচী যুক্তরাষ্ট্র সংসদের সভাপতি ক্লারা রোজারিও, সাধারণ সম্পাদক কল্লোল দাশ, মনিকা রায় চৌধুরী, মুকুত তালুকদার, খান শওকত, রফিকুল ইসলাম, হেনা বেগম, কাজী মোস্তফা, মোল্লা মনিরুজ্জামান, অপরাজিতা চৌধুরী ও ইসরাত বোখারী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উত্তম কুমার সাহা ও বনানী সিনহা। সাংস্কৃতিক পরিবেশনায় অংশ নেন তাপস সাহা, গোপা পাল মুক্তা, রফিকুল ইসলাম, সঞ্জীবন সরকার, খান শওকত, বনানী সিনহা, সুমা রোজারিও, রুনা রায় এবং সমবেত সংগীতে অংশ নেন মনিকা রায় চৌধুরী, রুনা রায়, গোপা পাল মুক্তা ও সুমা রোজারিও।

২৭ জুলাই সকালে ধনঞ্জয় সাহা ও অনিমিতা সাহার উদ্বোধনের মাধ্যমে দ্বিতীয় দিনের সূচনা হয়। আলোচনা পর্ব শেষে ধনঞ্জয় সাহা উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে উৎসবের আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।



## নিউইয়র্কে লতিফি হ্যান্ডসের উদ্বোধন

৬২ পৃষ্ঠার পর

লতিফিয়া ইউকের প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ হাসান চৌধুরী ফুলতলী, লতিফি হ্যান্ডস বাংলাদেশ'র জেনারেল সেক্রেটারি মাওলানা গুফরান আহমেদ চৌধুরী ফুলতলী, দারুল হাদিস লতিফিয়া নর্থইস্ট ইউকে'র প্রিন্সিপাল মাওলানা সালমান আহমেদ চৌধুরী ফুলতলী। অনুষ্ঠানে আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী বলেন, সবাইকে সর্বাবস্থায় জন্মভূমির মানুষকে ভালোবেসে আর্তমানবতার সেবায় এগিয়ে আসতে হবে। মা-বাবাকে কখনো ভুলে যাবেন না। তাদের খিদমত করুন, দুআ নিন। তারা দুনিয়ায় না থাকলে তাদের জন্য দুআ করুন। হিংসা-বিদ্বেষ থেকে দূরে থেকে ভালোবাসার পরিবেশ তৈরি করুন। মানুষকে ভালবাসুন মানুষের দুঃখ দুর্দশায় সাহায্যের হাত প্রসারিত করুন।

এসময় আরো উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি বদরুল খান, এশিয়ান অ্যাডভাইজরি কাউন্সিল মেম্বার টু দ্য মেয়র অব নিউ ইয়র্ক সিটি ফাহাদ সুলাইমান, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সহ সভাপতি শামীম আহমেদ, লোকমান হোসেন লুকু, আইন ও আন্তর্জাতিক সম্পাদক মোহাম্মদ উদ্দিন, বাংলাদেশ সোসাইটি ইনক এর জন সংযোগ ও প্রচার সম্পাদক রিঙ্কু মোহাম্মদ, হ্যান্ডস এর সাধারণ সম্পাদক মোহাম্মদ শামীম মিয়া, আমেরিকান বাংলাদেশি ওয়েলফেয়ার অর্গানাইজেশন সভাপতি আব্দুল শহীদ, সিপিএ জাকির চৌধুরী, ইলহাম একাডেমী পরিচালক মোহাম্মদ শহীদুল্লাহ, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সহ-সভাপতি সাব্বির হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন হাফেজ মাওলানা জুবায়ের আহমেদ রাজু, নাতে রাসুল (সাঃ) পরিবেশন করেন ক্বারী মোহাম্মদ শিমুল। অনুষ্ঠানের সমাপনীতে অনুষ্ঠানের প্রধান অতিথি আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী ফুলতলী প্রবাসীদের জন্য বিশেষভাবে মোনাজাত পরিচালনা করেন।

## দিনউইজের সঙ্গে নর্থ ব্রঙ্কস বিজনেস এসোসিয়েশনের সভা

৬২ পৃষ্ঠার পর

সংগঠনের অস্থায়ী কার্যালয় হাকিম অ্যান্ড কো মাল্টিসার্ভিসেসের অফিসে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সহ-সভাপতি মোহাম্মদ আতাউর রহমান এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক রোকন হাকিম। স্থানীয় কমিউনিটির বিশিষ্ট ব্যবসায়ী ও ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কাউন্সিলম্যান এরিক দিনউইজ তাঁর বক্তব্যে বলেন, ব্রঙ্কসের মতো একটি বৈচিত্র্যপূর্ণ এবং কর্মমুখর এলাকায় বসবাসরত বাংলাদেশি ব্যবসায়ীরা শুধু অর্থনৈতিকভাবেই নয়, সামাজিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। তাদের চাহিদা, সমস্যা ও প্রত্যাশাগুলো সরাসরি জানলাম। এ অঞ্চলের নিরাপত্তা ও ব্যবসায়িক পরিবেশ উন্নয়নে আমি অঙ্গীকারবদ্ধ।

ব্যবসায়ীদের পক্ষ থেকে উত্থাপিত প্রধান সমস্যাগুলোর মধ্যে ছিল বাণিজ্যিক এলাকায় নিরাপত্তাহীনতা, চুরি এবং শপলিফটিংয়ের মতো অপরাধ বৃদ্ধি, জরুরি প্রয়োজনে ৯১১ নম্বরে ফোন করে দ্রুত সাড়া না পাওয়া, রমজান মাসে স্ট্রিট লাইটিং পর্যাপ্ত না থাকা, রাস্তার কর্নারগুলো অপরিচ্ছন্ন থাকা এবং গৃহহীন ব্যক্তিদের দোকান ও ব্যবসা প্রতিষ্ঠানের সামনে অবস্থানের কারণে ব্যবসা ব্যাহত হওয়া ইত্যাদি।

ব্যবসায়ীদের কথা শুনে কাউন্সিলম্যান দিনউইজ তা পূরণের প্রতিশ্রুতি দেন। তিনি বলেন, স্থানীয় পুলিশ এনসিও এবং প্রিসিঙ্কট কমান্ডারের সঙ্গে ব্যবসায়ীদের নিরাপত্তা বিষয়ে একটি যৌথ সভার আয়োজন করবেন। এ ছাড়া ব্রঙ্কস ওয়ার্কস'র প্রতিনিধিদের সঙ্গে দ্রুত সময়ের মধ্যে একটি বৈঠকের মাধ্যমে স্থানীয় সমাজ উন্নয়ন ও পরিচ্ছন্নতা নিয়ে কার্যকর পরিকল্পনা গ্রহণ করা হবে। সবাইকে 'বিজনেস ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্ট' বিআইডি প্রজেক্টের সুযোগ সুবিধা নিতে উৎসাহিত করেন, যাতে রাস্তা, ট্রাশ ম্যানেজমেন্ট ও সৌন্দর্যবর্ধনের মতো বিষয়গুলোতে শহর সরকারের সহায়তা পাওয়া যায়।

উপস্থিত ব্যবসায়ীদের মধ্যে ছিলেন জমজম ড্রাগসের কর্ণধার ও এসোসিয়েশনের কোষাধ্যক্ষ নাফিউল হক, আনর ফ্যাশনের মোহাম্মদ মজিদ আলী, এ অ্যান্ড এইচ ট্যাক্স সার্ভিসের বাহার উদ্দিন, ঢাকা সুপার মার্কেটের প্রেসিডেন্ট মুহাম্মদ সোহাগ, চৌধুরী প্রফেশনসের প্রেসিডেন্ট ব্যারিস্টার মিজান চৌধুরী, ইন্টারন্যাশনাল ট্রাভেল অ্যান্ড ট্যুরসের পরিচালক খালেদ মিয়া এবং হেলথ কার্ডের তৌহিদুল ইসলাম সজিব।

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# প্রচারণা ছাড়াই ব্লকবাস্টার 'সাইয়ারা'

আজকাল বিনোদন

মাত্র ১১ দিন আগে মুক্তি পাওয়া মোহিত সুরি পরিচালিত রোমান্টিক সিনেমা 'সাইয়ারা' এখন বলিউডে এক অবিশ্বাস্য সাফল্যের নাম। সম্পূর্ণ নতুন দুই মুখ—আহান পাণ্ডে ও আনিত পাড্ডা অভিনীত এই সিনেমাটি প্রচারণাহীনভাবে মুক্তি পেয়েও ইতিমধ্যে বিশ্বজুড়ে ৪০০ কোটি রুপির বেশি আয় করেছে। এটিই ২০২৫ সালের সবচেয়ে সফল প্রেমের সিনেমা হয়ে উঠেছে।



এই আয় দিয়ে 'সাইয়ারা' টপকে গেছে বলিউডের বেশ কিছু আলোচিত সিনেমাকেও—যেমন, 'কবীর সিং' (৩৭৯ কোটি রুপি) কিংবা 'সিতারে জমিন পার' (২৬৪ কোটি রুপি)। তবে সাফল্যের চেয়েও বেশি আলোচনা তৈরি করেছে এর অদ্ভুত প্রচারণাহীন মুক্তি।

না ছিল কোনো টিভি সাক্ষাৎকার, না কোনো লাইভ অনুষ্ঠান, না সোশ্যাল মিডিয়ায় হাইপ তৈরির চেষ্টা—'সাইয়ারা' যেন এসেছে নীরবে, কিন্তু বাজিমাত করেছে দারুণভাবে।

এর পেছনে ছিল যশরাজ ফিল্মসের ভিন্নধর্মী পরিকল্পনা। প্রযোজনা সংস্থাটির সিইও অক্ষয় বিদানি এক সাক্ষাৎকারে বলেন, 'আমরা চাইনি দর্শকরা আগেই রিল দেখে এই দুই নতুন মুখকে বিচার করে ফেলুক। আমাদের ইচ্ছা ছিল, তারা প্রথমবার তাদের দেখুক সিনেমার পর্দায়—পুরো গল্প ও আবেগের সঙ্গে।'

এ ধরনের প্রচারণাহীন রিলিজকে কেউ কেউ 'ঝুঁকিপূর্ণ' বললেও এখন এটিই প্রমাণ করেছে—কনটেন্টই রাজা। প্রচারের জন্য বিপুল বাজেট না রেখেও সিনেমা যে ব্লকবাস্টার হতে পারে, 'সাইয়ারা' তার সেরা উদাহরণ।

বলিউডে নতুন মুখ নিয়ে এমন লাভজনক রোমান্টিক সিনেমা খুব কমই এসেছে। আর তাই, 'সাইয়ারা' এখন শুধু আরেকটি সফল সিনেমা নয়—এটা হয়ে উঠেছে এক নতুন বিপণন ভাবনার সাহসী উদাহরণ।

৪০০ কোটি আয় করেছে 'সায়ারা': 'সায়ারা' সিনেমাটি মুক্তির পর ১৩ দিন পার করেছে। মোহিত সুরি নির্মিত সিনেমাটি ভারতে আয় করেছে ২৭৩ দশমিক ৫০ কোটি রুপি। আর বিশ্বব্যাপী আয় গিয়ে এসেছে ৪০০ কোটি রুপির ঘরে। সিনেমাটির এই সাফল্য পেছনে ফেলেছে আমির খানের 'সিতারে জমিন পার' (২৬৪ কোটি) এবং শাহিদ কাপুরের 'কবীর সিং'র মতো সুপারহিট সিনেমাকে। 'সাইয়ারা' সিনেমার মাধ্যমে আহান পাণ্ডে ও আনিত পাড্ডার রুপালি পর্দায় অভিষেক হয়েছে। দুই নবাগতকে নিয়ে নির্মিত সিনেমার এমন সাফল্য বলিউডে আর নেই। এমনটাই জানিয়েছে, ভারতীয় গণমাধ্যম 'এনডিটিভি'।

মুক্তির দ্বিতীয় সপ্তাহে এসে সিনেমাটির দৈনিক আয় কিছুটা কমলেও বক্স অফিসে এখনও হিট। গত সোমবার আয় ছিল ৯ এরপর ৩৬ পৃষ্ঠায়



## আহানকে ছাপরি বললেন পরিচালক

আজকাল বিনোদন

'সাইয়ারা' ছবির মুক্তির পর থেকে আহান পান্ডে হয়ে উঠেছেন সকলের প্রিয় নতুন তারকা। তার ব্যাপারে ভক্তদের আগ্রহ বাড়ছেই। এমন সময় ছবির পরিচালক মোহিত সুরি করলেন মজার এক মন্তব্য। তার চোখে আহান পুরো ছাপরি একটা ছেলে। তিনি জানিয়েছেন, আহানের 'ছাপরি' দিকটা ছবির এরপর ৫৩ পৃষ্ঠায়




চব্বিশের ১ আগস্টে প্রতিবাদ

## ভয়াবহ অভিজ্ঞতা জানালেন বাঁধন



আজকাল বিনোদন

জুলাই বিপ্লবে সোচ্চার ছিলেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন। বৃষ্টিতে ভিজে গত বছর ১ আগস্ট রাজধানীর ফার্মগেটে দৃশ্যমাধ্যমের শিল্পীদের সমাবেশে অংশগ্রহণের সেই অভিজ্ঞতা তিনি লিখেছেন ফেসবুকে। তবে এই নিয়ে সরাসরি কোনো কথা বলেননি এই অভিনেত্রী।

বাঁধন বৃহস্পতিবার সকালে ফেসবুকে লিখেছেন, 'রাত থেকেই মানসিকভাবে আমি অতিরিক্ত চাপে ছিলাম। তবে একধরনের উত্তেজনাও বোধ করছিলাম, যে কারণে হয়তো সারা রাত ঘুমাতে পারিনি। ভোরে বিছানা থেকে উঠি। স্নিকার্স পায়ে দিই। কারণ, আমি জানতাম না আমার জীবনে আজ কি ঘটতে যাচ্ছে।' গত বছরের ১ আগস্টের অভিজ্ঞতা প্রসঙ্গে বাঁধন ফেসবুকে লেখেন, 'আমার একমাত্র মেয়ে সেদিন মা-বাবার সঙ্গে ছিল। তারা তিনজনই এরপর ৫৩ পৃষ্ঠায়





## যুক্তরাষ্ট্রের রাস্তায় লাল ফ্রকে মোহময়ী দিঘী



আজকাল বিনোদন

ঢাকাই চলচ্চিত্রের পরিচিত মুখ প্রার্থনা ফারদিন দীঘি। শিশুশিল্পী হিসেবে যাত্রা শুরু করলেও এখন তিনি পূর্ণাঙ্গ নায়িকা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। অভিজ্ঞতা, অভিনয়ের পরিপক্বতা ও সিনেমার সংখ্যাও দিন দিন বাড়ছে তার ঝুলিতে। সর্বশেষ রোজার ঈদে মুক্তি পাওয়া 'জংলি' সিনেমায় দিঘীর পারফরম্যান্স দর্শকদের কাছে প্রশংসিত হয়েছে। তবে সম্প্রতি নতুন কোনো সিনেমা নিয়ে সরাসরি আলোচনায় না থাকলেও সামাজিক মাধ্যমে দারুণভাবে লাইমলাইটে রয়েছেন দীঘি। যুক্তরাষ্ট্র সফরে গিয়ে তিনি নিয়মিতই ছবি ও নানা মুহূর্ত ভাগ করে নিচ্ছেন অনুসারীদের সঙ্গে। এর আগেই তার ভক্তদের চমকে দিয়ে দেখা করেছিলেন ব্যান্ড তারকা জেমসের সঙ্গে।

বৃহস্পতিবার নিজের ইনস্টাগ্রামে দীঘি শেয়ার করেন একগুচ্ছ স্টাইলিশ ছবি। আধুনিক স্থাপত্যশোভিত এক পথ ধরে হাঁটছেন তিনি, কখনও সানগ্লাস হাতে নিয়ে হেসে উঠছেন, আবার কখনও সরাসরি ক্যামেরার দিকে তাকিয়ে দিচ্ছেন মোহনীয় পোজ।

দীঘির পরনে ছিল লাল-সাদা ফ্লোরাল প্রিন্টের মিডি ড্রেস। পোশাকের সঙ্গে মানিয়ে নেওয়া এরপর ৪৬ পৃষ্ঠায়

## পোস্টারেই বাজিমাত, আসছে তারকাবহুল অ্যাকশন ঝড়

আজকাল বিনোদন



সুপারস্টার রাজিনীকান্ত অভিনীত বহুল প্রতীক্ষিত অ্যাকশনধর্মী ছবি 'কুলি'। অবশেষে ট্রেলারের দিনক্ষণ ঘোষণা করল প্রযোজনা প্রতিষ্ঠান সান পিকচার্স। ছবিটি বিশ্বব্যাপী মুক্তি পাচ্ছে আগামী ১৪ আগস্ট। ট্রেলার প্রকাশ পাবে ২ আগস্ট।

ট্রেলারের ঘোষণা দেওয়ার পাশাপাশি প্রকাশিত হয়েছে একটি নতুন তারকাবহুল পোস্টার। সেখানে একসঙ্গে দেখা যাচ্ছে রাজিনীকান্ত, আমির খান, নাগার্জুনা আক্কিনেনি, উপেন্দ্র রাও এবং অন্যান্য তারকাদের।

সান পিকচার্স তাদের এক্স (পূর্বতন টুইটার)-এ লিখেছে, 'অপেক্ষা শেষ হচ্ছে। ট্রেলার আসবে ২ আগস্ট। বিশ্বব্যাপী সিনেমাটি মুক্তি পাবে ১৪ আগস্ট।' ছবির ট্রেলার প্রকাশ উপলক্ষে একটি বিশেষ আয়োজন রাখা হয়েছে ২ আগস্ট। চেন্নাইয়ের জওহরলাল নেহরু ইনডোর স্টেডিয়ামে সেটি অনুষ্ঠিত হবে। সেখানে ছবির প্রধান অভিনেতা রাজিনীকান্ত নিজে উপস্থিত থাকবেন। বক্তব্যও রাখবেন।

লোকেশ কানাগরাজ পরিচালিত 'কুলি' মূলত একজন বয়োজ্যেষ্ঠ সোনার চোরাকারবারিকে ঘিরে নির্মিত। তিনি নিজের পুরনো গ্যাংকে আবার একত্র করে চ্যালেঞ্জ জানাচ্ছেন এক বৃহৎ সোনা চোরাচালান সাম্রাজ্যকে। তারকাবহুল সিনেমাটিতে রাজনীর সঙ্গে আরও দেখা যাবে নাগার্জুনা, আমির খান, উপেন্দ্র রাও, শ্রুতি হাসান, সাবিন শাহির, সত্যরাজসহ আরও অনেককেই। ছবিতে একটি আইটেম গানে নাচতে দেখা যাবে সুন্দরী অভিনেত্রী পূজা হেগড়েকে।

তবে সবকিছু ছাপিয়ে ছবিটিতে আমির খানের অন্তর্ভুক্তি দারুণ উন্মাদনার জন্ম দিয়েছে।

## আসছে ১৬ বছর আগের 'ইত্যাদি'



আজকাল বিনোদন

টেলিভিশনে প্রচার হতে যাচ্ছে ১৬ বছর আগে ধারণ করা ম্যাগাজিন অনুষ্ঠান 'ইত্যাদি'! ১ আগস্ট রাত ৮টার বাংলা সংবাদের পর বাংলাদেশ টেলিভিশনে এটি প্রচার হবে বলে জানা যায়। ২০০৯ সালের আগস্টে প্রথম প্রচারিত হয়েছিল এই পর্বটি। আহসান মঞ্জিলের সামনে বুড়িগঙ্গা নদীর তীরে এক উন্মুক্ত মঞ্চে ধারণ করা হয়েছিল এটি।

এই পর্বে আছে বৃষ্টি নিয়ে একটি গান, পরিবেশন করেছেন সংগীতশিল্পী সামিনা চৌধুরী। গানটির কথা লিখেছেন মোহাম্মদ রফিকউজ্জামান এবং সুর ও সংগীতায়োজন করেছেন প্রয়াত আলী আকবর রুপু।

অনুষ্ঠানের অন্যান্য অংশে থাকছে নীলফামারীর সীমান্তবর্তী গ্রাম ডিমলার প্রতিবন্ধী নারী বানু আক্তারের সংগ্রামী জীবনের গল্প। এরপর ৫৩ পৃষ্ঠায়


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ATIF ASLAM
Live in New York
SATURDAY, SEPT 06, 2025
VENUE: NASSAU COLISEUM
1255 Hempstead Tpke, Uniondale, NY 11553
FOR MORE INFORMATION
CONTACT: 934-444-1863
Design By: ihopeprint.com, 929-538-7903

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection
Certified Training Institute by: SCHEV, BPSS

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়



Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম
লক্ষ্মীপুর ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ, ইন্ক
LAKSHMIPUR DISTRICT SOCIETY,USA,INC.
EIN # 93-1428602
সম্পূর্ণ অরাজনৈতিক, সমাজসেবা ও স্বেচ্ছাসেবী সংগঠন



বার্ষিক বনভোজন
ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

PLACE: HECKSCHER STATE PARK
1 Heckscher State Parkway
East Islip, NY 11730
FIELD 6
তারিখ: ১০ আগস্ট, ২০২৫ রবিবার

সম্মানিত অতিথি, আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ,
অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ, ইন্ক এর উদ্যোগে আগামী ১০ই আগষ্ট রোজ রবিবার ২০২৫ লং আইল্যান্ডের প্রাকৃতিক মনোরম সৌন্দর্য বেষ্টিত হেকশেয়ার ষ্টেট পার্কে বার্ষিক বনভোজন, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২৫ অনুষ্ঠিত হতে যাচ্ছে।
উক্ত বার্ষিক বনভোজন, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে পরিবার ও প্রিয়জন নিয়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ করা যাচ্ছে।

আমন্ত্রণে

আহ্বায়ক
নূর হোসেন বাবুল
ফোন: ৯১৭-৮১৮-৯৬২৪

প্রধান সমন্বয়কারী
তানভীর এইচ চৌধুরী বাবু
মোঃ ইউনুস মিয়া

সদস্য সচিব
মোহাম্মদ মুজিব উল্লাহ্ খান
ফোন: ৯২৯-৪৯৪-৬২৭৭

খেলাধুলা
মহিলাদের বালিশ খেলা
মহিলাদের হাড়ি ভাঙ্গা নিক্ষেপ
বালকদের (৩ গ্রুপ) দৌড় প্রতিযোগিতা
বালিকাদের (৩ গ্রুপ) দৌড় প্রতিযোগিতা
পুরুষদের দৌড় প্রতিযোগিতা

সংগীত পরিবেশন করবেন
শাহ মাহবুব ও রোকসানা মির্জা

আকর্ষনীয় ১২টি র‍্যাফেল ড্র পুরস্কার
৫ ডলার বিনিময়ে

| | |
|---|---|
| ১ম পুরস্কার: | স্বর্ণের নেকলেস |
| ২য় পুরস্কার: | নগদ ১০০০ ডলার |
| ৩য় পুরস্কার: | নগদ ৬০০ ডলার |
| ৪র্থ পুরস্কার: | ৫০ ইঞ্চি স্মার্ট টিভি |
| ৫ম পুরস্কার: | ল্যাপটপ |
| ৬ষ্ঠ পুরস্কার: | ল্যাপটপ |
| ৭ম পুরস্কার: | গ্যালাক্সি ট্যাব |
| ৮ম পুরস্কার: | মোবাইল ফোন |
| ৯ম পুরস্কার: | মোবাইল ফোন |
| ১০ম পুরস্কার: | মাইক্রো ওভেন |
| ১১তম পুরস্কার | মাইক্রো ওভেন |
| ১২তম পুরস্কার | টেবিল ফ্যান |

সার্বিক ব্যবস্থাপনায়: মাকসুদুর রহমান, প্রফেসর একেএম ইব্রাহিম চৌধুরী রতন, আমির হোসেন বাবু, তসলিম উদ্দিন খান, আলমগীর মোল্লা, মোঃ মান্নান মৃধা, মোহাম্মদ পিয়ার, আবুল হোসেন, আবুল হাশেম, ফিরোজ মাহমুদ, ইকবাল হোসেন, শামসুল ইসলাম তরুন, মোঃ নুর নবী, মোহাম্মদ কাশেম খান, সাইফুল মাহমুদ, আব্দুল মজিদ পাটওয়ারী, আব্দুর রহিম, জহিরুল ইসলাম মুকুল, মাহবুব চৌধুরী, মতিউর রহমান, মোঃ মনির হোসেন, মোহাম্মদ আলী, মো: সোলেমান, রাজন চৌধুরী, ফারহানা ইয়াসমিন।

মোহাম্মদ লিয়াকত আলী
সভাপতি
ফোন: ৩৪৭-৪০০-৯৯২২

নূর হোসেন লিটন
সাধারণ সম্পাদক
ফোন: ৯১৭-৩০৫-৯৯৩২

Video & Photo
**PRODUCTION SERVICES**

DFC
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



# Hasna Travel
## হাসনা ট্রাভেল

All International & Domestic
Fly Any Airlines, Anywhere, Anytime

- গত দীর্ঘ ২৭ বছরের অভিজ্ঞতায় বিশ্বস্ততা ও স্বচ্ছতার সাথে আমরা ভ্রমণের শুরু থেকে শেষ পর্যন্ত।
- ভ্রমনকারীদের সাথে প্রতিটি পদক্ষেপে সুপরামর্শ দান করে যথাসাধ্য সুলভ মূল্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্লেনের টিকেটের ব্যবস্থা করে থাকি।
- আমরা অপেক্ষাকৃত কমমূল্যে উমরাহ ভিসাও করে থাকি।



Emirates | Turkish Airlines | QATAR AIRWAYS القطرية | السعودية Saudia

যোগাযোগ :
(646) 496-6879
Email address is : hena3212@gmail.com



WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
**Low Income, No Problem**

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

# মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকার বর্ণাঢ্য বনভোজন






আজকাল রিপোর্ট: অসংখ্য মানিকগঞ্জবাসীদের স্বতস্ফুর্ত অংশগ্রহনের মধ্যদিয়ে অনুষ্ঠিত হয়েছে মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইনক্ এর বনভোজন ও মিলনমেলা। গত ২৭ শে জুলাই লং আইল্যান্ডের সানকেন মেডো স্টেট পার্কে ছিল এই মিলনমেলা ও আনন্দ উৎসব। সকাল থেকেই বনভোজনস্থলে অতিথিদের আগমন শুরু হয়ে এবং দুপুরের মধ্যেই তা জনসমুদ্রে পরিণত হয়। সকালের নাস্তা পরিবেশনের পর পরই প্রধান উপদেষ্টা মোঃ তৈয়বুর রহমান হারুন ও বনভোজন কমিটির আহ্বায়ক মোসলেহ উদ্দিন খান সেলিম এর নেতৃত্বে বেলুন উড়িয়ে উদ্বোধন ঘোষণা করা হয়। এসময় উপস্থিত ছিলেন সভাপতি জিকরুল আমিন জুয়েল, সাধারণ সম্পাদক মোঃ রাশেদ মিয়া, প্রধান সমন্বয়কারী লুৎফর রহমান, আহসান হাবীব, যুগ্ম আহ্বায়ক নাজমা নাজনীন ও আবু সুফিয়ান সহ সংগঠনের অন্যান্য সদস্য ও নেতৃবৃন্দগণ। উদ্বোধনের পূর্ব মুহূর্তে কোরআন থেকে তেলোয়াত ও উপদেষ্টা মোঃ তৈয়বুর রহমান হারুন, আহ্বায়ক মোঃ মোসলেহ উদ্দিন খান সেলিম, সাধারণ সম্পাদক মোঃ রাশেদ মিয়া ও অন্যান্য নেতৃবৃন্দ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তারা বলেন কমিটির ডাকে সাড়া দিয়ে বনভোজন ২০২৫ কে সাফল্য অর্জন ও সহযোগিতা করার জন্য প্রবাসী মানিকগঞ্জবাসী সকল অতিথিদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উদ্বোধনের পরপরই ছোট বড়দের ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়। এই পর্বটি পরিচালনা করেন সজিব আহমেদ ও মোঃ জসিম উদ্দিন।

দুপুরে পরিবেশন করা হয় সুস্বাদু খলিল ফুডের সরবরাহকৃত মজাদার খাবার ও সে সাথে মিষ্টান্ন। আয়োজনে আরও ছিল তরমুজ ও ঝালমুড়ি। এর দায়িত্বে ছিলেন যুগ্ম আহ্বায়ক নাজমা নাজনীন ও অন্যান্য সহযোগীরা। দুপুরের খাবেরর পর শুরু হয় প্রধান আকর্ষন মহিলাদের পিলু পাসিং খেলা এতে প্রায় দুই শতাধিক মহিলা অংশ নেন। বিকালে শুরু হয় অতিথিদের বক্তব্যের পালা। প্রধান অতিথি গিয়াস আহমেদ ও অন্যান্য বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সহ সভাপতি মোঃ মহিউ-দ্দিন দেওয়ান, কামরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ আলী, আক্তার বাবুল, ফখরুল আলম, ফখরুল ইসলাম দেলোয়ার মোঃ বেলাল চৌধুরী, রাফাত হোসেন, রাব্বি সৈয়দ, সাঈদ তারেক, ফরিদ আলম ও অন্যান্য অতিথিবৃন্দগণ। অতিথিদের বক্তব্য প্রদানের পরপরই শুরু হয় র‍্যাফেল ড্র, এতে ছিল মোট ১৭টি আকর্ষনীয় পুরুস্কার তার মধ্যে প্রথম পুরুস্কার ছিল নিউয়র্ক ঢাকা এয়ার টিকেট ও ২য় পুরুস্কারটি ছিল স্বর্নালংকার সেট এর স্পনর ছিলেন মানিকগঞ্জ সমিতির সাবেক সভাপতি ও ইউনাইটেড অটো রিপায়ারিং এর সিইও আব্দুস সালাম আযম। বনভোজনকে সার্থক ও সাফল্যের অংশ হিসেবে যাদের অবদান ছিল স্বরণীয় তারা হলেন মোঃ আবু সুফিয়ান, এবিএম মাহবুব আলম, সামিউল করিম আলমগীর, সজিব আহমেদ, সাইদুর রহমান সানা, মুক্তিযোদ্ধা ফারুক খসরু ও আবু কায়সার চিশতি, মনিউর রহমান জাহাঙ্গীর, জাহিদ ইসলাম, খন্দকার এফ করিম, লিলি আক্তার,শাহনাজ পারভিন রিতা, ইমরান জিহাদী, ডঃ ফয়সল খান প্রমূখ।

সঙ্গীত পরিবেশন এর মাধ্যমে পুরো অনুষ্ঠান মাতিয়ে রাখে যথাক্রমে মরিয়ম মারিয়া, সজল রায়,জহুরা আলিম, আবু সুফিয়ান ও আরো অনেকে। শুরু থেকে শেষ পর্ব্ব সার্বিক উপস্থানার দায়িত্বেছিলেন আহসান হাবীব।




Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave Suite 101C, Kew Gardens NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


ঈদ উপলক্ষে 10% DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2 Jamaica, NY 11432
www.duonest.us
Design by: ihopeprint.com, 929-538-7903

# টানা দুই জয়ের পর হারল যুবারা

আজকাল স্পোর্টস

জিম্বাবুয়ে সফরে ত্রিদেশীয় সিরিজে টানা দুই জয়ের পর হারল টাইগার যুবারা। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ব্যাটিং বিপর্যয়ের কারণে ৫ উইকেটে হেরে টেবিলের দ্বিতীয় পজিশনে নেমে গেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল।



বৃহস্পতিবার জিম্বাবুয়ের হারারেতে টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন বাংলাদেশের অধিনায়ক আজিজুল হাকিম তামিম। তবে শুরু থেকেই ব্যাট হাতে ব্যর্থতার পরিচয় দেন ওপেনাররা। দলীয় মাত্র ২২ রানের মধ্যেই ফিরে যান জাওয়াদ আবরার (৭) ও রিফাত বেগ (৯)। এরপর অধিনায়ক তামিমকে সঙ্গ দিয়ে কিছুটা প্রতিরোধ গড়ে তুলেছিলেন রিজান হোসেন। কিন্তু ৩৮ বল খেলে ১৭ রান করে তিনিও সাজঘরে ফিরলে আবারও ধস নামে। এদিন বাংলাদেশের ইনিংসে সবচেয়ে উজ্জ্বল ছিলেন অধিনায়ক তামিম। ৮১ বল মোকাবেলায় ৫ চার ও ২ ছক্কায় ৫৯ রানের ইনিংস খেলেন তিনি। তবে তাকে কেউ দীর্ঘ সময় সঙ্গ দিতে পারেননি।

দলীয় স্কোর যখন ১১৭, তখন ৫ উইকেট হারিয়ে বসে বাংলাদেশ। এরপর দ্রুতই আরও তিন উইকেট হারিয়ে ১৩০ রানে পড়ে যায় চাপে।

শেষদিকে এক প্রান্ত আগলে রেখে লড়াই চালিয়ে যান কালাম সিদ্দিকী। ৬১ বলে ৩টি চার ও ১টি ছক্কায় ৪৯ রানে অপরাজিত থাকলেও সঙ্গীর অভাবে দলের স্কোর আর এগোয়নি। ৪৪.৫ ওভারে সবকটি উইকেট হারিয়ে বাংলাদেশ থামে ১৭৫ রানে।

দক্ষিণ আফ্রিকার পক্ষে বল হাতে জ্বলে উঠেছেন জেসন রয়েলসজেনেন ৩টি উইকেট। এছাড়া এনটানডো সনি ও বায়াণ্ডা মাজুলা নিয়েছেন ২টি করে উইকেট।

টার্গেট তাড়া করতে নেমে ৭৯ বল হাতে রেখেই জয়ের বন্দরে পৌঁছে যায় দক্ষিণ আফ্রিকা। দলের জয়ে ৭৮ বলে ৭টি বাউন্ডারির সাহায্যে সর্বোচ্চ ৫৬ রান করেন আরমান ম্যানাক। ৪৯ বলে ৪টি চার আর এক ছক্কায় দ্বিতীয় সর্বোচ্চ ৪১ রান করেন অধিনায়ক জেসন রোলস। ২২ বলে ২১ রানের অনবদ্য ইনিংস খেলে দলকে জয়ের বন্দরে পৌঁছে দেন বিহান পিটোরিয়াস।

## এশিয়া কাপে ফাইনাল খেলার মতো দল বাংলাদেশ : খালেদ আহমেদ



আজকাল স্পোর্টস

আগামী ৯ সেপ্টেম্বর সংযুক্ত আরব আমিরাতে গড়াবে এশিয়া কাপ। বাংলাদেশ ১১ সেপ্টেম্বর হংকংয়ের বিপক্ষে ম্যাচ দিয়ে প্রতিযোগিতা শুরু করবে। এরপর ১৩ সেপ্টেম্বর তাদের প্রতিপক্ষ শ্রীলঙ্কা। ১৬ সেপ্টেম্বর বাংলাদেশ খেলবে আফগানিস্তানের বিপক্ষে। এই টুর্নামেন্টে ফাইনাল খেলার মতো দল বাংলাদেশ- এমনটাই মনে করছেন পেসার খালেদ আহমেদ।

এশিয়া কাপে বাংলাদেশ খেলবে 'বি' গ্রুপে। বাংলাদেশ দলের পেসার খালেদ মনে করেন, কঠিন গ্রুপে পড়লেও বাংলাদেশ অনেক পথ পাড়ি দেবে।

এক প্রশ্নের জবাবে খালেদ বলেছেন, 'আমার বিশ্বাস, আমরা এশিয়া কাপের ফাইনাল খেলার মতো একটি দল। আমরা যে গ্রুপে আছি সেখান থেকে দুই-তিনটি ম্যাচ জিততে পারলেই আমরা ফাইনালে যেতে পারবো।'

টেস্টে মোটামুটি নিয়মিত হলেও সীমিত ওভারের ক্রিকেটে খালেদকে দেখা পাওয়া কঠিন। ওয়ানডেতে সর্বশেষ ম্যাচ খেলেছেন এরপর ৩৬ পৃষ্ঠায়



সংবাদ সম্মেলনে আফঈদা-বাটলার

## লাওসে এবার চূড়ান্ত পর্বের স্বপ্ন আফঈদাদের

আজকাল স্পোর্টস

কিছু দিন আগে সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে শিরোপা জিতেছে বাংলাদেশ। এবার তাদের সামনে এএফসি অনূর্ধ্ব-২০ টুর্নামেন্টের বাছাই পর্বের মিশন। চূড়ান্ত পর্বে জায়গা করে নেওয়ার লক্ষ্যে শনিবার লাওসে যাচ্ছে পিটার বাটলারের দল।

বৃহস্পতিবার বিকালে বাফুফে ভবনে সংবাদ সম্মেলন হয়েছে। সেখানে অধিনায়ক আফঈদা খন্দকার বলেছেন, 'আমরা সেখানে ভালো খেলে কোয়ালিফাই করার জন্যই যাচ্ছি। আমরা টানা খেলার মধ্যে আছি। সাফে সবাই গেম টাইম পেয়েছে। আমরা এশিয়ান কাপ বাছাইয়ে যারা খেলেছি, তারা কিছুটা বিশ্রাম নিয়েই খেলেছি। ফলে তেমন ক্লান্তি নেই।'

বাংলাদেশের গ্রুপে দক্ষিণ কোরিয়া ফেভারিট। স্বাগতিক লাওস ও তুর্কমেনিস্তান অন্য দুই প্রতিপক্ষ। বাছাইয়ে আট গ্রুপের চ্যাম্পিয়ন ও সেরা তিন রানার্সআপ আগামী বছর থাইল্যান্ডে মূল পর্বে খেলবে। দক্ষিণ কোরিয়ার গ্রুপে পড়ায় বাংলাদেশের চোখ সেরা তিন রানার্সআপে।

কোচ পিটার বাটলার বলেছেন, 'দক্ষিণ কোরিয়া এই অঞ্চলের (মহাদেশের) সেরা দল। নিঃসন্দেহে তারা অনেক এগিয়ে ও অনেক ভালো দল। আমাদের প্রথম ম্যাচ লাওসের সঙ্গে। সেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। ওই ম্যাচ জিতে আমরা এগিয়ে থাকতে চাই।'

বাংলাদেশ এএফসি অনূর্ধ্ব-১৬ নারী টুর্নামেন্টে দুইবার মূল পর্বে খেলেছে। অনূর্ধ্ব-২০ আসরে সেই কীর্তি নেই। ছয় বছর আগে সেই স্মৃতি মনে করিয়ে দিলে কোচ বলেছেন, 'এটা ২০২৫ সাল, ২০১৯ নয়। আগে কী হয়েছে সেটা দেখার বিষয় এরপর ৩৬ পৃষ্ঠায়



## সিউলে বার্সেলোনার গোল উৎসব

আজকাল স্পোর্টস

প্রাক-মৌসুমের এশিয়ান সফরে বার্সেলোনা বিধ্বস্ত করলো দক্ষিণ কোরিয়ান ক্লাবকে এফসি সিউলকে। বৃহস্পতিবার লামিনে ইয়ামাল ও বদলি নামা ফেরান তোরেসের জোড়া গোলে উৎসব করেছে লা লিগা চ্যাম্পিয়নরা। সিউল বিশ্বকাপ স্টেডিয়ামে তারা জিতেছে ৭-৩ গোলে।

ইয়ামাল, রাফিনহা ও রবার্ট লেভানডোভস্কিকে এদিন শুরুর একাদশে রাখেন বার্সা কোচ হ্যান্সি ফ্লিক।

লেভানডোভস্কি ও ইয়ামালের শটে ২-০ তে পিছিয়ে পড়ার পর স্বাগতিকরা দুই গোল শোধ দেয়। ইয়াং উক চো ও ইয়াজান আল-আরাবের গোলে সমতা ফেরায় সিউল। তবে ইয়ামাল হাফটাইমের আগে স্কোর ৩-২ করেন। ফ্রেঙ্কি ডি ইয়াংয়ের পাস থেকে বক্সের মধ্যে বল নিয়ন্ত্রণে নিয়ে ফাঁকা জায়গা বের করে বাঁ পায়ের শটে বার্সাকে লিড এনে দেন তিনি।

বিরতিতে বার্সা ১১টি পরিবর্তন আনে। মার্কাস র‌্যাশফোর্ড বেঞ্চ থেকে মাঠে নামেন। ম্যানইউ থেকে বার্সেলোনায় ধারে খেলতে এসে এই ইংলিশ ফরোয়ার্ড প্রথম গোলের খুব কাছে ছিলেন। কিন্তু দুইবার তাকে ফিরিয়ে দেন স্বাগতিক কিপার। বদলি নেমে আন্দ্রেস ক্রিস্টেনসেন, তোরেস ও তারপ্রাপ্ত অধিনায়ক গাভি জালের দেখা পান।

৮৬ মিনিটে সিউল আবার গোল করে। বদলি নামা হান-মিন জুং জাল খুঁজে পান। তবে শেষ বাঁশি বাজার আগে তোরেস তার দ্বিতীয় গোল করেন।

প্রাক-মৌসুমের প্রথম ম্যাচে বার্সা ৩-১ গোলে হারায় ভিসেল কোবেকে। ৪ আগস্ট দক্ষিণ কোরিয়ার দায়েগু এফসির বিপক্ষে ম্যাচ খেলে শেষ হবে এই সফর।

## ম্যানচেস্টার ইউনাইটেডের দুর্দান্ত জয়!

আজকাল স্পোর্টস




প্রিমিয়ার লিগ সামার সিরিজের প্রস্তুতি টুর্নামেন্টে টানা দ্বিতীয় জয় তুলে নিয়েছে ম্যানচেস্টার ইউনাইটেড। বুধবার রাতে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরের সোলজার ফিল্ডে বৃষ্টিভেজা ও দমকা হাওয়ামাখা এক সন্ধ্যায় বোর্নমাউথকে ৪-১ গোলে হারিয়েছে রুবেন আমোরিমের দল।

ইউনাইটেডের হয়ে গোল করেছেন রাসমুস হয়লুন্ড, প্যাট্রিক ডোরগু, আমাদ দিয়ালো এবং তরুণ মিডফিল্ডার ইথান উইলিয়ামস। ম্যাচের শেষদিকে একটি আত্মঘাতী গোল করেছেন ইউনাইটেড ডিফেন্ডার মাতাইস ডি লিট।

প্রথমার্ধের শুরু থেকেই ম্যাচের নিয়ন্ত্রণ নিজেদের হাতে নিয়ে ইউনাইটেড এগিয়ে যায় ৮ মিনিটেই। ডোরগু বাঁ দিক থেকে দুর্দান্ত এক ক্রস বাড়ান, আর ডেনমার্কের জাতীয় দলের সতীর্থ হয়লুন্ড নিখুঁত টাইমিংয়ে মাথা ছুঁইয়ে বল পাঠিয়ে দেন বোর্নমাউথের গোলরক্ষক জর্জ পেত্রোভিচের জালে।

২৫ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন ডোরগু নিজেই। মেসন মাউন্টের দ্রুত নেওয়া এক ফ্রি-কিক থেকে বল পেয়ে ডি বক্সে ঢুকে ঠান্ডা মাথায় গোল করেন তরুণ এই ডিফেন্ডার।

বিরতির পর ৫৩ মিনিটে ইউনাইটেডের তৃতীয় গোলটি আসে আমাদ দিয়ালোর পা থেকে। এরপর কোচ আমোরিম একসঙ্গে ৯ জন খেলোয়াড় বদল করে দেন। বদলি হিসেবে মাঠে নামা ১৮ বছর বয়সী ইথান উইলিয়ামস মাত্র দুই মিনিটেই গোল করে ৪-০ ব্যবধানে এগিয়ে দেন ইউনাইটেডকে।

৮৮ মিনিটে আত্মঘাতী গোল করে ইউনাইটেডের এরপর ৩৬ পৃষ্ঠায়

## সালাউদ্দিনের চুক্তির মেয়াদের সঙ্গে বেতনও বেড়েছে



আজকাল স্পোর্টস

বাংলাদেশ জাতীয় দলের সিনিয়র সহকারী কোচ মোহাম্মদ সালাউদ্দিনের সঙ্গে বিসিবির চুক্তির মেয়াদ বাড়ানো হয়েছে। ২০২৭ সালের নভেম্বর পর্যন্ত তিনি থাকছেন। শুরুতে স্বল্পমেয়াদে যুক্ত হলেও তার কাজে সন্তুষ্ট হয়ে দীর্ঘমেয়াদে দায়িত্ব দিয়েছে বোর্ড। নতুন চুক্তি অনুযায়ী প্রতি মাসে তিনি বেতন পাবেন প্রায় ১০ লাখ টাকা, যা আগের তুলনায় উল্লেখযোগ্য এরপর ৩৬ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rottoserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City
CONTACT:
CELL: +1 (347) 294-9697


# ভয়াবহ অভিজ্ঞতা জানালেন বাঁধন

৪৬ পৃষ্ঠার পর

জানত না আমি কোথায় যাচ্ছি। আমি তাদের এতটুকুই বলেছিলাম, কিছু মিডিয়ার বন্ধু মিলে একটা ইভেন্টে যাচ্ছি। তারপরেই শঙ্কা নিয়ে বাসা থেকে বের হই। দৃশ্যমাধ্যমের এই আন্দোলন জোরালো করতে আগে থেকেই ব্যানার, পোস্টারসহ যাবতীয় কিছু প্রস্তুত ছিল। বাসা থেকে বের হয়েই আমি চলে যাই নিকেতন। সেখান থেকে ব্যানার, প্ল্যাকার্ড, মাইক ঝুঁকি নিয়ে গাড়িতে নিয়ে নেই। তখন কারফিউ ছিল। এর মধ্যে আমরা জানতাম না সামনে কি হতে চলেছে। আমার ড্রাইভারকে বলেছিলাম আপনার সঙ্গে মোবাইল আছে, যদি কিছু ঘটে ভিডিও করে রাখবেন। ড্রাইভার ভিতুর মতো আমার দিকে তাকিয়ে ছিল, আমিও ভীত ছিলাম সেই সময়।'

'সেই সময় ক্রমেই তারকা, শিল্পী, কলাকুশলীরাসহ সাংস্কৃতিক অঙ্গনের মানুষেরা মানিক মিয়া অ্যাভিনিউতে ভিড় করতে থাকেন। সময়টা ছিল ১১টার মতো। এর মধ্যে বৃষ্টি দেখা দেয়। আমি খামারবাড়ি এলাকায় বাবার গাড়িটি রেখে ফুটপাতে অপেক্ষা করি। আরও কয়েকজনকে দেখি। পুলিশ এসে বলে আমরা কোনো সভা বা প্রতিবাদ করতে পারব না। কারণ, পাশেই প্রধানমন্ত্রীর বাসভবন। তখনই রাজীব ভাই, মোমেন ভাই, মামুন ভাই এলেন। প্রোগ্রাম বাতিল করতে সিনিয়র পুলিশ তাদের কনভিন্স করার চেষ্টা করলেন। আমি চুপচাপ এসব দেখে সামনে পা বাড়ানো শুরু করি- যোগ করেন বাঁধন।

সেই সময় পুলিশের সঙ্গে তর্কে জড়ান এই অভিনেত্রী। কারণ পুলিশ তাদের নিরাপত্তার কারণে বারবার সরে যেতে বলেন। এই অভিনেত্রী লেখেন, 'পুলিশ কর্মকর্তারা আমাদের ভয়ও দেখান। কারণ, আমরা সরকারকে অবজ্ঞা করে প্রতিবাদে সোচ্চার হতে যাচ্ছিলাম। কথা কাটাকাটির একপর্যায়ে ফার্মগেট আনন্দ সিনেমা হলের সামনে প্রতিবাদের অনুমতি পাই।'

'কোটা সংস্কার আন্দোলনে সরকারের কঠোর দমনপ্রক্রিয়া ও গুলিতে ছাত্র-জনতা হত্যার প্রতিবাদে অংশ নেওয়ার সেই অভিজ্ঞতার প্রসঙ্গে বাঁধন লেখেন, 'তারা চেষ্টা করেছিল মামুন ভাইকে গাড়িতে করে নিয়ে যেতে। কিন্তু শিমু আপা, রাজীব ভাই সবাই মিলে আমরা হেঁটে ফার্মগেট চলে আসি। পুলিশ আমাদের ওপর খুশি ছিল না। পরে বৃষ্টির মধ্যে ব্যানার নিয়ে আমরা রাস্তায় দাঁড়িয়ে যাই। আমি শিক্ষার্থীদের ন্যায়বিচারের সঙ্গে ঐকমত্য পোষণ করি। এটা ছিল আমার জীবনের সেরা পাওয়ার ফুল মোমেন্টস। আমি কখনোই দিনটির কথা ভুলব না।'

১ আগস্টের সেই দিন শিল্পী, নির্মাতা ও কলাকুশলীদের নেতারা প্রতিবাদ ও নিন্দা জানিয়ে বক্তব্য দেন। অনেক সাধারণ মানুষও শিল্পীদের সঙ্গে এই সমাবেশে অংশ নেন। এখানে জমায়েত বেশ বড় হয়ে ওঠে। সেই সময় বক্তাদের মধ্যে ছিলেন মামুনুর রশীদ, আফজাল খান, পিপলু আর খান, ঝুনু সাত্তার, আমরিন মুনা, আশফাক নিপুন, মোস্তফা কামাল, সুবর্ণা মুস্তাফাসহ অনেকে। বৃষ্টির কারণে সবাই বক্তব্য সংক্ষিপ্ত করেছেন। শিক্ষার্থীদের সঙ্গে সংহতি প্রকাশ করতে আরও উপস্থিত ছিলেন নির্মাতা নূরুল আলম আতিক, মাতিয়া বানু শুকু, রেদওয়ান রনি, তানিম নূর, নুহাশ হুমায়ূন, সৈয়দ আহমেদ শাওকী, আদনান আল রাজীব, শঙ্খ দাশগুপ্ত, অভিনয়শিল্পী ইরেশ যাকের, নিয়াম আহমেদ, জাকিয়া বারী মম, সুবর্ণা শাহেদ, মোস্তফা মনওয়ার, দিপু ইমাম, নাফিসা নূর, প্রবর রিপন, শ্যামল মাওলা, রাফিয়াত রশিদ মিথিলাসহ আরও অনেকে।



# আসছে ১৬ বছর আগের 'ইত্যাদি'

৪৬ পৃষ্ঠার পর

